# জাগোবাংলা

মা মাটি মানুষের পক্ষে সওয়াল

e-paper :www.epaper.jagobangla.in /DigitalJagoBangla /jagobangladigital /jago_bangla www.jagobangla.in

বর্ষ - ২১, সংখ্যা ২৫ ● ১৮ জুন, ২০২৫ ● ৩ আষাঢ় ১৪৩২ ● বুধবার ● দাম - ৪ টাকা ● ১৬ পাতা ● Vol. 21, Issue - 25 ● JAGO BANGLA ● WEDNESDAY ● 18 JUNE, 2025 ● 16 Pages ● Rs-4 ● RNI NO. WBBEN/2004/14087 ● KOLKATA


## বাতিল বিমান

ফের বাতিল এয়ার ইন্ডিয়ার লন্ডনগামী বিমান। মঙ্গলবার দুপুর ১টা ১০ নাগাদ ওড়ার কথা ছিল। যান্ত্রিক ত্রুটির কারণে বাতিল করা হয় আমেদাবাদ থেকে ওড়ার আগেই। টাকা ফেরত দেওয়া হবে যাত্রীদের



## বর্ষামঙ্গল



দক্ষিণবঙ্গে প্রবেশ করল বহু প্রত্যাশিত বর্ষা। সমুদ্র উত্তাল হবে। ৫০-৬০ কিমি বেগে দমকা ঝোড়ো বাতাস বইবে। মৎস্যজীবীদের নিষেধাজ্ঞা। সক্রিয় মৌসুমী অক্ষরেখা। এর প্রভাবে বৃষ্টি শুরু রাজ্যের জেলায় জেলায়

## ওড়িশায় কলেজ পড়ুয়াকে ১৩ জন মিলে গণধর্ষণ



## আমেদাবাদে ১৩৫ জনের দেহ শনাক্ত, হস্তান্তর ১০১






■ সাংবাদিক বৈঠকে অরূপ চক্রবর্তী ও সমীর চক্রবর্তী। মঙ্গলবার।

### পহেলগাঁও-কাণ্ডের ৫৬ দিন পার

# অভিষেকের পাঁচ প্রশ্নের উত্তর দিতে ব্যর্থ কেন্দ্র

**প্রতিবেদন :** পহেলগাঁও-কাণ্ডের পর ৫৬ দিন পেরিয়ে গিয়েছে কিন্তু কোনও প্রশ্নেরই সমাধান নেই কেন্দ্রের বিজেপি সরকারের কাছে। সোমবার তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় পাঁচটি প্রশ্ন ছুঁড়ে দিয়েছিলেন কেন্দ্রীয় সরকারের কাছে। উত্তর নেই ৫৬ দিন পরেও। আর সে নিয়েই ফের মঙ্গলবার তৃণমূলের দুই নেতা সমীর চক্রবর্তী ও অরূপ চক্রবর্তী তোপ দাগলেন কেন্দ্রের বিরুদ্ধে। সোমবার অভিষেক কোন পাঁচটি প্রশ্ন তুলেছিলেন? প্রশ্নগুলি হল— ১. ভারতীয় সীমান্ত দিয়ে কীভাবে ঢুকল জঙ্গিরা? বিএসএফ থেকে শুরু করে নিরাপত্তরক্ষীরা কোথায় ছিলেন? ২. যদি গোয়েন্দা ব্যর্থতাই হয়ে থাকে তাহলে গোয়েন্দাকর্তার চাকরির মেয়াদ কেন বৃদ্ধি করা হল এবং তাও আবার হামলার একমাস পরে? তিরস্কারের বদলে পুরস্কার! ৩. সন্ত্রাসবাদীরা যারা হামলা চালাল তারা কোথায়? (এরপর ১০ পাতায়)

# আজ থেকে স্নাতকে ভর্তি



**প্রতিবেদন :** আনুষ্ঠানিকভাবে খুলে গেল স্নাতকস্তরে ভর্তির কেন্দ্রীয় পোর্টাল। মঙ্গলবার বিকাশ ভবনে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু এই পোর্টালের উদ্বোধন করেন। ছাত্রছাত্রীদের সুবিধা-অসুবিধার কথা মাথায় রেখে এআই প্রযুক্তি-সহ একাধিক বিষয়ে পরিবর্তন এনেছে শিক্ষাবিভাগ। সেই সঙ্গে আরও সরলীকরণ করা হয়েছে ভর্তির প্রক্রিয়ায়।

এদিন শিক্ষামন্ত্রী জানান, ১৮ জুন সকাল ১০টা থেকে আবেদন করা যাবে। প্রথম পর্যায়ের আবেদনের শেষ তারিখ ১ জুলাই। চলতি বছরে ১৭টি সরকার-অনুমোদিত বিশ্ববিদ্যালয়ের ৪৬০টি কলেজে (এরপর ১২ পাতায়)

# চিকিৎসার নামে লুঠ বন্ধে পাশ হল বিল

**প্রতিবেদন :** প্রিয়জনের চিকিৎসার জন্য ঘটি-বাটি বিক্রি করে পথে বসেছে এরকম পরিবারের সংখ্যা ভূরি ভূরি। বেসরকারি হাসপাতালে একবার রোগী নিয়ে গেলে জীবনের সর্বস্ব চলে যাওয়াও বিচিত্র নয়। চিকিৎসার নামে কার্যত লুঠ চলে। এবার এই মারাত্মক প্রবণতা বন্ধ করতে কড়া বিল আনল রাজ্য সরকার। দ্য ওয়েস্ট বেঙ্গল ক্লিনিক্যাল এস্টাব্লিশমেন্টস (রেজিস্ট্রেশন, রেগুলেশন অ্যান্ড ট্রান্সপারেন্সি) (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০২৫। যা মঙ্গলবার রাজ্য বিধানসভায় পাশ হয়ে গেল। এবার থেকে বেসরকারি হাসপাতালগুলিকে চিকিৎসার খরচের প্যাকেজ রোগীর পরিবারকে জানাতে হবে। এর বাইরে অতিরিক্ত টাকা নেওয়া যাবে না। বিলে বলা হয়েছে, প্রতিটি বেসরকারি হাসপাতাল ও নার্সিংহোমকে চিকিৎসা-সংক্রান্ত খরচের তালিকা প্রকাশ্যে রাখতে হবে। দৈনিক চিকিৎসা খরচের আপডেট দিতে হবে। যাবতীয় রেকর্ড রোগীকে দিতে হবে এবং তা সংরক্ষণ করতেও হবে। সরকারি গাইডলাইন ছাড়িয়ে অতিরিক্ত খরচ নেওয়া যাবে না। স্বাস্থ্য প্রতিমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য বলেন, ২ লিটার জল খেয়ে ২০ লিটার দেখিয়ে, ৫টা ওষুধে ৫ লক্ষ টাকার বিল— এটা আর চলবে না। মন্ত্রীর সংযোজন, এই ধরনের জনমুখী বিল সারা (এরপর ১২ পাতায়)

### ক্লিনিক্যাল এস্টাব্লিশমেন্ট সংশোধনী বিল পাশ হল মঙ্গলবার বিধানসভায়



- প্রতিদিন চিকিৎসার খরচের আপডেট দিতে হবে
- প্যাকেজের বাইরে বাড়তি টাকা নয়
- প্যাকেজের তালিকা টাঙাতে হবে
- রোগীর যাবতীয় রেকর্ড সংরক্ষণ করতে হবে
- দু'লিটার জল দিয়ে ২০ লিটার দেখানো বা ৫টি ওষুধ দিয়ে ৫ লক্ষ বিল দেওয়া চলবে না
- রেগুলেটরি কমিশনের নজরদারিতে অ্যাক্ট বাস্তবায়িত হবে
- ডিজিটাল প্রেসক্রিপশন চালুর জন্য রাজ্য নিজস্ব সফ্‌টওয়্যার তৈরি করবে

# জলাভূমি ভরাটে কড়া রাজ্য, বোঝালেন চন্দ্রিমা



**প্রতিবেদন :** রাজ্যে জলাভূমির চরিত্র বদল করা আইনত নিষিদ্ধ। জলাভূমি ভরাটের অভিযোগ প্রমাণিত হলে অভিযুক্তকে সর্বোচ্চ তিন বছর পর্যন্ত কারাদণ্ড এবং পাঁচ লক্ষ টাকা জরিমানা দিতে হতে পারে বলে পরিবেশমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য জানিয়েছেন। মঙ্গলবার বিধানসভায় এক বিধায়কের প্রশ্নের উত্তরে মন্ত্রী জানান, জলাভূমির উপর বালি বা মাটি ফেলে তার প্রকৃতি নষ্ট করার চেষ্টা করা হলে পরিবেশ সংরক্ষণ আইনের আওতায় তা অপরাধ হিসেবে গণ্য হবে এবং কড়া শাস্তির মুখে পড়তে হবে। রাজ্য সরকার জলাভূমি রক্ষায় প্রতিশ্রুতিবদ্ধ এবং এই বিষয়ে কোনওরকম শিথিলতা বরদাস্ত করা হবে না। চন্দ্রিমা ভট্টাচার্য জানিয়েছেন, জলাভূমি সংরক্ষণ ও ব্যবস্থাপনার জন্য গঠিত হয়েছে স্টেট ওয়েটল্যান্ড অথরিটি। (এরপর ১২ পাতায়)

## দিনের কবিতা

'জাগোবাংলা'য় শুরু হয়েছে নতুন সিরিজ— 'দিনের কবিতা'। মমতা বন্দ্যোপাধ্যায়ের কবিতাবিতান থেকে একেকদিন এক-একটি কবিতা নির্বাচন করে ছাপা হবে দিনের কবিতা। সমকালীন দিনে যার জন্ম, চিরদিনের জন্য যার যাত্রা, তা-ই আমাদের দিনের কবিতা।



### আত্মবিশ্বাস

আমি আত্মবিশ্বাসকে আহ্বান করি
আত্মনিবেদনকে আমি আঁকড়ে ধরি।
আমার বিশ্বাস পাষাণ টুটে
ধেয়ে যায় ব্যাকুল বেগে,
আমার মন পর্বত শিখরে
পৌঁছে যায় সবার আগে।
আমার হৃদয় নীলজ নীল
গগনে ঘটায় সমারোহ
আমার রাগ চাঁদের দেশে তৈরি করে সেই
আমার পরিধি ধুলায় ধূসরে
আমার শক্তি মাটি প্রান্তরে,
আত্মবিশ্বাস জাগায় আবেগ
আমার চলার প্রতিক্ষণ দুরন্ত গতিবেগ।
বিশ্বাস জাগায় কাজের প্রেরণা
আস্থা ও ভক্তি চলার জমানা
একে অপরের পরম বন্ধু
বিশ্বাস ও আস্থাই আত্মবিশ্বাসের
সবচেয়ে বড় মহাসিন্ধু।



# বাংলাদেশ থেকে ফিরলেন আরও ২ জন

**প্রতিবেদন :** ভাষা ও ধর্মের ভিত্তিতে বাংলার নাগরিকদের বাংলাদেশে পুশব্যাক যে অবৈধ, তা প্রমাণ হয়ে গিয়েছে। অমিত শাহের দফতরকে ভুল স্বীকার করে ফেরাতে হচ্ছে তাঁদের। পরিযায়ী শ্রমিক কল্যাণ বোর্ড ও পশ্চিমবঙ্গ পুলিশের তৎপরতায় এখন পর্যন্ত বাংলায় ফেরানো হল সাত পরিযায়ী শ্রমিককে। বিজেপির ডবল ইঞ্জিন রাজ্যগুলির পর্দাফাঁস হতেই মুম্বই পুলিশ ও বিএসএফ-কে ৩ প্রশ্নবাণ ছুঁড়েছে তৃণমূল। (এরপর ৯ পাতায়)

## ভেবেছেন কী! গলাবাজি করে জাজমেন্ট পাশ করাবেন?

# সভ্যতা শিখুন... বাম আইনজীবী শামিমকে ক্ষুব্ধ বিচারপতি

**প্রতিবেদন :** সাধারণত স্কুলের বেয়াদপ ছাত্রদের সিধে করতে, পড়ায় মনোযোগী করতে মাস্টার মশাইরা ব্যাপক ধমক দিতেন। বা এখনও দিয়ে থাকেন। তাতেও কাজ না হলে দু'-চার ঘা পড়াটা অস্বাভাবিক নয়। নইলে নিদেনপক্ষে ক্লাসের বাইরে নীল ডাউন তো আছেই। কিন্তু তাই বলে ভরা এজলাসে এক বেয়াদপ আইনজীবীকে ব্যাপক ধমক দিচ্ছেন বিচারপতি! আর এতক্ষণ ধরে চিলচিৎকার করে নিজেকে জাহির করা আইনজীবী এই রাম ধমক খেয়ে ভিজে বেড়াল হয়ে গিয়েছেন। গলা দিয়ে আর আওয়াজ বেরোচ্ছে না। এই ঘটনা কলকাতা হাইকোর্টের। ২০১৬ সালের প্রাথমিকের চাকরি সংক্রান্ত একটি মামলার শুনানি চলাকালীন বিচারপতি সৌগত ভট্টাচার্য হার্মাদ আইনজীবী ফিরদৌস শামিমকে (ব্যাপক চেঁচিয়ে লম্ফঝম্প করে কথা বলছিলেন) প্রচণ্ড ধমক দিয়ে বলছেন, আপনি এত চিৎকার (এরপর ১০ পাতায়)



■ শামিমকে ধমকাচ্ছেন বিচারপতি সৌগত ভট্টাচার্য। মঙ্গলবার।

# নানা রকম

জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল



## তারিখ অভিধান



**২০১০**
**হোসে সারামাগো** (১৯২২-২০১০) এদিন পরলোক গমন করেন। ১৯৯৮-তে সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন। ১৯৪৭-এ তাঁর প্রথম উপন্যাস 'তেরা দো পেকাদো' অর্থাৎ 'পাপের জমিন' প্রকাশিত হয়। ১৯৯১-তে প্রকাশিত 'উএভানজেলোসেগুনদো জেসাস ক্রিস্তো' অর্থাৎ 'যে গসপেল যিশুখ্রিস্টকে অনুসরণ করে' ইউরোপীয় ইউনিয়ন সাহিত্য পুরস্কারের জন্য মনোনীত হয়। কিন্তু গির্জার চাপে পর্তুগিজ সরকার এতে বাদ সাধে। অভিমান করে হোসে সারামাগো কানারি দ্বীপপুঞ্জে স্বেচ্ছানির্বাসনে চলে যান। আর দেশে ফেরেননি। স্পেনে তাঁর মৃত্যু হয়।




**১৯৪৬**
**গোয়ার লোন্ডাতে** পর্তুগিজ শাসকের বিরুদ্ধে বিক্ষোভের নেতৃত্ব দেন ডাঃ রামমনোহর লোহিয়া।



**১৯৮০**
**শকুন্তলা দেবী**
দুটি ১৩ অঙ্ক-বিশিষ্ট সংখ্যার গুণফল ২৮ সেকেন্ডের মধ্যে বের করে সবাইকে চমকে দেন।

**১৮১৫ ওয়াটারলু যুদ্ধে** পরাস্ত হলেন নেপোলিয়ন। ইউরোপের বুকে ফ্রান্সের ২৩ বছরের একাধিপত্যের অবসান হল এদিন।





**১৯৩৬**
**ম্যাক্সিম গোর্কি** (১৮৬৮-১৯৩৬) এদিন মারা যান। আসল নাম আলেক্সেই ম্যাক্সিমোভিচ পেশকভ। রুশ সাহিত্যিক। তাঁর অনেক বিখ্যাত রচনার মধ্যে 'মা' একটি কালজয়ী উপন্যাস। তিনি সাহিত্যে নোবেল পুরস্কারের জন্য পাঁচবারের জন্য মনোনীত হয়েছিলেন। স্ট্যালিন জমানায় ১৯৩৪-এর ডিসেম্বরে সের্গেই কিরভকে হত্যার পরে মস্কোর কাছে গোর্কিকে তাঁর বাড়িতে অঘোষিতভাবে গৃহবন্দি করা হয়েছিল। সেই অবস্থাতেই নিউমোনিয়ায় আক্রান্ত হয়ে মৃত্যু হয় তাঁর।



**১৯১৮**
**অরবিন্দ মুখোপাধ্যায়** (১৯১৮-২০১৬) এদিন জন্মগ্রহণ করেন। চলচ্চিত্র পরিচালক ও চিত্রনাট্যকার। বাংলার খ্যাতনামা সাহিত্যিক বলাইচাঁদ মুখোপাধ্যায়— বনফুল— তাঁর দাদা ছিলেন। তাঁর অগ্নীশ্বর, নিশিপদ্ম, নতুনজীবন, মৌচাক, ধন্যি মেয়ে প্রভৃতি ছবি নিয়ে বাঙালির মুগ্ধ আলোচনা কখনও থেমে থাকেনি। বাংলা ছবির ব্রহ্মা-বিষ্ণু-মহেশ্বর সত্যজিৎ-ঋত্বিক-মৃণালদের দাপটে বরাবরই খানিকটা যেন স্বীকৃতি পাওয়ার ক্ষেত্রে পিছিয়ে পড়েছেন সে-যুগের পরিচালকদের একাংশ। অরবিন্দ মুখোপাধ্যায়ও সেই দলেই পড়বেন। তবে আম-দর্শকদের মনে স্থায়ী জায়গা করে নেওয়ায় ঢুলুবাবুদের জুড়ি মেলা ভার।

**১৯৮৩ স্যালি রাইড মহাকাশে যাত্রা করেন।** তিনিই প্রথম মার্কিন মহিলা নভশ্চর। মহাকাশযান চ্যালেঞ্জার-এ তাঁর সহযাত্রী ছিলেন আরও চারজন মহাকাশযাত্রী।



## পার্টির কর্মসূচি




মঙ্গলবার পশ্চিম মেদিনীপুর জেলা আম উৎসব মেলার উদ্বোধন করলেন বিধায়ক সুজয় হাজরা ও জেলা সভাধিপতি প্রতিভা মাইতি-সহ অন্যরা। বিভিন্ন নামীদামি প্রজাতির আমের স্টল বসেছে এই উপলক্ষে মেদিনীপুর শহরে।

■ তৃণমূল কংগ্রেস পরিবারের সহকর্মীদের প্রতি : আপনার এলাকায় কোনও কর্মসূচি থাকলে তা আগাম জানান। এবং কর্মসূচি পালনের পর ছবি-সহ প্রতিবেদন পাঠান।

ই মেল : jagabangla@gmail.com
editorial@jagobangla.in

## শব্দবাংলা-১৪১৬

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ■ | ■ | ১ | ■ | ■ | ২ | | ৩ |
| ■ | ৪ | | ৫ | ■ | | ■ | |
| ৬ | | ■ | ৭ | | | | |
| ■ | ৮ | ৯ | | ■ | | ■ | ■ |
| ■ | ■ | | ■ | ১০ | | ১১ | ■ |
| ১২ | | | | | ■ | ১৩ | |
| | ■ | | ■ | ১৪ | ১৫ | | ■ |
| ১৬ | | | ■ | ■ | | ■ | ■ |

**পাশাপাশি :** ২. খাঁটি ৪. রেশমি কাপড়বিশেষ ৬. নিষ্ফল, ব্যর্থ ৭. চলবার সময় যার পদতলের মাঝখান ভূমি স্পর্শ করে না ৮. জবরদখল ১০. মিলন, সমাগম ১২. নিকট ১৩. অজ, ছাগ ১৪. হত্যাকারী ১৬. আনাজ, তরকারি।

**উপর-নিচ :** ১. অনুভূতি, বোধ ২. প্রতিশ্রুতি লঙ্ঘন ৩. বাক্‌পটু ৪. অন্তরায়, বিঘ্ন ৫. অধিকার ৯. শিষ্টাচারবোধশূন্য, অভব্যতা ১০ মৌমাছি ১১. চূড়া, আগা ১২. স্বভাবগত আচরণ ১৫ অরণ্য, বন।

■ শুভজ্যোতি রায়

**সমাধান ১৪১৫ : পাশাপাশি :** ১. সংকলন ৪. আড়ং ৫. মাতামাতি ৬. পাটকেল ৮. শৈশব ৯. রবিমণ্ডল। **উপর-নিচ :** ১. সংহতি ২. কঙ্কণ ৩. নন্দদুলাল ৫. মাটিরদর ৬. পাদশৈল ৭. গোলাম।

## ১৭ জুন কলকাতায় সোনা-রুপোর বাজারদর

| | |
|---|---|
| পাকা সোনা (২৪ ক্যারেট, ১০ গ্রাম), | ৯৯০৫০ |
| গহনা সোনা (২২ ক্যারেট, ১০ গ্রাম), | ৯৯৫৫০ |
| হলমার্ক গহনা সোনা (২২ ক্যারেট, ১০ গ্রাম), | ৯৪৬০০ |
| রুপোর বাট (প্রতি কেজি), | ১০৭৪৫০ |
| খুচরো রুপো (প্রতি কেজি), | ১০৭৫৫০ |

সূত্র : ওয়েস্ট বেঙ্গল বুলিয়ন মার্চেন্টস অ্যান্ড জুয়েলার্স অ্যাসোসিয়েশন। দর টাকায় (জিএসটি),

## মুদ্রার দর (টাকায়)

| মুদ্রা | ক্রয় | বিক্রয় |
|---|---|---|
| ডলার | ৮৭.২০ | ৮৫.৮৭ |
| ইউরো | ১০১.০৫ | ৯৯.২৫ |
| পাউন্ড | ১১৮.৩০ | ১১৬.২২ |

## নজরকাড়া ইনস্টা



■ শাহিদ কাপুর



■ মিমি চক্রবর্তী

সম্পাদক : শোভনদেব চট্টোপাধ্যায়
• সর্বভারতীয় তৃণমূল কংগ্রেসের পক্ষে ডেরেক ও'ব্রায়েন কর্তৃক তৃণমূল ভবন, ৩৬জি, তপসিয়া রোড, কলকাতা ৭০০ ১০০ থেকে প্রকাশিত ও প্রতিদিন প্রকাশনী প্রাইভেট লিমিটেড, ২০ প্রফুল্ল সরকার স্ট্রিট, কলকাতা ৭০০ ০৭২ থেকে মুদ্রিত। সিটি অফিস : ২৩৪/৩এ, এজেসি বোস রোড, পঞ্চম তল, কলকাতা ৭০০ ০২০

Editor : SOBHANDEB CHATTOPADHYAY
Owned by ALL INDIA TRINAMOOL CONGRESS, Published by Derek O'Brien from Trinamool Bhavan, 36G Topsia Road, Kolkata 700 100 and Printed by the same from Pratidin Prakashani Pvt. Ltd., 20 Prafulla Sarkar Street, Kolkata 700 072
Regd. No. WBBEN/2004/14087
• Postal No. Kol RMS/352/2012-2014 DL. No. 15 dt 19/7/21
City Office : 234/3A, A. J. C Bose Road, 4Th Floor, Kolkata 700 020

জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

বিধানসভায় আচমকাই এসি বিভ্রাট ঘটে। অধিবেশন কক্ষের সব দরজা খুলে রাখতে হয় হাওয়া চলাচলের জন্য। পরিস্থিতি মোকাবিলায় তড়িঘড়ি ডাকা হয় পূর্ত কর্মীদের। তাঁরা এসে পরীক্ষা করার পর এসি ফের চালু হয়



## স্বাস্থ্য ও শ্রম কল্যাণমূলক প্রকল্পে মডেল বাংলা

# সিলিকোসিসে আক্রান্ত শ্রমিকদের পাশে রাজ্য, আসছে নতুন পোর্টাল

**প্রতিবেদন :** সিলিকোসিসে আক্রান্ত শ্রমিকদের পুনর্বাসন, চিকিৎসা ও আর্থিক সহায়তা প্রক্রিয়া আরও সহজ ও স্বচ্ছ করতে উদ্যোগী হল রাজ্য সরকার। সহজ ও স্বচ্ছ প্রক্রিয়ার জন্য কেন্দ্রীয় ডিজিটাল পোর্টাল তৈরি করা হচ্ছে। রাষ্ট্রায়ত্ত ওয়েবেল টেকনোলজি লিমিটেড এই পোর্টাল তৈরির জন্য ইতিমধ্যেই অনলাইন দরপত্র ডেকেছে। পোর্টালটির মাধ্যমে অনলাইনে আবেদনপত্র জমা, নথি আপলোড, পরিচয় যাচাই ও আবেদনপত্রের অগ্রগতির ওপর নজরদারি করার সুবিধা মিলবে। রাজ্য কোষাগার ব্যবস্থার সঙ্গে এটি সংযুক্ত থাকবে, যাতে দ্রুত আর্থিক সাহায্য প্রদান নিশ্চিত করা যায়।

শ্রম দফতর সূত্রে জানা গিয়েছে, এই পোর্টালের মাধ্যমে সিলিকোসিসে আক্রান্ত শ্রমিক বা তাঁদের



মনোনীত উত্তরাধিকারীরা পুনর্বাসন সহায়তা, পেনশন, দাহক্রিয়া সহায়তা, সন্তানদের শিক্ষার জন্য অনুদান ও কন্যার বিবাহ সহায়তার মতো বিভিন্ন সুবিধার জন্য আবেদন করতে পারবেন।

ডিজিটাল যাচাইয়ের মাধ্যমে আধার কার্ড, রোগ নির্ণয় সংক্রান্ত শংসাপত্র ও ব্যাঙ্কের তথ্য যাচাই করে নেওয়া হবে। যাচাই প্রক্রিয়ার পর আবেদনগুলি সংশ্লিষ্ট স্তরে পাঠানো হবে এবং তারপর রাজ্যের আর্থিক ব্যবস্থার মাধ্যমে অর্থ ছাড়া হবে। অসংগঠিত ক্ষেত্রে পেশাগত রোগ নিয়ে ক্রমবর্ধমান উদ্বেগের মধ্যেই এই পদক্ষেপকে তাৎপর্যপূর্ণ বলেই মনে করছেন বিশেষজ্ঞরা।

এই পোর্টাল সফলভাবে কার্যকর হলে, তা সারা দেশে স্বাস্থ্য ও শ্রম কল্যাণমূলক প্রকল্পের ক্ষেত্রে একটি রোল মডেল হয়ে উঠতে পারে বলে মনে করছেন দফতরের আধিকারিকেরা।

## আজ রিভিউ-স্ক্রুটিনির ফল

**প্রতিবেদন :** আজ প্রকাশিত হচ্ছে মাধ্যমিক পরীক্ষার রিভিউ ও স্ক্রুটিনির ফলাফল। বুধবার সকাল ন'টার পর পর্ষদের নির্দিষ্ট ওয়েবসাইটে রোল নম্বর ও জন্ম তারিখ দিয়ে পরীক্ষার্থীরা এই ফলাফল জানতে পারবেন। মঙ্গলবার এক বিজ্ঞপ্তিতে পর্ষদের তরফে একথা জানানো হয়েছে। স্কুলগুলি নিজেদের স্কুল লগইন-এর মাধ্যমে পিডিএফ ফরম্যাটে একত্রে সব ছাত্রছাত্রীর পিপিআর/পিপিএস ফলাফল ডাউনলোড করতে পারবে। ওই বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, যাদের নম্বর পরিবর্তিত হবে তাদের নতুন মার্কশিট ও সার্টিফিকেট সংগ্রহ করতে হবে সংশ্লিষ্ট রিজিওনাল অফিস থেকে। আজ থেকে আগামী সাতদিনের মধ্যে এই নতুন মার্কশিট ও সার্টিফিকেট সংগ্রহ করতে হবে এবং তার আগে পুরনো মার্কশিট জমা দিতে হবে।

## চিকিৎসক-বিধায়কের তৎপরতায় বাঁচল যুবক



■ বিধায়ক ডাঃ রানা চট্টোপাধ্যায়ের তৎপরতায় প্রাণে বাঁচলেন যুবক।

**সংবাদদাতা, হাওড়া :** চিকিৎসক-বিধায়ক ডাঃ রানা চট্টোপাধ্যায়ের তৎপরতায় প্রাণে বাঁচলেন এক যুবক। সোমবার রাতে হাওড়ার বেনারস রোডের ঘটনা। ওই রাস্তায় এক যুবককে ধরে বেধড়ক মারধর করছিল কয়েকজন যুবক। উত্তেজনা ছড়িয়েছিল এলাকায়। ঘটনায় যানজট ছড়িয়ে পড়েছিল এলাকায়। স্থানীয়রা ঝামেলা সামলাতে পারছিলেন না। তখন সেখান দিয়ে যাচ্ছিলেন বালির বিধায়ক ডাঃ রানা চট্টোপাধ্যায়। গন্ডগোল দেখে দাঁড়িয়ে পড়েন তিনি। তৎক্ষণাৎ গাড়ি থেকে নেমে এসে বিধায়ক দ্রুত রাস্তা ফাঁকা করার নির্দেশ দেন। এই কথা শুনে পালিয়ে যায় ঝামেলা পাকানো যুবকেরা। প্রাণে বেঁচে যান যুবকটি। স্থানীয়রা বলেন, আরও বড় ঘটনা ঘটতে পারত বিধায়ক গাড়ি থেকে নেমে পরিস্থিতি না সামলালে। আসলে তাঁর কালো গাড়িকে পুলিশের গাড়ি ভেবেছিল যুবকেরা। রেহাই পান প্রহৃত যুবক। বিধায়ক বলেন, ওই ঘটনা চাক্ষুষ করে যেটা করা উচিত ছিল সেটাই করেছি। এই অবস্থায় সবারই তাই করা উচিত। কী কারণে এই ঘটনা এবং কেন প্রকাশ্য রাস্তায় ফেলে মারধর, তা খতিয়ে দেখছে পুলিশ।

## পরীক্ষায় বসুন, এসএসসি প্রার্থীদের বললেন ব্রাত্য

**প্রতিবেদন :** সোমবার বিকেল পাঁচটা থেকে এসএসসি পরীক্ষার জন্য ফর্ম-ফিলাপের আবেদন প্রক্রিয়া শুরু হয়েছে। কিন্তু চাকরিচ্যুতদের একাংশের দাবি তাঁরা সেই পরীক্ষায় অংশ নেবেন না। তাঁদের এই একরোখা মনভাব পোষণে আন্দোলনকারীরা কার্যত সুপ্রিম কোর্টের নির্দেশকেই অমান্য করছেন। মঙ্গলবার শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু এ-প্রসঙ্গে বলেন, আমার কাছে প্রচুর আবেদন জমা পড়ছে। যাঁরা পরীক্ষা দিতে চান না তাঁরা নিশ্চয়ই সুপ্রিম কোর্টের সঙ্গে কথা বলবেন। আমরা সুপ্রিম কোর্টের নির্দেশে পরীক্ষা নিচ্ছি। পরীক্ষা নিতে আমরা দায়বদ্ধ। আমি আন্দোলনকারীদের অনুরোধ করব



আপনারা কোনওরকম হঠকারী সিদ্ধান্ত না নিয়ে সুপ্রিম কোর্ট যে নির্দেশ দিয়েছে সেই অনুযায়ী পরীক্ষায় বসুন। এ-বিষয়ে রাজ্য সরকার আপনাদের সর্বাত্মকভাবে সাহায্য করবে।

## টোটোতে কিউআর কোড পরিকল্পনায় পরিবহণমন্ত্রী

**প্রতিবেদন :** টোটো ও ই-রিকশাকে নিয়ে বড় পদক্ষেপ গ্রহণ করতে চলেছে রাজ্য পরিবহণ দফতর। টোটোকে স্বীকৃতি দিয়ে নিয়ম মেনে নামানো হবে রাস্তায়। সোমবার পরিবহণমন্ত্রী স্নেহাশিস চক্রবর্তী জানিয়েছেন, টোটো যেহেতু ই-ভেহিকেল, তার উপরে গ্রিন ট্রাইবুনাল আইন লাগু হয় না। সেই সুযোগ নিয়ে কিছু ব্যক্তি একাধিক টোটো কিনে রাস্তায় নামিয়েছেন ভাড়া খাটাতে। স্বনির্ভর করার উপায় খুঁজে নিয়েছেন অনেকে। মানুষের যাতায়াতেরও



সুবিধা হয়েছে। তাই এবার টোটোর বৈধকরণের পরিকল্পনা রাজ্যের। সেজন্য টোটোতে লাগানো হবে বিশেষ কিউআর কোড। কিউআর কোড লাগানো টোটোই চালানো যাবে রাস্তায়। পরিবহণমন্ত্রী আরও জানান, টোটোকে নিয়মে বাঁধতে কিউআর কোড-সহ স্টিকার তৈরি করা হয়েছে। পরবর্তীতে বিভিন্ন জায়গার আরটিও-র সঙ্গে সংযুক্তকরণ করা হবে টোটোগুলিকে। টোটোকে শৃঙ্খলায় আনতে এই পদক্ষেপ শুরু হবে খুব শীঘ্রই। এর ফলে যানজট কমবে।

## খাটো করবেন না দমকল কর্মীদের
## বিধানসভায় সুজিত



**প্রতিবেদন :** খিদিরপুরের অরফানগঞ্জ মার্কেটের বিধ্বংসী অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত প্রায় ৭০০ জন ব্যবসায়ী। সোমবার দমকলমন্ত্রী সুজিত বসু বলেন, ২টো ৫ মিনিটে আমাদের দফতরে আগুন লাগার ফোন আসে। সঙ্গে সঙ্গে তিনটি ইঞ্জিন ঘটনাস্থলে পাঠানো হয়। পরে আরও ইঞ্জিন পাঠানো হয়। পাম্পে জল ও তেল না থাকার অভিযোগ খারিজ করে মন্ত্রী বলেন, প্রাথমিকভাবে পাম্প চালু করার সময় পলি উঠে আসায় সাময়িক অসুবিধা হয়েছিল। কিন্তু জল বা তেলের অভাব ছিল না। অনেকে বিশেষজ্ঞ সেজে দমকলের সমালোচনা করছেন। আমি বলি— সেনাবাহিনী যেভাবে কাজ করে, দমকল কর্মীরাও তেমনভাবেই জীবনের ঝুঁকি নিয়ে কাজ করেন। তাঁদের খাটো করবেন না, তাঁদের সম্মান দিন। দমকল দফতরের তরফে জানানো হয়েছে, আগুন লাগার কারণ জানতে তদন্ত শুরু হয়েছে। প্রশাসনের তরফে ক্ষতিগ্রস্তদের সাহায্যের আশ্বাসও দেওয়া হয়েছে। মন্ত্রী জানান, ২টা ৫ মিনিটে আমাদের দফতরে আগুন লাগার ফোন আসে। সঙ্গে সঙ্গে তিনটি ইঞ্জিন ঘটনাস্থলে পাঠানো হয়। পরে আরও ইঞ্জিন পাঠানো হয়। ফিরহাদ হাকিম ঘটনাস্থলে যান। আমি নিজেও সকাল ৬টার আগেই পৌঁছে যাই। আধিকারিকরাও দ্রুত পৌঁছে যান। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ও ঘটনাস্থল পরিদর্শনে যান।

## কসবার ফ্ল্যাটে উদ্ধার মা-বাবা-সন্তানের দেহ

**প্রতিবেদন :** ট্যাংরা-কাণ্ডের ছায়া এবার কসবার রাজডাঙায়! বন্ধ ফ্ল্যাটে অস্বাভাবিক মৃত তিন জনের ঝুলন্ত দেহ পুলিশ উদ্ধার করে ময়নাতদন্তে পাঠিয়েছে। রাজডাঙা গোল্ড পার্ক এলাকার এই বহুতলটির তিনতলায় ছেলে আয়ুষ্মান ভট্টাচার্যকে (৩৮) নিয়ে থাকতেন সরজিৎ ভট্টাচার্য (৭০) ও গার্গী ভট্টাচার্য (৬৮)। মঙ্গলবার সকাল থেকে ওই পরিবারের ফ্ল্যাটের দরজা বন্ধ। সন্ধ্যা সওয়া ৬টা নাগাদ কসবা থানায় খবর যায়। ফ্ল্যাটের কোলাপসিবল গেটটি ভিতর থেকে তালাবন্ধ ছিল, বন্ধ ছিল সদর দরজাও। পুলিশ কোলাপসিবল গেট এবং দরজা ভেঙে ঘরে ঢোকে। ডাইনিং হলের সিলিং ফ্যান থেকে ঝুলন্ত অবস্থায় উদ্ধার হয় সরজিৎবাবুর দেহ। ভিতরের ঘর থেকেও ঝুলন্ত অবস্থায় গার্গী ভট্টাচার্য ও আয়ুষ্মান ভট্টাচার্যের দেহ মেলে। একটি সুইসাইড নোটও পাওয়া গিয়েছে বলে খবর। ট্যাংরার ঘটনার ছায়া দেখছেন অনেকেই কসবার ঘটনাটিতে। পুলিশ তদন্ত শুরু করেছে।

## দক্ষিণবঙ্গে বর্ষার প্রবেশ

**প্রতিবেদন:** আনুষ্ঠানিক ভাবে দক্ষিণবঙ্গে প্রবেশ করল বহু প্রত্যাশিত মৌসুমী বায়ু অর্থাৎ বর্ষা। উত্তর-পশ্চিম বঙ্গোপসাগরে ওড়িশা উপকূলে একটি ঘূর্ণাবর্ত রয়েছে। সক্রিয় হয়ে উঠেছে মৌসুমী অক্ষরেখা। এর প্রভাবে বৃষ্টি শুরু রাজ্যের জেলায় জেলায়। বিশেষ করে দক্ষিণ ২৪ পরগনা ও পূর্ব মেদিনীপুরে অতি ভারী বৃষ্টির আশঙ্কা রয়েছে। ইতিমধ্যেই কলকাতা-সহ দক্ষিণবঙ্গের জন্য জারি হয়েছে ইয়েলো অ্যালার্ট। ঘণ্টায় ৩০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বইতে পারে বলে সতর্কতা জারি হয়েছে। দক্ষিণবঙ্গে আগামী সাতদিন বিক্ষিপ্তভাবে বৃষ্টির পূর্বাভাস। তবে বৃহস্পতিবার থেকে কমবে বৃষ্টি। রবিবার ফের ভারী বৃষ্টির সম্ভাবনা বাড়বে দক্ষিণ ২৪ পরগনা ও পূর্ব মেদিনীপুর জেলাতে। আলিপুরদুয়ার, জলপাইগুড়ি, মালদা ও উত্তর দক্ষিণ দিনাজপুরে ভারী বৃষ্টির সতর্কতা। রাতের তাপমাত্রা বৃষ্টির জেরে স্বাভাবিকের তুলনায় সামান্য কমে ২৬.৬ ডিগ্রি।

জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

# সম্পাদকীয়

18 June, 2025 • Wednesday • Page 4 || Website - www.jagobangla.in

জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

## সাধারণের বিল

তৃণমূল সরকার যে সাধারণ মানুষের কথা ভাবে, আর একবার প্রমাণিত হল মঙ্গলবার বিধানসভায়। ক্লিনিক্যাল এস্টাব্লিশমেন্ট বিল পাশ হল বিধানসভায়। আসলে এই বিল হল সাধারণ মানুষের বিল। যাঁদের অসুস্থতার সময় হাসপাতাল অথবা নার্সিংহোমে যেতে হয়। অধিকাংশ নার্সিংহোমই বেহিসেবি বিল করে। দু'বোতল জল খেয়ে থাকলে ২০ বোতলের দাম নেওয়া হয়, তুলোর দরকার না থাকলেও তার দাম ধরা হয়, অস্ত্রোপচারের পর চিকিৎসক রোগীকে একবারও দেখতে না এলেও চারবারের ভিজিট নেওয়া হয়। এরসঙ্গে রয়েছে অসংখ্য পরীক্ষা, দরকার না থাকলেও। চিকিৎসার নামে এই যে মানুষের উপর অনৈতিক চাপ বা লুঠ তা বন্ধ করতেই এই বিল। এই বিল অনুযায়ী প্রতিটি বেসরকারি হাসপাতাল ও নার্সিংহোমকে চিকিৎসা সংক্রান্ত খরচের প্যাকেজ লিখিতভাবে টাঙিয়ে রাখতে হবে। রোগী কেমন আছেন, প্রতিদিন তার আপডেট দিতে হবে। প্যাকেজের বাইরে অতিরিক্ত অর্থ নেওয়া যাবে না। রোগীর চিকিৎসার যাবতীয় তথ্য সংরক্ষিত রাখতে হবে। ডিজিটাল প্রেসক্রিপশনের জন্য রাজ্য নতুন সফটওয়্যার তৈরি করবে। নিশ্চিতভাবে সাধারণ মানুষ যাঁরা প্রত্যেকদিন নার্সিংহোমে গিয়ে নাজেহাল হন, ঘটি-বাটি বিক্রি করার মতো উপক্রম হয় তাঁদের জন্য রাজ্য সরকারের এই পদক্ষেপ নিশ্চিতভাবে যুগান্তকারী। আগামিদিনে এই আইনকে বাস্তবায়িত করতে দরকার সাধারণ মানুষ এবং প্রশাসনের সর্বস্তরের সহযোগিতা।




## যত বিপদ আম-আদমিরই

পশ্চিম এশিয়ায় আরও একটা যুদ্ধ পরিস্থিতি তৈরি হয়েছে। গত কয়েক বছর ধরে রাশিয়া-ইউক্রেনের যুদ্ধ দেখছে বিশ্ববাসী। প্যালেস্টাইনে ইজরায়েলের ধারাবাহিক হামলায় গাজায় প্রায় ৬০ হাজার মানুষের মৃত্যুর সাক্ষী এই দুনিয়া। এরই মধ্যে শুরু হয়েছে ইজরায়েল-ইরান মিসাইল যুদ্ধ। এই বিধ্বংসী লড়াইয়ে ইতিমধ্যে দু'পক্ষের কয়েকশো মানুষের প্রাণ গিয়েছে। অন্যান্য ক্ষতির পরিমাণ এখনই পরিষ্কার নয়। আপাতত দু'পক্ষই কোনওরকম মধ্যস্থতা, কূটনৈতিক আলোচনার সম্ভাবনা কার্যত খারিজ করে দিয়ে লড়াই চালিয়ে যাওয়ার অঙ্গীকার করেছে। ফলে এর শেষ কবে, কীভাবে তা কেউ জানে না। কিন্তু এই আচমকা যুদ্ধ পরিস্থিতিতে কিন্তু বিশ্ব অর্থনীতিতে গভীর আশঙ্কার ছায়া ফেলতে শুরু করেছে, যার হাত থেকে মুক্ত নয় ভারতও। 'রাজায় রাজায় যুদ্ধ হয়, উলুখাগড়ার প্রাণ যায়'— প্রবাদটিই সত্য হতে চলেছে। বিশ্ববাজারে অশোধিত তেলের দাম বৃদ্ধি মাথাচাড়া দিয়েছে। আন্তর্জাতিক বাজারে ৬০ ডলারে নেমে আসা ব্রেন্ট ক্রুডের দাম ইতিমধ্যেই ব্যারেল পিছু ৭৮ ডলারে পৌঁছেছে। আর কিছুদিন এই পরিস্থিতি চললে তেলের দর এমনকী ৯৫ ডলার ছাড়াতে পারে বলে মত বিশেষজ্ঞদের। একথা ঠিক, ইরান সারা বিশ্বের অন্যতম বড় তেল উৎপাদক ও রপ্তানিকারক দেশ হলেও ভারত বেশিরভাগ অশোধিত তেল আমদানি করে রাশিয়া থেকে। কিন্তু ভারতে এখন কয়েক মাসের তেলের মজুত রয়েছে বলে দাবি করেছে মোদি সরকার। কিন্তু বর্তমান পরিস্থিতিতে ইরান পুরোপুরি তেল উৎপাদন ও রপ্তানি বন্ধ করে দিলে গোটা বিশ্বে জ্বালানি সঙ্কট দেখা দেবে। তার রেশ পড়তে বাধ্য ভারতেও। ফলে গত কয়েকমাসে খুচরো বাজারে মূল্যবৃদ্ধিতে যে অধোগতি লক্ষ করা যাচ্ছে, তা ফের মাথাচাড়া দেওয়ার সম্ভাবনা প্রবল। বর্ধিত দামের প্রভাব সরাসরি পড়বে আম-জনতার উপর। এমনিতেই বিশ্ববাজারে এর আগে অশোধিত তেলের দাম অনেকটা নেমে গেলেও তার সঙ্গে সঙ্গতি রেখে এদেশে পেট্রোল-ডিজেলের দাম কমায়নি মোদি সরকার। সুতরাং রাশিয়া থেকে সস্তায় তেল আমদানি করলেও আন্তর্জাতিক বাজারে তেলের দাম বৃদ্ধির ঘটনাকে অজুহাত হিসাবে দেখিয়ে এদেশে জ্বালানি তেলের দাম যে বাড়াবে না মোদি সরকার এমনটা ভাবা কষ্টকল্পিত। তবে এই পরিস্থিতিতে তেলের দামবৃদ্ধি ছাড়াও আরও একটা বড় আশঙ্কার দরজা খুলে গিয়েছে। **— দেবকন্যা বসু, গড়িয়াহাট, কলকাতা**

■ চিঠি এবং উত্তর-সম্পাদকীয় আপনিও পাঠাতে পারেন :
jagabangla@gmail.com / editorial@jagobangla.in

# বাংলা-বিরোধী বাঙালি-বিরোধী বিজেপি বাংলা থেকে দূর হটো

বাংলা বঞ্চিত। বাঙালি নির্যাতিত। বাংলার প্রাপ্য টাকাই চার বিজেপি-শাসিত রাজ্যকে পাইয়ে দেওয়া হয়েছে। আবার, সম্প্রতি বাংলায় কথা বলার অপরাধে মহারাষ্ট্র পুলিশ এ-রাজ্যের দুই পরিযায়ী শ্রমিককে বিএসএফের হাতে তুলে দিয়েছিল। বাংলা-বিরোধী বিজেপি বাঙালি-বিরোধী বিজেপি। ওদের না উৎখাত করলে বাংলা ও বাঙালি বিপদে পড়বে। লিখছেন **অনির্বাণ সাহা**

ব্যাপক অনিয়ম করেও একাধিক 'ডাবল ইঞ্জিন' রাজ্য নিয়মিত পেয়ে চলেছে ১০০ দিনের কাজের টাকা। কিন্তু কেন্দ্রের চাপিয়ে দেওয়া নানা শর্ত মেনে, দুর্নীতির অভিযোগের তদন্ত করে ব্যবস্থা গ্রহণের পরও ধারাবাহিক বঞ্চনার শিকার হয়ে চলেছে বাংলা। মোট ১৫৬টি কেন্দ্রীয় দল এসে ছানবিন চালালেও দুর্নীতির প্রমাণ না পেয়ে ক্লিনচিট দিয়েছে তারা। তারপরও ২০২২ থেকে ২০২৫ পর্যন্ত এই খাতে বাংলার মানুষ ৩৮ হাজার কোটি টাকার ন্যায্য প্রাপ্য থেকে বঞ্চিত। ১০০ দিনের কাজের ৩৮ হাজার কোটি টাকা আত্মসাৎ করেছে কেন্দ্র। বছরের পর বছর শুধুমাত্র রাজনৈতিক কারণে বাংলার বরাদ্দ আটকে রেখেছে। বাংলার টাকা দিয়ে দেওয়া হচ্ছে অন্য রাজ্যকে। উত্তরপ্রদেশ, গুজরাতে এই প্রকল্পে প্রচুর অনিয়ম ধরা পড়েছে। সেখানে একটিও কেন্দ্রীয় প্রতিনিধি দল পাঠানো হয়নি।

এই খাতে ২০২২-এর আগের প্রায় ৬৯১৯ কোটি টাকাও দেয়নি কেন্দ্র। এর মধ্যে জবকার্ড হোল্ডারদের মজুরি বাবদ বকেয়া ছিল ৩,৭৩১ কোটি। বাধ্য হয়ে সেই মজুরি মেটাতে হয়েছে রাজ্য সরকারকে। সেই সঙ্গে ১০০ দিনের কাজের বরাদ্দ না থাকায় বিকল্প হিসেবে রাজ্য সরকার 'কর্মশ্রী' প্রকল্প চালু করে। আবাস যোজনা এবং সড়ক যোজনার টাকাও দেওয়া হয়নি।

কেন্দ্রের সাম্প্রতিক রিপোর্টে জানা গিয়েছে, শুধুমাত্র মহারাষ্ট্র, বিহার, উত্তরপ্রদেশ এবং তামিলনাড়ুতে (এটি অবিজেপি রাজ্য) এই খাতে ১৪২ কোটিরও বেশি টাকার দুর্নীতি হয়েছে। অথচ, ওই রাজ্যগুলির বিরুদ্ধে কোনও পদক্ষেপ তো দূরের কথা, উল্টে বাড়তি অর্থ বরাদ্দ করেছে কেন্দ্র। সেক্ষেত্রে বাংলার প্রাপ্য টাকাই এই চার রাজ্যকে পাইয়ে দেওয়া হয়েছে।

কেন এই অবিচার?

উত্তরটা সহজ।

বিহার-তামিলনাড়ুতে সামনেই ভোট। আর গুজরাত ও উত্তরপ্রদেশ হল বিজেপির 'নিজেদের রাজ্য'। তাই বাংলার 'সর্বনাশ' এই রাজ্যগুলির 'পৌষমাস' ডেকে এনেছে!

২০১৬ সাল থেকে পরবর্তী ৬ বছরে রাজ্যের জন্য '১০০ দিনের কাজ' প্রকল্প খাতে বরাদ্দ হয়েছিল ৫০,৫৯৩ কোটি টাকা। এর মধ্যে মাত্র ৯.২০ কোটি টাকার কাজ নিয়ে দুর্নীতির অভিযোগ ওঠে। সেই মতো ব্যবস্থাও নেওয়া হয়। তারপরও রাজ্যকে বরাদ্দ না দেওয়ায় বাংলার প্রতি কেন্দ্রের বিমাতৃসুলভ মনোভাব এবং রাজনৈতিক সঙ্কীর্ণতাই প্রমাণিত।

আসলে বিজেপি বিশ্বাস করে এবং করাতে চায়, বাংলাভাষী মানেই বিদেশি, বাংলাদেশি।

বাংলায় (Bengali) কথা বলার জন্য ভিনরাজ্যে বাংলার পরিযায়ী শ্রমিকদের ওপর অত্যাচার করা হচ্ছে।



বিহার-তামিলনাড়ুতে সামনেই ভোট। আর গুজরাত ও উত্তরপ্রদেশ হল বিজেপির 'নিজেদের রাজ্য'। তাই বাংলার 'সর্বনাশ' এই রাজ্যগুলির 'পৌষমাস' ডেকে এনেছে!

সম্প্রতি বাংলায় কথা বলার অপরাধে মহারাষ্ট্র পুলিশ এ রাজ্যের দুই পরিযায়ী শ্রমিককে বিএসএফের হাতে তুলে দিয়েছিল। বিষয়টি জানতে পেরে হস্তক্ষেপ করেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তারপরই রাজ্যে ফিরিয়ে আনা হয়েছে ওই দুই পরিযায়ী শ্রমিককে। বাঙালি পরিচয়ের জন্য, মাতৃভাষা বাংলা হওয়ার জন্য আর কত দুর্দশা রয়েছে বাঙালির কপালে?

কেন?

ঘটনার সূত্রপাত, গত দুদিনে পরিযায়ী শ্রমিক কল্যাণ বোর্ড ও পশ্চিমবঙ্গ পুলিশের তৎপরতায় ৫ জন পরিযায়ী শ্রমিককে রাজ্যে ফিরিয়ে আনা হয়েছে। সোশ্যাল পোস্টে সামিরুল লিখেছেন, রাজ্যের বাসিন্দা এবং বৈধ নাগরিক হওয়া সত্ত্বেও বাংলায় কথা বলার অপরাধে মহারাষ্ট্র পুলিশ এদেরকে বাংলাদেশি সন্দেহে বিএসএফের হাতে তুলে দিয়েছিল। মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপে তাঁদের রাজ্যে ফিরিয়ে আনা হয়েছে। এরকম আরও কোনও পরিযায়ী শ্রমিককে জোর করে বাংলাদেশি বলে চালানোর চেষ্টা হচ্ছে কিনা, সেই খোঁজখবর শুরু হয়েছে। সম্প্রতি উত্তর চব্বিশ পরগণার বাগদার হরিহরপুরের বাসিন্দা, সম্পর্কে স্বামী স্ত্রী ফজের মন্ডল ও তসলিমা মণ্ডলকেও বাংলাদেশি সন্দেহে বিএসএফের হাতে তুলে দেওয়া হয়েছিল। বিষয়টি জানতে পারার পরই নবান্ন পদক্ষেপ করে। এরপরই তাঁদের ফিরিয়ে আনা হয়।

গত বছর অজ্ঞাত মাসে ওড়িশার বিভিন্ন প্রান্তে বাংলা থেকে যাওয়া পরিযায়ী শ্রমিকদের আক্রান্ত হওয়ার অভিযোগ ওঠে। সাংসদ অভিযোগ করেছেন, বাংলা ভাষায় কথা বলায় বাংলাদেশি তকমা দেওয়ার অভিযোগ উঠছে । আর বাংলা ভাষায় কথা বলায়, তাঁদের কাজের ক্ষেত্রে বাধা দেওয়া হচ্ছে। কিছু কিছু ক্ষেত্রে ওড়িশার স্থানীয় লোকজন তাঁদের আধার কার্ড বা ভোটার কার্ড দেখাতে বাধ্য করছে। কিছু কিছু ক্ষেত্রে তাদের অনুপ্রবেশকারী বলে দেগে দেওয়া হচ্ছে। পরিযায়ী শ্রমিক হিসেবে শুধু এই রাজ্যের মানুষ যে অন্য রাজ্যে যায় এমনটা নয়। অন্য রাজ্যের মানুষও পশ্চিমবঙ্গে আসেন। কোনও সন্দেহ নেই, মালদা, মুর্শিদাবাদ ও বীরভূমের নির্মাণ শ্রমিকেরা দক্ষ। এদের দক্ষতা গোটা দেশের মধ্যে সেরা। তাঁরা বাংলায় কথা বলেন বলেই বাংলাদেশি, এমনটা হতে পারে না।

অবস্থাটা তাহলে কী দাঁড়াচ্ছে?

বাংলা ভাষায় কথা বললে বাংলাদেশি বলা হচ্ছে। বাংলাদেশে পাঠিয়ে দেওয়া হচ্ছে। 'ডবল ইঞ্জিন'-এর রাজ্যে এই ধরনের প্রবণতা দেখা যাচ্ছে।

বাংলা-বিরোধী বিজেপি।

বাঙালি-বিরোধী বিজেপি।

ওদের না উৎখাত করলে বাংলা ও বাঙালি বিপদে পড়বে।



মঙ্গলবার ডায়মন্ড হারবারের বঙ্গনগরে বাস উল্টে জখম ১১ যাত্রী

# তৃণমূলের প্রশ্নবাণ, জি ৭-এ কেন্দ্রের গোঁজামিলের ৭ সূত্র

**প্রতিবেদন :** দেশে ভেঙে পড়ছে বিমান। লাগাতার ট্রেন-দুর্ঘটনায় রেলযাত্রা হয়ে উঠেছে ভয়ানক দুঃস্বপ্ন। কাশ্মীরের জনপ্রিয় ট্যুরিস্ট স্পটে নিরাপত্তায় গলদ, জঙ্গিহানায় মৃত্যু নিরীহ পর্যটকের। আর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ব্যস্ত বিশ্বভ্রমণে। কানাডায় জি৭ সামিটে যোগ দিলেন প্রধানমন্ত্রী। কিন্তু বিশ্বমঞ্চে দাঁড়িয়ে কী বলবেন প্রধানমন্ত্রী? তৃণমূল কংগ্রেসের তোলা পাঁচ প্রশ্নের পরিষ্কার জবাব কি দেবেন নমো? নাকি শুধুই গোঁজামিলে নিজের প্রভুত্ব প্রমাণে ব্যস্ত থাকবেন? তৃণমূলের দাবি, কানাডায় জি৭ সামিটের মঞ্চে আবার গোঁজামিলের সপ্তসূত্র ধরাবেন প্রধানমন্ত্রী। পহেলগাঁও জঙ্গি হামলার পর কেন একটি দেশও সরাসরি পাকিস্তানের নিন্দা করেনি, সেই প্রশ্ন প্রধানমন্ত্রী বিশ্বমঞ্চে তুলবেন না। বরং 'বিশ্বের সমর্থন আমাদের সঙ্গেই রয়েছে, নীরবে' বলে যুক্তরাষ্ট্র-যুক্তরাজ্যের গুডবুকে থাকার চেষ্টা করবেন। আবার বাণিজ্য-চুক্তির টোপ দিয়ে ভারত-পাকিস্তানকে যুদ্ধবিরতিতে রাজি করানোর নামে মার্কিন প্রেসিডেন্টের কৃতিত্বের দাবি নিয়েও টুঁ শব্দটিও করবেন না প্রধানমন্ত্রী।




কেন ভারতের আপত্তি সত্ত্বেও আইএমএফ পহেলগাঁও হামলার পরই পাকিস্তানকে ১ বিলিয়ন ডলারের ঋণের অনুমোদন দিল, তা নিয়েও বিশ্বমঞ্চে কোনও কথা বলবেন না মোদি। হয়তো 'রাষ্ট্রসংঘের পদগুলো শুধু নামকাওয়াস্তে, গুরুত্বহীন' বলে কোনওমতে গোঁজামিল দেবেন। 'পহেলগাঁওয়ের মতো নিরাপত্তার গলদ মাঝেমধ্যেই ঘটতে পারে' বলে নিজের ভাবমূর্তি অক্ষুণ্ণ রাখার চেষ্টা করবেন তিনি। পহেলগাঁও হামলায় জড়িত চার জঙ্গি কোথায় গেল, সেই প্রশ্নে আজও মুখ খোলেননি প্রধানমন্ত্রী। জি৭ সামিটের মঞ্চেও এই প্রশ্নের জবাবে থাকবেন নীরবে, নিভৃতে। কিংবা 'জঙ্গিরা মৃত বা বেঁচে আছে... বা মাঝামাঝি কোথাও' বলে গোঁজামিল দিয়ে নির্লজ্জ বিজেপি সরকারের ইমেজ বজায় রাখবেন। পেগাসাসের ব্যবহার নিয়েও গোঁজামিল দেবেন নমো। হয়তো বলবেন, আইবি প্রধানের মেয়াদবৃদ্ধি স্বাভাবিক ব্যাপার! কিংবা 'পাক-অধিকৃত কাশ্মীর আমাদেরই, আমরা ফিরিয়ে আনব' বলে দেশের মানুষকে ললিপপের লোভ দেখাবেন।

# তৃণমূল কর্মী খুনে ধৃত চার




■ নিহত আনার হোসেন গাজি।

**সংবাদদাতা, বসিরহাট:** তৃণমূল কর্মী খুনে রাতের মধ্যেই গ্রেফতার ৪ দুষ্কৃতী। মঙ্গলবার তাদের বসিরহাট মহকুমা আদালতে তোলা হলে বিচারক পুলিশি হেফাজতের নির্দেশ দেন। বসিরহাট দক্ষিণের বিধায়ক ঘনিষ্ঠ তৃণমূল কর্মীকে গুলি করে পরে মৃত্যু নিশ্চিত করতে কুপিয়ে খুন। খুন করে চম্পট দেয় দুষ্কৃতীর দল। তদন্তে নেমে পুলিশ রাতেই ৪ জনকে গ্রেফতার করে। প্রাথমিক তদন্তে অনুমান জমিজমার ব্যবসা সংক্রান্ত বিবাদের জেরেই খুন। সোমবার রাত সাড়ে নটা নাগাদ ঘটনাটি ঘটেছে বসিরহাট মহকুমার বসিরহাট থানার গোটরা গ্রাম পঞ্চায়েতের ঘোনা বাজারে। বছর ২৫ এর তৃণমূল কর্মী আনার হোসেন গাজী রাত সাড়ে আটটা নটা নাগাদ বাড়ির কিছু দূরে ঘোনা বাজারে চায়ের দোকানে বসে আড্ডা দিচ্ছিলেন বন্ধুদের সঙ্গে। রাত সাড়ে নটা নাগাদ ১০ থেকে ১৫ জনের একটি দুষ্কৃতী দল হাতে ধারালো অস্ত্র ও আগ্নেয়াস্ত্র নিয়ে হামলা চালায় ওই তৃণমূল কর্মীর উপর। তিন রাউন্ড গুলি চালায়। মৃত্যু নিশ্চিত করতে ধারালো অস্ত্র দিয়ে ঘাড়ে ও হাতে কোপায়। রক্তাক্ত অবস্থায় মাটিতে লুটিয়ে পড়ে আনার। খুন করেই দুষ্কৃতীরা পালিয়ে যায়। ওই যুবককে উদ্ধার করে বসিরহাট স্বাস্থ্য জেলা হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকরা মৃত বলে ঘোষণা করেন। তদন্ত চালাচ্ছে পুলিশ।

# ক্ষুদিরাম সিং! কেশরী চ্যাপ্টার-২ সিনেমায় বাংলার স্বাধীনতা সংগ্রামীদের নিয়ে ছেলেখেলা

**প্রতিবেদন :** বাংলা এবং বাঙালির ইতিহাস নিয়ে পরিকল্পিত চক্রান্ত। বাংলার স্বাধীনতা সংগ্রামীদের নাম বিকৃত করে বলিউডের সিনেমা। এবং কী আশ্চর্য, সেই ছবি সেন্সর বোর্ড পাশ করছে, চলছে ওটিটি প্ল্যাটফর্মে। কেন? কীভাবে? প্রশ্ন উঠেছে সর্বত্র। বাংলাকে হেয় করার চক্রান্ত এই প্রথম নয়, কেন্দ্রের বিজেপি সরকার বারবার নানাভাবে বাংলা ও বাঙালির অস্মিতা নিয়ে টানাপোড়েন চালিয়েছে। এবার তা সীমাহীন। বিধাননগর থানায় ৭ প্রযোজকের বিরুদ্ধে বিএনএস-এর একাধিক ধারায় এফআইআর করা হয়েছে, জানিয়েছেন বিধাননগর কমিশনারেটের ডিসি হেড কোয়ার্টার্স অনীশ সরকার। সদ্য ওটিটি প্ল্যাটফর্মে মুক্তি পেয়েছে 'কেশরী চ্যাপ্টার-২'। অভিনয়ে অক্ষয় কুমার, আর মহাদেবন, ভিকি কৌশল, অনন্যা পাণ্ডে-সহ বলিউডের অভিনেতা-অভিনেত্রীরা। সেখানেই অদ্ভুত ষড়যন্ত্র। মেদিনীপুরের ভূমিপুত্র শহিদ ক্ষুদিরাম বসুর পদবি পাল্টে করা হয়েছে ক্ষুদিরাম সিং। বিপ্লবী বারীন্দ্রকুমার




ঘোষের নাম-পদবি বদলে গিয়ে হয়েছে 'বারীন সিং'। আবার ইংরেজদের বিরুদ্ধে বিদ্রোহের জন্য তাঁদের বোমা বাঁধতে শিখিয়েছিলেন যে হেমচন্দ্র কানুনগো, তাঁর নামও পাল্টে করে দেওয়া হয়েছে কৃপাল সিং। ব্রিটিশদের বিরুদ্ধে লড়াইয়ে যে বিপ্লবীদের বাংলার মানুষ আইডল করে রেখেছেন, তাঁদের নিয়ে এই ছেলেখেলার অধিকার কে দিয়েছে? ছবিটি তৈরি হয়েছে 'দ্য কেস দ্যাট শুক দ্য এম্পায়ার বাই রঘু পালাত অ্যান্ড পুষ্পা পালাত' বইটির গল্পকে কেন্দ্র করে। লিখেছেন, করণ সিং ত্যাগী, অমৃত পাল সিং বিন্দ্রা। করণ সিং ত্যাগী নিজেই ছবির পরিচালক। জালিয়ানওয়ালাবাগের হত্যাকাণ্ডের ১০৬ বছর পূর্তি উপলক্ষে ছবিটি তৈরি হয়েছে। ঐতিহাসিক ঘটনাকে কেন্দ্র করে ছবি, অথচ সেখানে কী করে বসু, ঘোষ ও কানুনগো পদবি পাল্টে সিং হয়? জবাব দিতে হবে ছবির কর্তা-ব্যক্তিদের। এফআইআর হয়েছে। এবার প্রযোজক এবং পরিচালকদের জবাব দিতে হবে বাংলার মানুষের কাছে।

# ওবিসি : তৃণমূলের বক্তব্য

**প্রতিবেদন :** ওবিসি সংরক্ষণ সংক্রান্ত বিষয়টি নিয়ে মঙ্গলবার আদালতের আইনি নির্দেশের পরিপ্রেক্ষিতে রাজ্য সরকার আইনি পদক্ষেপ করার ভাবনা খতিয়ে দেখছে। তৃণমূল কংগ্রেস প্রথমদিন থেকেই বলে এসেছে বিজেপি বা গদ্দার অধিকারী ওবিসি বিরোধী। তা পরিষ্কার হয়ে গিয়েছে গদ্দারের মঙ্গলবারের কথায়। বলেছেন, তিনি এই মামলায় অন্যতম পক্ষ হবেন। শুধু তাই নয়, বলেছেন বুধবার ওবিসি মামলায় স্থগিতাদেশের কারণে বিজেপি বিধানসভায় লাড্ডু বিতরণ করবে। আসলে বিজেপির পৈশাচিক আনন্দ সাধারণ মানুষের অপকার করে। প্রথমে ২৬ হাজার চাকরি কেড়ে নেওয়া। পরে গরিব মানুষের তহবিল বন্ধ করে দেওয়া আর এখন ওবিসির উপর আক্রমণ। এটাই বিজেপির চরিত্র। তৃণমূল কংগ্রেস বিচারব্যবস্থার প্রতি শ্রদ্ধাশীল। কিন্তু মাথায় রাখতে হবে যে বিচারপতি এই রায় দিয়েছেন, অতীতে তিনি গদ্দার অধিকারীকে পূর্ণাঙ্গ সুরক্ষা দিয়েছিলেন। যার জেরে বাংলা জুড়ে অসভ্যতা চালিয়ে যাচ্ছেন বিরোধী দলনেতা। কখনও কুরুচিকর ভাষায় গালাগালি দিচ্ছেন। আবার কখনও আইনের সীমা লঙ্ঘন করে যা ইচ্ছে তাই করছেন। বিচারপতি মান্থার দেওয়া পূর্ণাঙ্গ সুরক্ষার কারণেই বহু অপরাধে অপরাধী গদ্দারকে এখনও গ্রেফতার করা যায়নি। যদিও তৃণমূল-সহ বাংলার মানুষ এইসব কাজের ঘোর বিরোধী।



■ আগামী খারিফ মরশুমে আমতা-২ নম্বর ব্লকের ১৪টি গ্রাম পঞ্চায়েতের ৩৯০ জন চাষির হাতে মোট ১২৬২৫ কেজি উচ্চফলনশীল ধানের প্রদর্শনী ক্ষেত্রের বীজ ও অন্যান্য উপকরণ বিতরণ করলেন বিধায়ক সুকান্ত পাল।

# বালি-বেলুড়ে জমা জলের সমাধানে উদ্যোগী বিধায়ক



■ এলাকা পরিদর্শনে বিধায়ক রানা চট্টোপাধ্যায়।

**সংবাদদাতা, হাওড়া:** চলতি বর্ষায় বালি ও বেলুড়ের বিস্তীর্ণ এলাকায় জমা জলের সমস্যার সমাধানে উদ্যোগী হলেন বালির তৃণমূল বিধায়ক ডাঃ রানা চট্টোপাধ্যায়। এই লক্ষ্যে বালি পুরসভার ইঞ্জিনিয়ার এবং প্রাক্তন কাউন্সিলর প্রাণকৃষ্ণ মজুমদারকে নিয়ে রেল আধিকারিকদের সঙ্গে সম্প্রতি এক বৈঠক করেন তিনি। কীভাবে বর্ষায় জল জমার সমস্যার হাত থেকে এলাকাবাসীদের রেহাই দেওয়া যাবে বৈঠকে তা নিয়ে আলোচনা হয়। রেলের অংশের নিকাশি নালা সংস্কারের কাজ রেল কর্তৃপক্ষকে দ্রুত শেষ করতে বলেন বিধায়ক ডাঃ রানা চট্টোপাধ্যায়। এরপর বিধায়ক তাঁদের সবাইকে নিয়ে বেলুড় স্টেশন সংলগ্ন অঞ্চল, রেলের ঝিল থেকে ১০ নম্বর পোল পর্যন্ত এলাকা পরিদর্শন করে কোথায় কী সমস্যা রয়েছে তা ঘুরে দেখেন। ডাঃ রানা চট্টোপাধ্যায় জানান, বর্ষায় বেলুড় ও বালির বিস্তীর্ণ এলাকায় জল জমার সমস্যার সমাধানে আমরা একাধিক পদক্ষেপ করছি। সেই লক্ষ্যেই আমরা এলাকা পরিদর্শন করলাম। ১০ নং পোলের অংশটি দ্রুত সংস্কারের জন্য রেলকে বলা হয়েছে। ওই পোলের নিচের অংশটি রেলের। পোলের দু'পাশ পুরসভা সংস্কার করে দিচ্ছে। পোলের অংশটি সংস্কারের জন্য রেলকে আমরা প্রয়োজনে সাহায্য করব। এই অংশের সংস্কার হয়ে গেলে বালি পুরসভার ৯, ১০, ১১, ১২, ২৭, ২৮ ও ২৯ নং ওয়ার্ডের মানুষ উপকৃত হবেন। দ্রুত এই বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ করতে আমরা রেলের কাছে দাবি জানিয়েছি।

# ইউটিউবই শিক্ষক, নিটে সফল রিকশাচালকের মেয়ে

**সংবাদদাতা, হিঙ্গলগঞ্জ :** ইচ্ছে আর অধ্যবসায় থাকলে যে যেকোনও কঠিন পথও সহজে পাড়ি দেওয়া যায় তার নিদর্শন প্রত্যন্ত সুন্দরবন এলাকার বাসিন্দা বিদিশা বর। অভাব, প্রতিকূলতা আর সীমাহীন বাধা ছিল নিত্যসঙ্গী। কিন্তু সেই সমস্তকিছুকে ছাপিয়ে ডাক্তার হওয়ার পথে একধাপ এগোল সে। মাধ্যমিক পরীক্ষার পর বিজ্ঞান শাখায় পড়াশুনা করতে গিয়েই স্বপ্ন দেখেছিল সে। আর সেই স্বপ্নকে সত্যি করতে লড়ে গিয়েছিল প্রতিটি মুহূর্তে। অবশেষে সেই স্বপ্ন পূরণের আলোর দিশা দেখতে পেয়েছে সে। ডাক্তার হওয়ার পথে বড় এক ধাপ এগিয়ে গেল উত্তর ২৪ পরগনার সুন্দরবনের হিঙ্গলগঞ্জের মেয়ে বিদিশা বর।

সুন্দরবনের এক কোণে, বাঁশতলা গ্রামের অতি



■ বাবা-মায়ের সঙ্গে হিঙ্গলগঞ্জের বিদিশা বর।

সাধারণ এক পরিবারে জন্ম বিদিশার। বাবা কলকাতায় রিকশা চালিয়ে কোনওমতে সংসার চালান। একটি মাত্র ঘরের মধ্যে মা-বাবা আর প্রতিদিনের রোজনামচা। ওই ঘরেই চলত নিট পরীক্ষার প্রস্তুতি।

বিদিশার কথায়, অনেক সময় বাড়িতে মন বসাতে পারিনি। তখন পুকুরপাড়ে গিয়ে বসতাম, কখনও মাঠের এক কোণে। মাথায় শুধু একটা কথাই ছিল—আমাকে ডাক্তার হতে হবে। কারণ আমাদের মতো গ্রামের মানুষদের চিকিৎসার জন্য দূরে যেতে হয়। আমি চাই, এই মানুষগুলোর পাশে দাঁড়াতে। কোচিং সেন্টারের ক্লাস নয়, ইউটিউবের ভিডিওই ছিল তার শিক্ষক। তার সংগ্রামের সাথি ছিল বাবা, মা, দিদি, জামাইবাবু ও বেশকিছু মানুষ। প্রখর ইচ্ছাশক্তি আর নিজের উপর অগাধ বিশ্বাসই ছিল তার আসল পুঁজি। বিদিশার সাফল্য শুধু তার নিজের নয়—এই জয় গোটা সুন্দরবনের, এই জয় সেই সব মেয়েদের যাদের স্বপ্ন বাঁচিয়ে রাখে শুধু সাহস আর সাধনায়।

# রাজ্য



জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল



স্মার্ট ফোনে ছবি তৈরির কর্মশালা চন্দননগরে

## জঞ্জাল সাফাইয়ে হাওড়ার রাস্তায় ৪টি অত্যাধুনিক 'ব্যাক-ও-লোডার'

**সংবাদদাতা, হাওড়া :** বর্ষায় আগে শহরে জঞ্জাল সাফাইয়ে বিশেষ জোর দিতে ৪টি 'ব্যাক-ও-লোডার' রাস্তায় নামাচ্ছে হাওড়া পুরসভা। মঙ্গলবার পুর দফতরের তরফে জঞ্জাল সাফাইয়ে এই অত্যাধুনিক যন্ত্রগুলি মুখ্য পুরপ্রশাসক ডাঃ সুজয় চক্রবর্তী ও বিধায়ক গৌতম চৌধুরির উপস্থিতিতে হাওড়া পুরসভার হাতে তুলে দেওয়া হল।

ডাঃ সুজয় চক্রবর্তী জানান, এর ফলে ভ্যাট থেকে ডাম্পারে জঞ্জাল তোলা অনেক সহজ সবে। ভ্যাট থেকে আবর্জনা রাস্তায় ছড়িয়ে পড়বে না। ভ্যাটের মধ্যেই জঞ্জাল থেকে যাবে। ফলে খুব সহজে তোলা সম্ভব হবে। এর পাশাপাশি হাওড়া শহরের সরু রাস্তা থেকে জঞ্জাল তুলতে ৩৪টি নতুন গাড়িও পাচ্ছে হাওড়া পুরসভা। কয়েকদিনের মধ্যেই সেগুলি চলে আসবে। এর ফলে পাড়ায় পাড়ায় গিয়ে ওই গাড়িগুলি আরও সহজে ময়লা ও আবর্জনা সংগ্রহ করতে পারবে। এর ফলে হাওড়া শহরের রাস্তাঘাট আরও ঝাঁ চকচকে এবং আবর্জনামুক্ত হবে।



■ বিধায়ক গৌতম চৌধুরি ও মুখ্য পুরপ্রশাসক ডাঃ সুজয় চক্রবর্তীর উপস্থিতিতে হাওড়ার রাস্তায় নামল ৪টি অত্যাধুনিক 'ব্যাক-ও-লোডার'।

## বিধায়কের উদ্যোগে রাস্তা, ফুল দিয়ে শুভেচ্ছা স্কুল-পড়ুয়াদের

**সংবাদদাতা, হাওড়া :** এতদিন ছাত্রদের স্কুলে যেতে হত কার্যত প্রাণ হাতে নিয়ে। বেহাল রাস্তায় প্রতিদিনই কোনও না কোনও গাড়ি উল্টে ছোটখাটো দুর্ঘটনা লেগেই থাকত। বর্ষার সময় জল জমে অবস্থা আরও ভয়াবহ হয়ে উঠেছিল। এই অবস্থার কথা জানিয়ে স্থানীয় বিধায়কের দৃষ্টি আকর্ষণ করেছিলেন স্কুল কর্তৃপক্ষ। উত্তর হাওড়ার বিধায়ক গৌতম চৌধুরি বিষয়টি জানার পর তড়িঘড়ি নিজেই উদ্যোগ নেন। এরপরই স্কুলের সামনে নতুন রাস্তা তৈরি করে দেওয়া হয়। বিধায়কের এই উদ্যোগে খুশি হয়ে স্কুলের ছাত্ররা মঙ্গলবার সকালে বিধায়ককে ফুল দিয়ে শুভেচ্ছা জানায়। গৌতম চৌধুরি জানান, শ্রীহনুমান জুটমিলস হিন্দি হাই স্কুলের পড়ুয়াদের রাস্তার কারণে স্কুলে আসতে সমস্যা হচ্ছিল। মমতা বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগে রাজ্য সরকারের তরফে এই রাস্তা নতুন করে আমরা নির্মাণ করতে পেরেছি। আমাদের খুব ভাল লাগছে। ছাত্ররাই ভবিষ্যতের কান্ডারি। তাই তারা মন দিয়ে লেখাপড়া করুক, সমস্ত কিছু সুযোগ-সুবিধা পাক সেটাই আমরা চাই।




■ বিধায়ক গৌতম চৌধুরিকে শুভেচ্ছা স্কুল-পড়ুয়াদের।

## চুরি লক্ষাধিক টাকা ও গয়না

**সংবাদদাতা, সোনারপুর :** শিক্ষকের বাড়িতে তালা ভেঙে চুরি লক্ষাধিক টাকা ও ১৫ ভরি সোনার গয়না। ঘটনায় সোনারপুর থানা এলাকার রূপনগরে চাঞ্চল্য ছড়িয়েছে। রামশঙ্কর মণ্ডল পরিবার নিয়ে দীর্ঘ ২১ বছর ধরে বাস করছেন রূপনগরের ওই বাড়িতে। গত ১৩ জুন বাড়ি ফাঁকা থাকার সুযোগে চুরি হয় তাঁর বাড়িতে। ১৬ জুন বাড়ি ফিরে দেখেন, নিচতলায় একটি ঘর ও দোতলার তিনটি ঘরের প্রতিটি তালা ভাঙা। ঘরের ভিতর লন্ডভন্ড অবস্থা। তিনটি স্টিলের আলমারি ও দুটি শোকেস ভেঙে দুষ্কৃতীরা নিয়ে গিয়েছে প্রায় ১৫ ভরি সোনার গয়না ও নগদ ১ লক্ষ টাকা। বাথরুমের জানালার গরাদ কেটে ভিতরে ঢোকে দুষ্কৃতীরা।

## ১৫ কোটি টাকার প্রতারণা পুলিশের জালে মূল পান্ডা

**সংবাদদাতা, বারুইপুর :** ডেলিভারি কোম্পানির নাম করে ১৫ কোটি টাকার প্রতারণা। অভিযোগের ভিত্তিতে তদন্ত নেমে বারুইপুর পুলিশ জেলার জেলা পুলিশ পেল বড়সড় সাফল্য। গ্রেফতার ডেলিভারি কোম্পানির মালিক-সহ ২। পুলিশ সূত্রে জানা গিয়েছে, দু'বছর আগে একটি ওষুধ কোম্পানির কাছ থেকে বিভিন্ন জায়গায় ওষুধ ডেলিভারি করার জন্য তারকনাথ ভট্টাচার্য সিকিউরিটি সার্ভিস নামে একটি কোম্পানি বরাত নেয়। মূলত এই কোম্পানির কাজ ছিল বিভিন্ন জায়গায় ওষুধ ডেলিভারি করে সেই ওষুধের টাকা সস্তা সুন্দর ওষুধ কোম্পানির একাউন্টে পাঠানো। এর বিনিময়ে চুক্তিপত্র অনুযায়ী কমিশন পাওয়ার কথা ছিল তারকনাথের কোম্পানির। কিন্তু গত দু'বছর ধরে সস্তা সুন্দর ওষুধ কোম্পানির কাছ থেকে ওষুধ নিয়ে বিভিন্ন জায়গায় ডেলিভারি করেও এদের অ্যাকাউন্টে টাকা দিত না তারকনাথের কম্পানি। এরপর সস্তা সুন্দর ওষুধ কোম্পানির পক্ষ থেকে বারুইপুর থানায় তারকনাথের কোম্পানির বিরুদ্ধে একটি প্রতারণার অভিযোগ দায়ের করে। পুলিশ সুপার পলাশচন্দ্র ঢালী তিনি জানান, বেশ কয়েক বছর ধরে আনুমানিক ১৫ কোটি টাকা তারকনাথের কোম্পানি ওই সস্তা সুন্দর ওষুধ কোম্পানিতে পাঠায়নি। এ-বিষয়ে তদন্ত করতে নেমে আমরা জানতে পারি, এই ১৫ কোটি টাকা তারকনাথ বিভিন্ন জায়গায় লগ্নি করেছে। গ্রেফতার করা হয় তারকনাথ ভট্টাচার্যকে। অভিযুক্তকে জিজ্ঞাসাবাদ করে শতরূপা সরকার এবং পম্পা মিস্ত্রি নামে দু'জনকে গ্রেফতার করা হয়।

## মাছ ব্যবসায়ী অপহরণ ধৃত ৩

**সংবাদদাতা, শাসন :** দিল্লির মাছ ব্যবসায়ীকে অপহরণ করে এক কোটি টাকা মুক্তিপণের দাবি। পুলিশি তৎপরতায় ২৪ ঘণ্টার মধ্যে উদ্ধার হল সেই অপহৃত ব্যবসায়ী। গ্রেফতার করা হয় তিন অপহরণকারীকেও। রবিবার এক সঙ্গীর সঙ্গে কলকাতা বিমানবন্দর থেকে বসিরহাটে হ্যাচারি ব্যবসার কাজে যাচ্ছিলেন মাছ ব্যবসায়ী নাজিম চৌহান। শাসন থানার সন্ডালিয়া এলাকায় অ্যাপ-ক্যাব থামিয়ে জরুরি কাজের জন্য নামলে একটি স্করপিও গাড়ি এসে ব্যবসায়ীকে অপহরণ করে। বসিরহাটের চারঘাট এলাকায় ওই ব্যবসায়ীকে লুকিয়ে রেখে ১ কোটি টাকা মুক্তিপণ চায় অপহরণকারীরা। শাসন থানার পুলিশ তদন্তে নামে। ৩ অপহরণকারীকে গ্রেফতার করে।



■ কাউন্সিলর পারমিতা চট্টোপাধ্যায়ের উদ্যোগে স্বর্গীয় অনুপ চট্টোপাধ্যায়ের স্মৃতিতে ৮৪ নং ব্লক তৃণমূল কংগ্রেসের আয়োজনে রক্তদান শিবির। রয়েছেন সাংসদ মালা রায়, বোরো চেয়ারম্যান দেবলীনা বিশ্বাস, কাউন্সিলর দিলীপ বসু, চিকিৎসক শিবাজি বসু-সহ অন্যরা।




■ বনগাঁর ১২ পল্লির লোকনাথ মন্দিরের পক্ষ থেকে ট্রাস্টি বোর্ডের সদস্যদের হাতে লোকনাথবাবার মূর্তি তুলে দিলেন জেলা আইএনটিটিইউসি'র সভাপতি নারায়ণ ঘোষ। মঙ্গলবার।

## কর্মাধ্যক্ষের হস্তক্ষেপ, মেয়েকে ফিরে পেলেন মা-বাবা

**সংবাদদাতা, হুগলি :** একটি ছোট্ট ভুল বোঝাবুঝি। তার জেরেই দীর্ঘদিন মায়ের কোলছাড়া আড়াই বছরের শিশুকন্যা। অবশেষে দীর্ঘ প্রশাসনিক প্রক্রিয়া ও আইনি লড়াইয়ের পর বাবা-মায়ের কোলে ফিরল বছর আড়াইয়ের ওই শিশু। আর তার ঘরে ফেরা সম্ভব হয়েছে হুগলি জেলা পরিষদের কর্মাধ্যক্ষ তথা আইনজীবী নির্মাল্য চক্রবর্তীর হস্তক্ষেপে। বহুদিন পর মেয়েকে ফিরে পেয়ে আবেগে ভেসেছেন তার বাবা-মা। শিশুটিও এখন সম্পূর্ণ সুস্থ এবং পরিবারের সান্নিধ্যে খুশি।

বাঁশবেড়িয়ার ১০ নম্বর ওয়ার্ডের বাসিন্দা অশোক জেনা ও অরূপমা জেনা গত মাসের শুরুতে অসুস্থতার কারণে তাঁদের শিশুকন্যাকে চুঁচুড়া ইমামবাড়া হাসপাতালে ভর্তি করেন। পারিবারিক কারণে সেই সময়েই ওই দম্পতিকে ওড়িশায় দেশের বাড়ি যেতে হয়। শিশুটির দেখাশোনার দায়িত্ব নেন অশোকের দাদা-বউদি। ছোটবেলা থেকেই এই জেঠু-জেঠিমাকেই 'বাবা-মা' বলে ডাকে সে। তাই সুস্থ হয়ে হাসপাতাল থেকে ছাড়া পাওয়ার সময়েই বিপত্তি বাধে। বাচ্চাটি তার জেঠু-জেঠিমাকে বাবা-মা সম্বোধন করলেই সন্দেহ জাগে হাসপাতাল কর্তৃপক্ষের। খবর দেওয়া হয় চাইল্ড লাইনে। আর চাইল্ড ওয়েলফেয়ার কমিটির তত্ত্বাবধানে শিশুটিকে পাঠানো হয় হোমে।



■ কর্মাধ্যক্ষ নির্মাল্য চক্রবর্তী।

এরপর শুরু হয় 'আসল' বাবা-মায়ের মেয়েকে ফিরে পাওয়ার লড়াই। পরিচয় সংক্রান্ত নথিপত্র নিয়ে একাধিক দফতরে দৌড়ঝাঁপ করেও মেয়েকে ফিরে পাচ্ছিলেন না অশোক ও অরূপমা। ঘটনার কথা জানতে পেরে বিষয়টিতে হস্তক্ষেপ করেন হুগলি জেলা পরিষদের কর্মাধ্যক্ষ তথা আইনজীবী নির্মাল্য চক্রবর্তী। অবশেষে দীর্ঘদিনের আইনি প্রক্রিয়া সম্পূর্ণ করে অবশেষে শিশুটিকে ফিরিয়ে দেওয়া হল তার মা-বাবার কাছে। নির্মাল্যবাবু এই বিষয়ে সহযোগিতার জন্য ধন্যবাদ জানিয়েছেন বাঁশবেড়িয়ার উপ-পুরপ্রধান শিল্পী চট্টোপাধ্যায়, কাউন্সিলর দুর্গা রাউত ও জেলা প্রশাসনের কর্তাদের। তিনি বলেন, একটা সামান্য ভুল বোঝাবুঝির কারণে বাচ্চাটি বাবা-মায়ের থেকে দূরে চলে যায়। এমনকী, সমস্ত নথিপত্র থাকা সত্ত্বেও বাচ্চাটিকে তার মা-বাবার সঙ্গে দেখাও করতে দেওয়া হচ্ছিল না। খুবই অমানবিক। দীর্ঘ লড়াইয়ের পর বাচ্চাটিকে তার বাবা-মায়ের কাছে ফিরিয়ে দিতে পেরে সত্যি ভাল লাগছে।



■ ডায়মন্ড হারবার থানার উদ্যোগে রক্তদান শিবির। রক্তদান করেন শতাধিক সিভিক ভলান্টিয়ার ও পুলিশকর্মী। ছিলেন পুরপ্রধান, এসডিপিও, আইসি, ওসি-সহ একাধিক পুলিশ কর্তা। মঙ্গলবার।

জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

আমার বাংলা

18 June, 2025 • Wednesday • Page 7 || Website - www.jagobangla.in



এসটিএফের অভিযানে নিষিদ্ধ মাদক কাফ সিরাপ উদ্ধার। গ্রেফতার এক অভিযুক্ত। পশ্চিমবঙ্গ স্পেশাল টাস্ক ফোর্সের অভিযানে সিতাই ব্লকের গাড়ানাটা গ্রাম থেকে বিপুল পরিমাণ নিষিদ্ধ কাফ সিরাপ উদ্ধার করা হয়

# দিঘার জগন্নাথদেবের প্রসাদ পৌঁছে গেল তুফানগঞ্জের প্রতি বাড়িতে, খুশি বাসিন্দারা

**সংবাদদাতা, কোচবিহার :** দিঘার জগন্নাথদেবের প্রসাদ পৌঁছে যাবে রাজ্যের প্রত্যেকটি বাড়িতে। উদ্বোধনের পরই একথা বলেছিলেন মুখ্যমন্ত্রী বন্দ্যোপাধ্যায়। তাঁর নির্দেশমতো দক্ষিণ ও উত্তরের প্রতিটি জেলার মানুষের কাছে প্রসাদ পৌঁছে দেওয়ার ব্যবস্থা হয়েছে। প্রথম নির্দেশিকায় বলা হয়, ১৭ জুন পৌঁছে যাবে প্রসাদ। ওই নির্দেশিকা অনুযায়ী মঙ্গলবার কোচবিহারের তুফানগঞ্জ পুরসভা এলাকায় বাড়ি বাড়ি বিলি করা হল জগন্নাথদেবের মহাপ্রসাদ। বাকি জেলায় দ্বিতীয় নির্দেশিকা অনুযায়ী ২০ জুন থেকে প্রসাদ বিলি শুরু হবে। তুফানগঞ্জ শহরের ১ নম্বর ওয়ার্ডে সব বাড়িতে দিঘার জগন্নাথদেবের মহাপ্রসাদ বিতরণ করা হয়। বাড়ি বাড়ি গিয়ে প্রসাদ বিতরণ করেন তুফানগঞ্জ পুরসভার চেয়ারপার্সন কৃষ্ণা ইশোর। তিনি বলেন, অসংখ্য ধন্যবাদ মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে সবার ঘরে ঘরে মহাপ্রসাদ বিতরণের জন্য। জগন্নাথদেব যেন সবার মঙ্গল করেন। রথযাত্রার মাঝে দিঘার জগন্নাথ মন্দিরের মহাপ্রসাদ বাড়ি বাড়ি পৌঁছে যাচ্ছে। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় আগেই ঘোষণা করেছিলেন তিনি জগন্নাথধামের প্রসাদ বাড়ি বাড়ি পৌঁছানোর উদ্যোগ নেবেন। দিঘার জগন্নাথ মন্দিরকে ঘিরে বাংলা জুড়ে আবেগ রয়েছে। ইতিমধ্যে কোচবিহার-সহ উত্তরবঙ্গের জেলাগুলি থেকে উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থার ভলভো বাস চালু হয়েছে দিঘা পর্যন্ত। দিঘার জগন্নাথ প্রভুর মন্দির দর্শনের সুযোগ করে দিয়েছেন রাজ্যের মুখ্যমন্ত্রী। এবারে ঘরে বসেই জগন্নাথদেবের মন্দিরের মহাপ্রসাদ হাতে পাওয়ার অপেক্ষায় আছেন কোচবিহারের ভক্তরা।



■ প্রসাদ দিচ্ছেন তুফানগঞ্জ পুরসভার চেয়ারপার্সন কৃষ্ণা ইশোর।

# বিধায়কের উদ্যোগ, হাসপাতালে রোগীর পরিজনদের জন্য শেড

**সংবাদদাতা, জলপাইগুড়ি:** ধূপগুড়ির বিধায়ক নির্মলচন্দ্র রায়ের উদ্যোগে মহকুমা হাসপাতালে রোগীর পরিজনদের জন্য তৈরি হচ্ছে দুটি শেড। দীর্ঘদিন ধরেই ধূপগুড়ি হাসপাতালে রোগীর পরিজনদের হাসপাতাল চত্বরে থাকতে সমস্যায় পড়তে হত। এই অবস্থার অবসান ঘটাতে এগিয়ে আসেন রাজ্যের শাসক দলের বিধায়ক স্বয়ং। দুটি আধুনিক শেড নির্মাণে বরাদ্দ ৬.১২ লক্ষ টাকা, থাকবে ফ্যান, আলো ও টয়লেট সুবিধা। বিধায়ক সূত্রে জানা গিয়েছে, এই দুটি শেড নির্মাণে খরচ ধরা হয়েছে ৬ লক্ষ ১২ হাজার টাকা। ইতিমধ্যেই টেন্ডার প্রক্রিয়া সম্পূর্ণ হয়ে ঠিকাদার সংস্থা পেয়েছে কাজের বরাত। খুব শীঘ্রই কাজ শুরু হতে চলেছে বলে জানা যায়। শেড দুটির সঙ্গে থাকবে ফ্যান, পর্যাপ্ত আলো, বিশ্রামের জায়গা ও শৌচাগার। এমনকী মহিলা পরিজনদের জন্য পৃথক ব্যবস্থাও থাকবে বলে জানা




গেছে। পানীয় জলের প্ল্যান্টও বসানো হচ্ছে, অতিরিক্ত ৬ লক্ষ টাকা বরাদ্দ শুধু শেড নয়, রোগীর আত্মীয়রা যাতে পরিষ্কার পানীয় জল পান, সেই ব্যবস্থাও করতে চলেছেন বিধায়ক নির্মলচন্দ্র রায়। ৬ লক্ষ টাকা ব্যয়ে বসানো হবে একটি আধুনিক ওয়াটার পিউরিফায়ার প্ল্যান্ট। বিধায়ক বলেন, "মানুষই আমার আসল শক্তি। এই প্রকল্পগুলো আমার দায়বদ্ধতা ও দায়িত্ববোধ থেকে করা হচ্ছে। খুব শীঘ্রই কাজ শুরু হবে।''

# আটকে থাকা রেল প্রকল্পের কাজ শুরুর উদ্যোগ রাজ্যের

**সংবাদদাতা, রায়গঞ্জ:** উদাসীন কেন্দ্র। কালিয়াগঞ্জ বুনিয়াদপুর রেল প্রকল্পের কাজ শুরু হবে বলে সেই কাজে হাত দেয়নি। জমিজট কাটিয়ে কীভাবে রেল প্রকল্পের কাজ কীভাবে শুরু করা যাবে তারই উদ্যোগ নিল রাজ্য। মঙ্গলবার কালিয়াগঞ্জে জমি অধিগ্রহণ প্রক্রিয়া নিয়ে কৃষকদের সঙ্গে বৈঠক করল জেলা প্রশাসন। রাজ্য সরকারের উদ্যোগে জমি অধিগ্রহণের প্রক্রিয়া শুরু হল। জেলা প্রশাসনের নির্দেশে কালিয়াগঞ্জ ব্লকের ধনকৈইল গ্রাম পঞ্চায়েতের সভাপক্ষে দু'টি মৌজার কৃষকদের নিয়ে বৈঠক করা হল মঙ্গলবার। বুধবারও দুই সংসদের কৃষকদের নিয়ে বৈঠক অনুষ্ঠিত হবে। এদিনের বৈঠকে উপস্থিত ছিলেন ধনকৈইল পঞ্চায়েত প্রধান ধৃত রায়বর্মন, জেলা পরিষদের সদস্য রাম দেব সাহানী ও জেলা প্রশাসনিক আধিকারিকরা। উত্তর ও দক্ষিণ দিনাজপুর জেলার মধ্যে রেলপথ সংযোগরক্ষাকারী কালিয়াগঞ্জ ও বুনিয়াদপুর প্রকল্পের কাজ শুরু হয়নি এই জমি জটিলতায়। ২১ এপ্রিল জমি অধিগ্রহণ প্রক্রিয়ার জন্য প্রয়োজনীয় কর্মী নিয়োগ করতে বিজ্ঞপ্তি প্রকাশ করে উত্তর দিনাজপুর জেলা প্রশাসন। এদিনের বৈঠকে তালিকায় নাম থাকা কৃষকদের ডাকা হয়েছিল। তালিকায় থাকা অধিকাংশ কৃষক এদিনের বৈঠকে অংশ নিয়েছিলেন।

# সুস্বাস্থ্যকেন্দ্র, দোকান নির্মাণ, রায়গঞ্জের উন্নয়নে উদ্যোগ পুরসভার

**অপরাজিতা জোয়ারদার ● রায়গঞ্জ**

৩৫ লক্ষ ব্যয়ে সুস্বাস্থ্যকেন্দ্র নির্মাণ। ৭৫ লক্ষ টাকা ব্যয়ে দোকান ঘর তৈরি-সহ রায়গঞ্জ জুড়ে চলছে উন্নয়নের কাজ। পুরসভার উদ্যোগ। রায়গঞ্জের প্রাচীনতম বন্দর বাজারকে সাজানো হচ্ছে পুরসভার উদ্যোগে। ব্রিটিশ পূর্ববর্তী আমলে রায়গঞ্জ শহরের কুলিক নদী ঘেঁষে গড়ে উঠেছিল আমদানি-রফতানির কেন্দ্র এই বন্দর। সেই সময় পাট-সহ বিভিন্ন কাঁচামাল আমদানি হত বড় বড় নৌকাতে। বাণিজ্যিক এই কেন্দ্র থেকেই আবার ছোট ছোট নৌকা বেয়ে জেলা ও জেলা ছাড়িয়ে রফতানি করা হত বিভিন্ন সামগ্রী। শহরের প্রাচীন ইতিহাস বয়ে চলা এই বন্দর ঘিরে গড়ে ওঠে বাজার, যা আজও রয়েছে। দীর্ঘদিনের এই বন্দর বাজার রক্ষার্থে রায়গঞ্জ পুরসভার এই উদ্যোগ।



■ নতুন করে তৈরি হচ্ছে একাধিক দোকান।

পুর প্রশাসক সন্দীপ বিশ্বাস জানান, মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের অনুপ্রেরণায় বন্দর বাজারে কোটি টাকার ওপরে প্রকল্পের কাজ চলছে। আরও কীভাবে বন্দর বাজারের উন্নয়ন করা যায় তা দেখা হচ্ছে। এখানে ৩২টি দোকান ঘর রয়েছে। পরবর্তীতে তার সংখ্যা বাড়বে। দোকান ঘরগুলি নির্মিত হয়ে গেলে স্থায়ীভাবে ব্যবসা করতে পারবেন ব্যবসায়ীরা। এখানে প্রয়াত কাউন্সিলর সাগর মল কল্যাণীর নামে সুস্বাস্থ্যকেন্দ্র নির্মিত হবে। পাশাপাশি সোলার সিস্টেমে মিনি কোল্ড স্টোরেজ তৈরি হবে। যেখানে অবিক্রিত জিনিসপত্র মজুত রাখতে পারবেন ব্যবসায়ীরা। নৈশকালীন বাজারেও যাতে একই ভাবে ব্যবসায়ীরা করতে পারেন তার ব্যবস্থাও করা হয়েছে বলে জানিয়েছেন পুরপতি।

## বন দফতরের উদ্যোগ



■ বন্যপ্রাণ ও মানুষের সংঘাত ঠেকাতে ব্যবস্থা নিল বন দফতর। আলিপুরদুয়ার জেলার বিভিন্ন এলালকায় সম্প্রতি বুনো হাতি, চিতাবাঘ ও বাইসনের আক্রমণে প্রাণ হারিয়েছেন বেশ কিছু মানুষ। জলপাইগুড়ি বন বিভাগের দলগাঁও রেঞ্জের তরফে জঙ্গল সংলগ্ন গ্রামের বাসিন্দাদের মধ্যে সার্চলাইট বিলি করা হয়। গ্রামবাসীদের হাতে সার্চলাইট তুলে দিলেন ফালাকাটা পঞ্চয়েত সমিতির সভাপতি সুভাষ রায়। ছিলেন জটেশ্বর ফাঁড়ির ওসি জগৎজ্যোতি রায়, দলগাঁও বিটের বিট অফিসার প্রীতম রায় প্রমুখ। বিট অফিসার জানান, বন্যপ্রাণ ও মানুষের সংঘাত ঠেকাতে ২২৬ জনের হাতে সার্চলাইট তুলে দেওয়া হল।

## ছাদ থেকে পড়ে

■ ছাদ থেকে পড়ে মৃত্যু হল গৃহবধূর। শিলিগুড়ির সুভাষপল্লির ঘটনা। মৃতের নাম নমিতা সরকার। মঙ্গলবার সকালে নমিতা বাড়ির ছাদে ফুলগাছে জল দিচ্ছিলেন। সেই সময় অসাবধানতাবশত পা ফসকে নিচে পড়ে যান। পরিবারের সদস্যরা দ্রুত তাঁকে উদ্ধার করে শিলিগুড়ি জেলা হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকরা তাঁকে মৃত ঘোষণা করেন। ঘটনার খবর পেয়ে শিলিগুড়ি থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছে তদন্ত শুরু করেছে।

## পুলিশের তৎপরতায়

■ প্রতারণা করে বাইক চুরি। পুলিশের তৎপরতায় উদ্ধার হল। দিনহাটার ঘটনা। ফাইন্যান্স কোম্পানির নাম করে প্রতারণার চেষ্টা। পুলিশের হস্তক্ষেপে উদ্ধার হয় একটি বাইক। দিনহাটায় এক ফাইন্যান্স কোম্পানির নাম ভাঙিয়ে বাইক চুরির চেষ্টা চালালে পুলিশের দ্রুত হস্তক্ষেপে উদ্ধার করা হয় বাইকটি। মঙ্গলবার দুপুর দিনহাটা প্রেস ক্লাবে এক সাংবাদিক বৈঠকে এ-ঘটনার বিস্তারিত জানান প্রতারণার শিকার কিশোর বর্মন।

## ভবনের উদ্বোধন




■ সর্বশিক্ষা মিশনের ৭৪ লক্ষ টাকা ব্যয়ে মালদহ চক্রের মহানন্দা প্রাথমিক বিদ্যালয়ের নবনির্মিত বিদ্যালয়ের উদ্বোধন হল। মঙ্গলবার এই অনুষ্ঠানে ছিলেন জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদের চেয়ারম্যান বাসন্তী বর্মন, জেলা বিদ্যালয় পরিদর্শক মলয় কুমার মণ্ডল, জেলা শিক্ষা আধিকারিক স্মিতা সুব্বা প্রমুখ।

আমার বাংলা

জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

18 June, 2025 • Wednesday • Page 8 || Website - www.jagobangla.in

# হার নিশ্চিত জেনে মনোনয়নে নেই রাম-বাম দুই সমবায়েই বিনা লড়াইয়ে জয়ী তৃণমূল

**সংবাদদাতা, বর্ধমান :** বর্ধমান জেলার বড়শূল ২ গ্রাম পঞ্চায়েতের দুটি সমবায় সমিতির নির্বাচনেই বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয়ী হল তৃণমূল কংগ্রেস। বিরোধীরা হার নিশ্চিত বুঝে মনোনয়নই জমা দিলেন না কেউ। বর্ধমান ২ ব্লক তৃণমূল কংগ্রেস সভাপতি পরমেশ্বর কোনার এ প্রসঙ্গে জানান, মঙ্গলবার ছিল বড়শূল ২ অঞ্চলের আদর্শ সমবায় কৃষি উন্নয়ন সমিতির ৫৫টি আসনে এবং বামুনপাড়া কৃষি উন্নয়ন সমবায় সমিতির ১২টি আসনে মনোনয়নপত্র জমা দেওয়ার শেষ দিন। কিন্তু শেষ সময়সীমার মধ্যে এই দুই সমবায়ে তৃণমূল ছাড়া অন্য কোনও দলের একজন প্রার্থীও মনোনয়নপত্র জমা দিতে এলেন না হার একপ্রকার নিশ্চিত বুঝতে পেরেই। ফলে দুটি সমবায়ের সব ক'টি আসনেই প্রার্থী দিয়ে বিনা লড়াইয়েই ভোটে জয়ী হয়ে গেল তৃণমূল। তিনি আরও জানান, বর্ধমান ২ ব্লকের নবস্থা অঞ্চলের একটি সমবায় সমিতি বাদে এই ব্লকের সব ক'টি সমবায়েরই নির্বাচন পর্ব শেষ হয়েছে। যার সব ক'টিতেই জয়ী হয়েছে তৃণমূল কংগ্রেস। এখানে কোথাও রাম-বামেদের খুঁজেই পাওয়া যায়নি। ফলে আগামী বিধানসভা ভোটে কী ফলাফল হতে চলেছে এখন থেকেই পরিষ্কার হয়ে যাচ্ছে।

বর্ধমান



■ বড়শূলের আদর্শ সমবায় কৃষি উন্নয়ন সমিতির ভোটে জয়ী তৃণমূল প্রার্থীরা।

# ডাকাতি করতে এসে পুলিশের জালে ধরা পড়ল দলবল-সহ বিজেপি নেতার ছেলে

**সংবাদদাতা, রামপুরহাট :** শাসক দলের দাবি, বিরোধীরা সব সময় তৃণমূল কংগ্রেসকে বেকায়দায় ফেলার জন্য ষড়যন্ত্রে লিপ্ত। কদিন আগে মুখ্যমন্ত্রী বলেছিলেন, রাজ্যের বিরোধী রাজনৈতিক দলগুলো বিভিন্ন অপরাধ করে সাধারণ মানুষের ক্ষতি করে সরকারের বদনামের চেষ্টা করে যাচ্ছে। যে কারণে পুলিশকে সতর্ক থাকার বার্তাও দিয়েছিলেন তিনি। মুখ্যমন্ত্রীর অভিযোগ যে সত্যি, তার বড় প্রমাণ মিলল বীরভূমে। ডাকাতির উদ্দেশ্যে জড়ো হওয়া বিজেপি নেতার ছেলে ও তার বন্ধুর দল পুলিশের জালে পড়ল। সূত্র মারফত খবর পেয়ে ডাকাতির ছক বানচাল করে দিল বীরভূমের মল্লারপুর থানার পুলিশ। সোমবার গভীররাতে মল্লারপুর থানার ওসি রাজকুমার দাস খবর পেয়ে ১২ নম্বর জাতীয় সড়কের আম্বা মোড়ের কাছে অভিযান চালিয়ে সন্দেহভাজন চার যুবককে দাঁড়িয়ে থাকতে দেখেন। ওসির নেতৃত্বে পুলিশের টহলদারি ভ্যান দ্রুত চার যুবককে হাতেনাতে ধরে ফেলে। তাদের আটক করে মল্লারপুর থানায় নিয়ে আসা হয়। এরপর তাদের জিজ্ঞাসাবাদ করে পুলিশ জানতে পারে তারা ডাকাতির উদ্দেশ্যে জড়ো হয়েছিল। চারজনই বিজেপির কর্মী। এদের মধ্যে সোমনাথ দাস শেষ পঞ্চায়েত নির্বাচনে মল্লারপুর ১ নম্বর পঞ্চায়েতের বিজেপি প্রার্থী গদাই দাসের ছেলে। এই ঘটনায় রীতিমতো শোরগোল পড়ে যায় এলাকায়। মল্লারপুর থানার পুলিশ সূত্রে জানা গিয়েছে, ডাকাতির উদ্দেশ্যে জড়ো হওয়া বাকি তিন অভিযুক্ত রাহুল ভকত, রথীন দাস ও শঙ্খ মণ্ডল। প্রত্যেকের বাড়ি মল্লারপুর থানা এলাকায়। বীরভূম জেলা তৃণমূল সহ-সভাপতি মলয় মুখোপাধ্যায় বলেন, বিরোধীরা সব সময় ষড়যন্ত্র করে চারিদিকে অশান্তির বাতাবরণ তৈরি করতে চাইছে। কখনও দাঙ্গা, কখনও রাতের অন্ধকারে ডাকাতির উদ্দেশ্যে জড়ো হয়ে মানুষের ওপর হামলা, আবার কখনও জাতিগত বিদ্বেষ ছড়িয়ে মানুষে মানুষে বিভেদ তৈরি করা, এসব করে চলেছে। পুলিশ যে ব্যর্থ এটাও মানুষের সামনে তুলে ধরার চেষ্টা করে যাচ্ছে বহুদিন ধরে। কিন্তু বীরভূম জেলা পুলিশ সব সময় সতর্ক। মানুষের কাছে পুলিশের গ্রহণযোগ্যতা বাম আমলের তুলনায় অনেক বেড়েছে। তাই কোথাও কোনও অসুবিধা হলেই সাধারণ মানুষ পুলিশকে ফোন করে জানিয়ে দেয়। ডাকাতির উদ্দেশ্যে জড়ো হওয়ার ঘটনায় মল্লারপুরের এক বিজেপির নেতার ছেলে পুলিশের হাতে গ্রেফতার হয়েছে। এর থেকেই বোঝা যাচ্ছে, অপরাধ এবং অপরাধী এই দুটো নিয়েই বিজেপির কাজ। বীরভূমের পুলিশ সুপার আমনদীপ জানান, জাতীয় সড়কের উপর পুলিশের নজরদারি বাড়ানো হয়েছে। পুলিশ তৎপর আছে। অপরাধীদের বিরুদ্ধে কঠোর আইনি ব্যবস্থা নেওয়া হয়েছে। অভিযুক্তদের ১৪ দিনের জেল হেফাজতের নির্দেশ দিয়েছে রামপুরহাট আদালত।



■ বিজেপি নেতার গুণধর ছেলেকে নিয়ে আদালতের পথে পুলিশ। মঙ্গলবার।

## গাড়ি দুর্ঘটনায় জখম ৫ আরোহী হাসপাতালে ভর্তি

**সংবাদদাতা, পাণ্ডবেশ্বর :** পাণ্ডবেশ্বরের ৬০ নম্বর জাতীয় সড়কে মহালক্ষ্মী খোলামুখ খনির সামনে মঙ্গলবার পথ দুর্ঘটনায় দুমড়ে-মুচড়ে যায় একটি চার চাকা গাড়ি। গুরুতর আহত গাড়ির ৫ আরোহীর মধ্যে দুজনের অবস্থা সঙ্কটজনক বলে জানা যায়। পুলিশ সূত্রে খবর, গাড়িটি তারাপীঠ থেকে রানিগঞ্জ যাওয়ার পথে নিয়ন্ত্রণ হারিয়ে পথের পাশে থাকা ডিভাইডারে ধাক্কা মারে। গাড়িটি দুমড়ে-মুচড়ে যায়। আরোহী পাঁচজনকে পাণ্ডবেশ্বর ট্রাফিক পুলিশ ও পাণ্ডবেশ্বর থানার পুলিশ উদ্ধার করে বেসরকারি হাসপাতালে নিয়ে যায়। দুজন গুরুতর আহত হয়েছে বলে জানা যায়। গাড়ির তিন আরোহী আসানসোল এবং বাকি দুজন বিহারের বাসিন্দা বলে জানা গিয়েছে পুলিশি সূত্রে। কী করে এই দুর্ঘটনা ঘটল, তদন্ত শুরু করেছে পাণ্ডবেশ্বর থানার পুলিশ।

## ৩ ঘণ্টায় ধৃত সোনার গয়নার ব্যাগ-সহ ৩ মহিলা ছিনতাইকারী



**সংবাদদাতা, বোলপুর :** মাত্র তিন ঘণ্টার মধ্যেই ছিনতাই হওয়া সোনার গয়না উদ্ধার করল শান্তিনিকেতন থানার পুলিশ। মঙ্গলবার সকালে শান্তিনিকেতন থানার ওসি ডলি মণ্ডলের কাছে স্থানীয় এক মহিলা অভিযোগ জানান, কিছু গয়না নিয়ে তিনি যখন অটোয় করে সোনার দোকানে যাচ্ছিলেন তখন মাঝরাস্তায় তিন মহিলা ওই টোটোয় ওঠে। তাঁর সঙ্গে তিন মহিলা গল্প জমায়। কথাচ্ছলে

**শান্তিনিকেতনে পুলিশি সাফল্য**

তাদের একজন সুকৌশলে সোনার ব্যাগটি হাতিয়ে চম্পট দেয়। দোকানে পৌঁছে তিনি দেখেন সোনার ব্যাগটি খোওয়া গিয়েছে। অভিযোগ পেয়েই ওসি ডলি মণ্ডলের নেতৃত্বে ছিনতাইয়ের ঘটনার তদন্ত শুরু হয়। সিসিটিভি ফুটেজ দেখে এবং টোটোচালককে জিজ্ঞাসাবাদ করে পুলিশ তিন মহিলার সন্ধান পায়। শান্তিনিকেতন থানার পুলিশ সূত্রে জানা গিয়েছে, ছিনতায়ের পর তিনজনই এলাকা ছেড়ে পালানোর চেষ্টা করছিল। কিন্তু পুলিশ সময়মতো তাদের সোনার ব্যাগ সমেত গ্রেফতার করে। পুরো গয়নাই উদ্ধার হয়েছে। বুধবার অভিযুক্তদের বোলপুর আদালতে তুলে পুলিশ নিজেদের হেফাজতে নেওয়ার আবেদন জানাবে। পুলিশ জানিয়েছে, ছিনতাইকারী মহিলাদের বাড়ি আহমদপুরে।

## দোকান ভেঙে ঢুকে পড়ল পণ্যের লরি



**সংবাদদাতা, ডেবরা :** ডেবরায় ১৬ নং জাতীয় সড়কে নিয়ন্ত্রণ হারিয়ে হুড়মুড়িয়ে রাস্তার পাশের একটি দোকান ভেঙে ঢুকে পড়ল মালবোঝাই এক লরি। অল্পের জন্য বড় দুর্ঘটনার হাত থেকে রক্ষা পেলেন দোকানি। মঙ্গলবার সকালে ডেবরা ব্লকের ধামতোড় এলাকায় ১৬ নং জাতীয় সড়কের পাশে থাকা ওই দোকানের ভেতর হুড়মুড়িয়ে ঢুকে পড়ে মালবোঝাই লরিটি। ফলে একেবারে দুমড়ে-মুচড়ে যায় ওই দোকান। সেই সময় দোকানের ভেতরে লোকজন থাকলে তাঁদের সবারই প্রাণহানির আশঙ্কা ছিল। কারণ দুর্ঘটনার সময় থেকে ১ ঘণ্টা পর ওই দোকানে মানুষের ভিড় থাকে প্রায় দিনই। তখনও দোকানে লোকজন আসা শুরু না হওয়ায় বড়সড় দুর্ঘটনার হাত থেকে রেহাই মিলল। ঘটনাস্থলে ডেবরা থানার পুলিশ এবং জাতীয় সড়ক রক্ষণাবেক্ষণের দল এসে লরিটির উদ্ধারকাজে নামে।

# নিখোঁজ মানসিক ভারসাম্যহীন যুবককে ঘরে ফেরাল পুলিশ

**দেবব্রত বাগ ● ঝাড়গ্রাম**

দু'বছর আগে কেরলের তিরুবনন্তপুরম থেকে নিখোঁজ এক মানসিক ভারসাম্যহীন যুবককে শেষমেশ পরিবারের কাছে ফিরিয়ে দিল ঝাড়গ্রাম জেলার বেলিয়াবেড়া থানার পুলিশ। স্থানীয় মানুষের সঙ্গে সম্মিলিতভাবে পুলিশের এই কাজে পরিবারে ফিরে এল স্বস্তির নিশ্বাস। একই সঙ্গে প্রকাশ পেল পুলিশের মানবিক রূপ। কয়েক মাস ধরেই গোপীবল্লভপুর ২ ব্লকের বিভিন্ন গ্রামে উদ্দেশ্যহীনভাবে ঘুরে বেড়াচ্ছিলেন ওই যুবক। গায়ে মলিন পোশাক, মুখে ক্লান্তির ছাপ, কারও সঙ্গে বিশেষ কথা বলতেন না। দুর্বোধ্য ভাষায় বিড়বিড় করতেন। নিজের নাম-পরিচয় কিছুই জানাতে চাইতেন না। চার মাস আগে ওই যুবক পৌঁছন গোপীবল্লভপুর ২ ব্লকের প্রদিমা গ্রামে। স্থানীয় বাসিন্দা গৌতম রায়, দেবাশিস রায়, রতিকান্ত মান্না, অভিজিৎ রায়, তাপস রায় এবং গোবিন্দ নাওড়িয়া-সহ অনেকে মিলে তাঁকে আশ্রয় দিয়ে নতুন পোশাক ও প্রাথমিক চিকিৎসার ব্যবস্থা করেন। একসময় অনেক কষ্টে কথাবার্তার সূত্রে জানা যায়, তাঁর বাড়ি কেরলের তিরুবনন্তপুরমে। এরপর বেলিয়াবেড়া থানার ভারপ্রাপ্ত আধিকারিকদের সহায়তায় যোগাযোগ করা হয় কেরল পুলিশের সঙ্গে। অবশেষে মেলে তাঁর পরিবারের খোঁজ। দু'বছর আগে ২০২৩ সালের ২৬ ডিসেম্বর ওই যুবক নিখোঁজ হন বলে জানান তাঁর দাদা। সেই সময় তিরুবনন্তপুরম থানায় লিখিত অভিযোগও দায়ের করেন তিনি। দীর্ঘদিন ভাইয়ের কোনও খোঁজ পাননি জানিয়ে কেরল থেকে ঝাড়গ্রামের বেলিয়াবেড়া থানায় এসে ভাইকে সঙ্গে ফিরিয়ে নিয়ে যাওয়ার আগে তিনি বলেন, 'আজ ভাইকে ফিরে পেয়ে আমি বাংলার পুলিশ ও মানুষদের কাছে চিরকৃতজ্ঞ।' বিদায়ের মুহূর্তে আবেগঘন হয়ে ওঠে পরিবেশ। পুলিশ ও এলাকার যুবকদের এই মানবিক উদ্যোগে খুশি এলাকাবাসীও।




■ কেরল থেকে নিখোঁজ ভাইকে নিতে আসা দাদা উদ্ধারকারীদের সঙ্গে। বেলিয়াবেড়া থানায়, মঙ্গলবার।

মঙ্গলবার ডিআইজি বর্ধমান রেঞ্জের নতুন অফিসের উদ্বোধন করেন এডিজি অ্যান্ড আইজিপি ওয়েস্টার্ন জোন অশোককুমার প্রসাদ। ডিআইজি বর্ধমান রেঞ্জ শ্যাম সিং জানান, চুঁচুড়া থেকে বর্ধমানে এই অফিস স্থানান্তরিত হল

# রথের ৮ দিনই দিঘায় দর্শনার্থীরা পাবেন মাসির বাড়ির অন্নপ্রসাদ

তুহিনশুভ্র আগুয়ান ● দিঘা

নীল দিগন্তবিস্তৃত দিঘা সমুদ্র সৈকতের কোলে মাসির বাড়িতে এখন রথযাত্রার প্রস্তুতি তুঙ্গে। আগামী ২৭ জুন দিঘার জগন্নাথধাম থেকে হাজার হাজার ভক্তের টানে রথে চড়ে জগন্নাথদেব পৌঁছবেন তাঁর মাসির বাড়ি। পৃথক রথে সঙ্গে যাবেন বলরাম ও সুভদ্রা। দিঘা জগন্নাথধামে এবার প্রথম রথযাত্রা। তাই মাসির বাড়ির কমিটি জগন্নাথের সেবায় কোনওরকম ত্রুটি রাখতে চায় না। দফায় দফায় বৈঠকের পাশাপাশি চলছে চূড়ান্ত পর্যায়ের প্রস্তুতি। জগন্নাথের প্রতি অগাধ ভক্তি ও শ্রদ্ধা নিয়ে ইতিমধ্যেই দিঘায় মানুষের ঢল নেমেছে, যা জনপ্রিয় এই পর্যটন কেন্দ্রকে নতুন তীর্থস্থানে পরিণত করেছে। তাই এ কথা বলার অপেক্ষা রাখে না যে, দিঘায় এই প্রথম রথযাত্রা শুধুমাত্র একটি ধর্মীয় অনুষ্ঠান নয়, তা এই অঞ্চলের সংস্কৃতি ও মানুষের জীবনে এক নতুন অধ্যায় যোগ করতে চলেছে। সমুদ্রতীরের এই উৎসব দেখতে মুখিয়ে আছেন লক্ষ লক্ষ মানুষ। স্বয়ং মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এই রথযাত্রায় প্রায় দুই লক্ষ মানুষের সমাগম হতে পারে বলে মনে করেন। শুধু তাই নয়, মহাসমারোহের এই রথযাত্রার শরিকও হবেন তিনি। নবান্নে বৈঠকের পর মাসির বাড়ি কমিটির মূল লক্ষ্য, জগন্নাথ দর্শনে আসা ভক্তদের জন্য জমজমাট আয়োজন করা। তাঁরা নিজেদের মধ্যে বৈঠকে সিদ্ধান্ত নিয়েছেন, রথের পরের দিন অর্থাৎ ২৮ জুন থেকে ৫ জুলাই (উল্টোরথ পর্যন্ত) প্রতিদিন দুপুরে জগন্নাথদেবকে ভোগ নিবেদন করার পরই দর্শনার্থীদের সেই অন্নপ্রসাদ বিলি করা হবে। মাসির বাড়ির সূত্র অনুযায়ী, ওই ৮ দিন কয়েকশো মানুষের জন্য প্রসাদের ব্যবস্থা থাকবে। উল্টোরথের দিন অর্থাৎ ৫ জুলাই প্রায় দশ হাজার মানুষের জন্য ব্যবস্থা করা হবে অন্নপ্রসাদের। সেদিন বিপুল সংখ্যক মানুষ সমাগমের কথা মাথায় রেখেই জগন্নাথদেবকে দ্রুত ভোগ নিবেদন এবং মিষ্টি অর্পণের পরই তাঁকে রথে তোলা হবে। মাসির বাড়ি মন্দির ট্রাস্টির সভাপতি সুশীল প্রধান জানান, উল্টোরথ পর্যন্ত মাসির বাড়ির বিশেষ অন্নভোগ তৈরির দায়িত্বে থাকবেন এলাকার ১৩ জন ব্রাহ্মণ। তাঁদের নামের তালিকা চূড়ান্ত হয়েছে। দর্শনার্থীদের জন্য ভাতের সঙ্গে থাকবে ডাল, সবজি, চাটনি এবং পায়েস। উল্টোরথের দিন যাতে ভিড় নিয়ে কোনও সমস্যা না হয়, সেজন্য লাইন ধরে মন্দির থেকে কিছুটা দূরে বসে প্রসাদ খাওয়ার ব্যবস্থা করা হয়েছে। সুশীল বলেন, 'মূল রথের পরের দিন থেকেই অন্নপ্রসাদের ব্যবস্থা থাকবে দর্শনার্থীদের জন্য। শেষ দিন যেহেতু বহু মানুষ আসবেন তাই সেদিন আমরা প্রায় দশ হাজার মানুষের প্রসাদের ব্যবস্থা রাখছি। এছাড়াও প্রতিদিন জগন্নাথদেবকে মিষ্টান্ন-সহ একাধিক ভোগ অর্পণ করা হবে।' এছাড়াও মাসির বাড়ি কমিটির তরফে মন্দিরের সামনে অবস্থিত বন দফতরের জায়গায় বিভিন্ন ধরনের ১০০টি দোকান বসানোর ব্যবস্থা হচ্ছে। উল্লেখ্য, দিঘা থানার অদূরে আদি জগন্নাথ মন্দিরটিই মাসির বাড়ি হিসাবে ঘোষিত হয়েছে। হিডকোর তত্ত্বাবধানে ৭৫ লক্ষ টাকা ব্যয়ে পুরনো সেই মন্দিরের পাশেই নির্মিত হয়েছে জগন্নাথদেবের মাসির বাড়ি। তার সামনে ঝাউবন, সবুজ ঘাসের গালিচায় সেজেছে এবং আশপাশের কংক্রিটের স্তম্ভগুলিতেও পড়েছে রঙের প্রলেপ।



দিঘায় নবনির্মিত জগন্নাথদেবের মাসির বাড়ি।

## ডেবরায় চালু হল সরকারি বাস পরিষেবা



**সংবাদদাতা, ডেবরা :** এলাকার মানুষজনের দীর্ঘ দিনের দাবি ছিল ডেবরা থেকে কলকাতা সরকারি বাস চালু করার। বিধায়ক হওয়ার পরই হুমায়ুন কবীর কথা দেন সরকারি বাস পরিষেবা চালু করবেন। তাঁর সেই প্রতিশ্রুতিমতোই মঙ্গলবার বিকেলে ফিতে কেটে বাস পরিষেবার সূচনা করেন বিধায়ক স্বয়ং। দু-একদিনের মধ্যেই জানিয়ে দেওয়া হবে ডেবরার টাবাগেড়্যা বাসস্ট্যান্ড থেকে কখন এই বাস ছাড়বে এবং কখন কলকাতা থেকে ফেরার বাস ছাড়া হবে। অনুষ্ঠানে বিধায়ক হুমায়ুন কবির ছাড়াও ছিলেন দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণের চেয়ারম্যান সুভাষ মণ্ডল, শান্তি টুডু, সীতেশ ধাড়া, শেখ সাবির আলি, মৌসুমী মণ্ডল-সহ বিভিন্ন গ্রাম পঞ্চায়েত নেতৃত্ব।

## প্রেমিকাকে প্রতারণা ধৃত ভুয়ো সেনাকর্মী



**সংবাদদাতা, দুর্গাপুর :** প্রেমিকার সঙ্গে প্রতারণা করে গ্রেফতার হল ভুয়ো সেনাকর্মী অভিষেক মুখোপাধ্যায়। বাজেয়াপ্ত করা হল এয়ারগান, জাল নথি ও জাল আইডি কার্ড। হুগলির ভদ্রেশ্বরের বাসিন্দা এই ভুয়ো সেনা। পুলিশকর্তা অভিষেক গুপ্তা জানান, অভিযুক্ত নিজেকে কখনও সেনা, কখনও প্রতিরক্ষা বিভাগের কর্মী বলে পরিচয় দিত। কয়েক মাস আগে ওয়েবসাইটে দুর্গাপুর সিটি সেন্টার এলাকার এক শিক্ষিকার সঙ্গে প্রণয়ে জড়িয়ে বিয়ের প্রস্তাব দেয়। মা-বাবার কথা না মেনে রেজিস্ট্রি করেন ওই শিক্ষিকা। তারপরেই জানা যায় যুবকের পরিচয় আদতে নকল। এরপরই দুর্গাপুরের হোটেলে গা-ঢাকা দেওয়া অভিষেককে গ্রেফতার করে পুলিশ।

## শেষ পর্যন্ত সামশেরগঞ্জ-কাণ্ডের দুজন 'মাস্টারমাইন্ড'-কে জালে তুলল পুলিশ

**সংবাদদাতা, জঙ্গিপুর :** সামশেরগঞ্জের সাম্প্রতিক অশান্তির ঘটনার তদন্তে বড়সড় সাফল্য পেলেন জঙ্গিপুর পুলিশ জেলার আধিকারিকেরা। সোমবার গভীর রাতে গোপন সূত্রে খবর পেয়ে সামশেরগঞ্জ থানার শুলিতলা এলাকা থেকে গ্রেফতার করা হয় দুই হামলাকারী কাউসার শেখ এবং মোস্তাকিন শেখকে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, মাস দুয়েক আগে সামশেরগঞ্জের ধুলিয়ান এবং সংলগ্ন এলাকায় যে অশান্তির ঘটনা ঘটেছিল সেই সময় বিভিন্ন এলাকা থেকে হামলাকারীদের জড়ো করেছিল এই দুজনই। এদের বাড়ি শুলিতলা গ্রামে। অশান্তির ঘটনায় যুক্ত থাকার অভিযোগে পুলিশ মেহবুব হাসান নামে আরও এক 'মাস্টার মাইন্ডের' সন্ধান চালাচ্ছে। জঙ্গিপুর পুলিশ জেলার অন্তর্গত রঘুনাথগঞ্জ, সুতি এবং সামশেরগঞ্জ থানা এলাকায় বেশ কটি গন্ডগোলের মধ্যে সবথেকে বড়টি ঘটে জাফরাবাদ গ্রামে। সেখানে একসঙ্গে খুন হন বাবা-ছেলে। ধুলিয়ান এবং সংলগ্ন ডাকবাংলো এলাকায় অশান্তির আগুন ছড়ায়। ভাঙচুর হয়েছিল কয়েকশো দোকান, বাড়ি এবং সরকারি সম্পত্তি। জঙ্গিপুর পুলিশ জেলা সূত্রে খবর, সামশেরগঞ্জের অশান্তির ঘটনায় জড়িত থাকার অভিযোগে ইতিমধ্যেই প্রায় ৩০০ জনকে গ্রেফতার করা হয়েছে, দায়ের হয়েছে দেড়শোটির বেশি মামলা। জাফরাবাদে বাবা-ছেলের খুনের ঘটনায় ধৃত ১৩ জনের বিরুদ্ধে জঙ্গিপুর আদালতে চার্জশিটও জমা পড়েছে। সামশেরগঞ্জ থানা সূত্রে জানা যায়, ধুলিয়ান পুরসভা এবং নিউ ডাকবাংলো মোড় এলাকায় পুলিশ ট্রাফিক বুথ ভাঙচুর-সহ একাধিক ঘটনায় নেতৃত্ব দেয় এরা দুজন। ঘটনার দিন তারা সকালে নিউ ডাকবাংলো মোড়ে এসে ফোনে বিভিন্ন এলাকার অল্পবয়সী যুবকদের জড়ো এবং উত্তেজিত করে বিভিন্ন প্রতিষ্ঠান এবং বাড়িঘরে ভাঙচুর চালায়। গভীর রাতে পুলিশ এদের বাড়ি থেকে গ্রেফতার করে। মঙ্গলবার তাদের জঙ্গিপুর আদালতে পেশ করা হয়।

## না জানিয়ে ইসিএল খনির যন্ত্রাংশ সরানোয় বিক্ষোভে তৃণমূল সংগঠন

**সংবাদদাতা, অন্ডাল :** এলাকার ভূগর্ভস্থ খনিগুলি ধীরে ধীরে বন্ধ করে কয়লা তোলার জন্য বাড়ছে খোলামুখ খনির সংখ্যা। অন্ডালের মুকুন্দপুরে ইস্ট কোলিয়ারি নামে ভূগর্ভস্থ কোলিয়ারির দুটি পিটের 'এ' পিটটি বন্ধ করে বর্তমানে শুধু 'বি' পিট চালু রয়েছে। কোলিয়ারির শ্রমিক ও শ্রমিক সংগঠনগুলির অভিযোগ, কোলিয়ারি কর্তৃপক্ষ শ্রমিক বা শ্রমিক সংগঠনকে না জানিয়েই কোলিয়ারির দামি যন্ত্রপাতি অন্যত্র সরাতে শুরু করেছেন। তাদের দাবি, হয়ত কোলিয়ারি কর্তৃপক্ষ দামি যন্ত্রাংশ অন্যত্র বিক্রি করতে চাইছেন শ্রমিক সংগঠনকে না জানিয়ে। এই ঘটনায় আইএনটিটিইউসি সদস্যরা খনিতে বিক্ষোভ দেখান। আইএনটিটিইউসি নেতা সুদর্শন সিং বলেন, কোলিয়ারির এসডিএল নামে একটি দামি যন্ত্রাংশ অন্যত্র সরানোর চক্রান্ত চলছিল। বিক্রির উদ্দেশ্য ছিল। এখান থেকে কোনও যন্ত্রাংশ অন্যত্র সরাতে হলে শ্রমিক এবং শ্রমিক সংগঠনকে জানাতে হয় সেগুলো কোথায় যাচ্ছে। যদিও কোলিয়ারি সূত্রে জানা যায়, ইসিএলের উচ্চ কর্তাদের নির্দেশে ওই মেশিনটি চালানোর উপযুক্ত করার জন্যই অন্য কোলিয়ারিতে পাঠানো হচ্ছিল।



বিক্ষোভরত আইএনটিটিইউসি সদস্যরা।

## জখম ২ হরিণ সুস্থ, গেল জঙ্গলে

**সংবাদদাতা, বাঁকুড়া :** ২৯ মার্চ এবং ৪ এপ্রিল বাঁকুড়া-আরামবাগ রাজ্য সড়কে গাড়ির ধাক্কায় গুরুতর আহত হয় একটি পুরুষ ও একটি মহিলা হরিণ। জয়পুর রেঞ্জের বনাধিকারিকেরা হরিণ দুটিকে নিয়ে আসেন রেঞ্জ অফিসে। আসেন তিন পশু চিকিৎসক। হরিণ দুটিকে স্যালাইন দিয়ে ক্ষতস্থানে ৬০টি সেলাই করেন। পরে মহিলা হরিণটির সার্জারিও হয়। এরপর তিন মাস ধারাবাহিক ওই তিন পশু চিকিৎসকের পর্যবেক্ষণে রাখা হয় হরিণ দুটিকে। সম্প্রতি সুস্থ হলে হরিণ দুটিকে ফিট সার্টিফিকেট দেওয়ায় সোমবার সন্ধ্যায় বন দফতরের নির্দেশে কেন্দ্রীয় সার্কেলের মুখ্য বনপালের উপস্থিতিতে তাদের জয়পুরের গভীর জঙ্গলে ছেড়ে দেওয়া হয়। হরিণ দুটি প্রাণে বাঁচায় খুশি বনকর্তা ও কর্মীরা। এবার থেকে জঙ্গলের মাঝ দিয়ে যাওয়া রাজ্য সড়কের ওপর গাড়ি চলাচলে নজরদারি বাড়িয়েছে বন দফতর।

## বাংলাদেশ থেকে ফিরলেন আরও ২ জন

(প্রথম পাতার পর)

বিজেপি-শাসিত ডবল ইঞ্জিন রাজ্যগুলির ষড়যন্ত্রের বিরুদ্ধে গর্জে ওঠেন বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তাঁর নির্দেশেই পরিযায়ী শ্রমিক কল্যাণ বোর্ড ও পশ্চিমবঙ্গ পুলিশ পুশব্যাক করা শ্রমিকদের বাংলাদেশ থেকে ফেরানোর উদ্যোগ নেয়। সাতজনকে ফেরানোর পাশাপাশি তারা খোঁজ চালাচ্ছে এরকম আরও পরিযায়ী শ্রমিককে অবৈধ পুশব্যাক করা হয়েছে কি না। মুর্শিদাবাদ ও বর্ধমানের পাঁচ শ্রমিককে ফেরানোর পরে নজরে আসে উত্তর ২৪ পরগনার বাগদার হরিহরপুরের বাসিন্দা সম্পর্কে স্বামী-স্ত্রী ফজের মণ্ডল ও তসলিমা মণ্ডলকেও একই ভাবে বাংলাদেশ পাঠানো হয়েছে। এর পরই বিএসএফকে চাপ দেওয়া হয় এঁদের ফিরিয়ে আনতে। অবশেষে বিএসএফ ও বিজিবির ফ্ল্যাগ মিটিংয়ের মাধ্যমে দু'জনকে উত্তর দিনাজপুরের বিন্দোলের কয়লাডাঙ্গি সীমান্ত দিয়ে ফেরত এনে রায়গঞ্জ থানায় পশ্চিমবঙ্গ পুলিশের হাতে তুলে দেয় বিএসএফ। পুলিশ তাঁদের বাড়ির লোকেদের কাছে ফিরিয়ে দেয়। পরিবারের তরফ থেকে এই মর্মে ধন্যবাদ জানানো হয়েছে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ও পরিযায়ী শ্রমিক বোর্ডকে।

গোটা ঘটনায় বাংলার মানুষের বিরুদ্ধে বৃহত্তর ষড়যন্ত্রের ইঙ্গিত পাচ্ছে তৃণমূল। তৃণমূলের রাজ্যসভার সাংসদ সামিরুল ইসলামের তিনটি প্রশ্ন ডবল ইঞ্জিন সরকারকে। প্রথমত, কীভাবে মহারাষ্ট্র পুলিশ বাংলার প্রশাসনকে না জানিয়েই এই পরিযায়ী শ্রমিকদের বিএসএফের হাতে তুলে দিতে পারে। দ্বিতীয়ত, এঁদের জোর করে অন্য দেশে ঠেলে পাঠিয়ে দেওয়ার আগে বিএসএফ কেন স্থানীয় প্রশাসনের থেকে এঁদের পরিচয় যাচাই করেনি। তৃতীয়ত, বাংলাভাষী পরিযায়ী শ্রমিকদের নির্দিষ্ট করে হেনস্থা করার জন্য কি এটা বৃহত্তর কোনও ষড়যন্ত্র বিজেপিশাসিত রাজ্য ও বিএসএফের?

আমার বাংলা
18 June, 2025 • Wednesday • Page 10 || Website - www.jagobangla.in
জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

## পাহাড়ে বিপদ এড়াতে একাধিক ব্যবস্থা রাজ্যের

# উত্তর সিকিমে দুর্যোগ, ঝুঁকি নিয়ে নদী পারাপার বাসিন্দাদের, উদাসীন প্রশাসন

**প্রতিবেদন:** ফের প্রবল বৃষ্টি ও ধসে বিপর্যস্ত নর্থ সিকিম। বিপদসীমার ওপরে বইছে পাহাড়ের খরস্রোতা নদী। ধসে রাস্তা বন্ধ হয়ে যাওয়ায় ওই নদীর ওপর গাছের গুঁড়ি ফেলে জীবনের ঝুঁকি রেখে চলছে পারাপার। যেকোনও মুহূর্তে সেখানে বড় বিপদ ঘটতে পারে। সিকিম প্রশাসনের তরফে কোনওরকম ব্যবস্থা নেওয়া হয়নি বলে ক্ষোভ উগরে দিয়েছেন স্থানীয়রা। প্রসঙ্গত, গত মাসেই ১১ জন পর্যটককে নিয়ে ১০০০ ফুট নিচে পড়ে যায় গাড়ি। উত্তর সিকিমে ওই ভয়াবহ দুর্ঘটনার রেশ এখনও কাটেনি। আতঙ্ক রয়েছে পর্যটকদের মধ্যেও। এই ঘটনার পর নর্থ সিকিম একপ্রকার পর্যটকদের জন্য বন্ধই করে দেওয়া হয়েছিল। ওই সময় নিজেদের জীবন বাজি রেখে যেসমস্ত গাড়ির চালকেরা পর্যটকদের উদ্ধার করেছিলেন তাঁরাও প্রশাসনের বিরুদ্ধে ক্ষোভ উগরে দেন। তাঁরা বলেন, পাহাড়ে আটকে থাকা বহু গাড়ির চালককে উদ্ধার করার ব্যবস্থা করেনি সিকিম প্রশাসন। আবহাওয়ার পূর্বাভাসমতো ফের খারাপ হয়েছে উত্তর সিকিমের পরিস্থিতি। আবারও সেই আতঙ্ক। যে কোনও সময় দুর্ঘটনা ঘটতে পারে। কিন্তু তারপরেও সতর্ক হয়নি সিকিম প্রশাসন। বিপদসীমার ওপর দিয়ে বয়ে চলা নদীর ওপর দিয়েই মানুষের যাতায়াত বন্ধে জারি করা হয়নি কোনওরকম সতর্কতা। এদিকে, খারাপ আবহাওয়ায় পর্যটকদের সতর্ক করতে দার্জিলিংয়ে প্রশাসনের তরফে নেওয়া হয়েছে একাধিক ব্যবস্থা। বিপদ এড়াতে প্যারাগ্লাইডিং-এর মতো অ্যাডভেঞ্চার স্পোর্টস বন্ধ করা হয়েছে।



■ উত্তর সিকিমে ঝুঁকি নিয়ে নদী পারাপার।

## জমিজট মেটাচ্ছেন গৌতম



■ বৈঠকে মেয়র গৌতম দেব-সহ পুরনিগমের আধিকারিকরা।

**সংবাদদাতা, শিলিগুড়ি:** জমি সমস্যা মেটাতে উদ্যোগ নিল শিলিগুড়ি পুরনিগম। এই মর্মে গুরুত্বপূর্ণ বৈঠক করলেন মেয়র গৌতম দেব। উপস্থিত ছিলেন ডেপুটি মেয়র রঞ্জন সরকার, এসডিএল অ্যান্ড এলআরও (জলপাইগুড়ি), এডিএসআর (শিলিগুড়ি), শিলিগুড়ি, মাটিগাড়া ও রাজগঞ্জের ব্লক ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক-সহ একাধিক উচ্চপদস্থ রাজস্ব আধিকারিক। বৈঠকে মূলত পুরনিগম এলাকার জমি, পাট্টা সংক্রান্ত সমস্যা, ভূমি হস্তান্তর ও পুনর্বাসন সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়। মেয়র জানান, বহু মানুষ দীর্ঘদিন ধরে জমির কাগজপত্র না থাকায় সরকারি সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত হচ্ছেন। এই সমস্যা নিরসনে দ্রুত পদক্ষেপ নিতে হবে। বৈঠকে সিদ্ধান্ত হয়, পুরনিগম ও ভূমি দফতরের যৌথ সমন্বয়ে একটি পরিকল্পনা গ্রহণ করে পরবর্তী পদক্ষেপ নেওয়া হবে।

## শামিমকে ক্ষুব্ধ বিচারপতি

(প্রথম পাতার পর)

করছেন কেন? কী ভেবেছেন? চিৎকার করলেই আমি রায় দিয়ে দেব? একথা একবার নয়, একাধিকবার বলতে শোনা গিয়েছে বিচারপতিকে। তিনি বলেন, এটা কি বাজার পেয়েছেন? কলকাতা হাইকোর্টে এই আচরণ বরদাস্ত করব না। এরপরেও হার্মাদ আইনজীবী মিউ মিউ করে কিছু একটা বলার চেষ্টা করলে, বিচারপতি ফের ধমকে বলেন, একদম চিৎকার নয়। পরিস্থিতি কীভাবে সামাল দিতে হয় আমরা জানি। আগে নিজের আচরণ ঠিক করুন। এটা সহ্য করব না। সেই মুহূর্তে হার্মাদ আইনজীবীকে দেখে মনে হচ্ছিল, তিনি পালাতে পারলে বাঁচেন! ভরা এজলাসে সকলের সামনে, বিচারপতির সামনে নিজেকে জাহির করতে গিয়ে যেভাবে বেইজ্জত হতে হল, এরপরও কি ফের এই দুঃসাহস দেখাবেন এই হার্মাদ কুলপতি? কারণ হাইকোর্টের এজলাসকে তিনি টেলিভিশনের স্টুডিও ভেবে নিয়েছিলেন! প্রায়শই যেখানে ক্যামেরার সামনে বসে নির্বোধের মতো চিল চিৎকার করে আলতু ফালতু ভাষণ দিয়ে থাকেন! সেই কুঅভ্যাস কি আর সহজে যায়? কিন্তু বেচারা এদিন বাঘের মুখে পড়ে একেবারে বেড়াল হয়ে কোনওমতে এ-যাত্রায় বাঁচলেন! নইলে কপালে দুঃখ ছিল।

হাইকোর্টের এই শুনানি লাইভ হওয়ায় তা সোশ্যাল মিডিয়ায় ছড়িয়ে পড়েছে। তবে তৃণমূলের রাজ্য সাধারণ সম্পাদক ও মুখপাত্র কুণাল ঘোষ মঙ্গলবার এই লাইভ ধমকটি তাঁর এক্স হ্যান্ডেলে পোস্ট করে সামনে আনেন। যা এখন রাজ্য রাজনীতিতে চর্চার বিষয়।

## মেন্টর কো-মেন্টর

**সংবাদদাতা, মালদহ :** মালদহ জেলা পরিষদের মেন্টর ও কো-মেন্টর ঘোষণা। মেন্টর হলেন মানিকচকের বিধায়ক সাবিত্রী মিত্র। কো-মেন্টর নিহত তৃণমূল কংগ্রেস নেতা দুলাল সরকারের স্ত্রী চৈতালি সরকার। এই মর্মে পঞ্চায়েত ও গ্রাম উন্নয়ন দফতর থেকে একটি চিঠি পাঠানো হয়েছে মালদহ জেলা পরিষদে। শীঘ্রই তাঁরা মালদহ জেলা পরিষদের মেন্টর ও কো-মেন্টরের দায়িত্বভার গ্রহণ করবেন বলে জানা গিয়েছে।

## লক্ষ্য ২৬, প্রস্তুতিতে কোচবিহারে বৈঠক



■ অভিজিৎ দে ভৌমিক।

**সংবাদদাতা, কোচবিহার:** লক্ষ্য ২০২৬। কোচবিহার জেলার ন'টি আসনের সবগুলোতেই জয়ের লক্ষ্য নিয়ে ঝাঁপিয়ে পড়তে চাইছেন তৃণমূল নেতৃত্ব। সেই লক্ষ্য পূরণের জন্য বিভিন্ন অঞ্চল কমিটির তৎপরতা বাড়াতে জোর দেওয়া হচ্ছে। দফায় দফায় বিভিন্ন অঞ্চল কমিটির নেতা-কর্মীদের নিয়ে বৈঠক করেন তৃণমূলের কোচবিহার জেলা সভাপতি অভিজিৎ দে ভৌমিক। সোমবার জেলা তৃণমূল কংগ্রেস কার্যালয়ে তুফানগঞ্জ বিধানসভা কেন্দ্রের বালাভূত অঞ্চলের সমস্ত পদাধিকারীদের নিয়ে সাংগঠনিক বৈঠক করেন তিনি। তার আগে শীতলকুচি ও নাটাবাড়ি বিধানসভা এলাকার দুটি অঞ্চল কমিটির সঙ্গেও বৈঠক করেন তিনি। অভিজিৎবাবু জানিয়েছেন, আগামী বিধানসভা ভোটে জেলার নয়টি আসনের সবগুলিতে জোড়া ফুল ফোটানো তাঁর লক্ষ্য।

## অভিষেকের পাঁচ প্রশ্নের

(প্রথম পাতার পর)

জীবিত না মৃত? খবর দিতে পারেনি কেন্দ্র। ৪. পাক অধিকৃত কাশ্মীর কবে ভারতের দখলে আসবে? যুদ্ধ থামিয়েছেন নাকি মার্কিন রাষ্ট্রপতি! এই বক্তব্য খণ্ডন কেন করা হয়নি? ৫. আন্তর্জাতিক কূটনীতিতে ভারতের ব্যর্থতা স্পষ্ট। পহেলগাঁওয়ের ঘটনার পর ক'টি রাষ্ট্র ভারতের পাশে দাঁড়িয়েছে? এ-প্রশ্নের উত্তর কোথায়? ৫৬ দিন পেরিয়ে যাওয়ার পরও নিরুত্তর কেন্দ্র। মঙ্গলবার কেন্দ্রের বিরুদ্ধে তোপ দেগে সমীর চক্রবর্তী ও অরূপ চক্রবর্তী একটি ভিডিও ক্লিপ দেখিয়ে বলেন— দেশবাসীকে উত্তর কেন্দ্র কবে দেবে? আদৌ কী দেবে? অরূপ চক্রবর্তী বলেন, সিজ ফায়ার ঘোষণা করেছেন ডোনাল্ড ট্রাম্প। ৫৬ ইঞ্চি তো তাঁর বিশেষ বন্ধু। কিন্তু এই ঘটনার পর পররাষ্ট্রমন্ত্রক কী চিঠি লিখে বা কোনওভাবে জানতে চেয়েছে ভারত-পাকিস্তানের মধ্যেকার সমস্যা সমাধানের ঘোষণা আমেরিকান প্রেসিডেন্ট কোন যুক্তিতে করেছেন? গত ১০ বছরে পররাষ্ট্রনীতিতে এবং সেই সংক্রান্ত বিষয়ে ২ লক্ষ কোটি টাকা খরচ হয়েছে। ফলটা কী হয়েছে? আক্রমণ বন্ধ করার ঘোষণা করছেন মার্কিন প্রেসিডেন্ট। কেন? জবাব দিতে কেন্দ্রকে। সমীর চক্রবর্তী বলেন, কেন্দ্রের কীসের কূটনীতি? ভারতের আপত্তি সত্ত্বেও পাকিস্তান কীভাবে আইএমএফ-এর বিরাট ঋণ পেল? কিংবা রাষ্ট্রসংঘের গুরুত্বপূর্ণ পদ পেল ভারতের তীব্র বিরোধিতা সত্ত্বেও? এটা কোন ধরনের কূটনীতি? যেখানে বারবার ভারতের মাথা নীচু হয়। জবাব দিতে হবে কেন্দ্রীয় সরকারকেই।

# ভিন রাজ্যের অস্ত্র কারবারিদের ধরে নজির পুলিশের

সুদীপ্তা চট্টোপাধ্যায় • শিলিগুড়ি

বিহার থেকে শিলিগুড়িতে ঢুকছে বেআইনি আগ্নেয়াস্ত্র! এই দেশি কাট্টা আগ্নেয়াস্ত্র কেনাবেচার চক্র শুরু হয়েছে শহর শিলিগুড়িতে। ইতিমধ্যেই ছয়মাসের মধ্যে ১৫ জনকে গ্রেফতার করতে সক্ষম হয়েছে শিলিগুড়ি মেট্রোপলিটন পুলিশ। এই আগ্নেয়াস্ত্র সাপ্লায়াররা এখন পুলিশের টার্গেটে। মোটা টাকার শহর শিলিগুড়িতে আগ্নেয়াস্ত্র কেনাবেচার পুরো ব্যবসাটা নিয়ন্ত্রণ করছে এই বিহারের পান্ডারা। ইতিমধ্যেই শিলিগুড়ি মেট্রোপলিটন পুলিশ একাধিক অভিযানে বন্দুক ক্রেতা ও বিক্রেতাদের গ্রেফতার করেছে তবে নাগাল ছিল না এই র্যাকেটের সঙ্গে যুক্ত পান্ডার। ইতিমধ্যেই সেই চক্রের সন্ধানে ৬ মাসে শিলিগুড়ি মেট্রোপলিটন পুলিশ বিভিন্ন থানা এলাকায় অভিযান করে ১৫টি আগ্নেয়াস্ত্র উদ্ধার করেছে, তার সঙ্গে গ্রেফতার করা হয়েছে ১৫ জনকে। এই দেশি কাট্টা আগ্নেয়াস্ত্র ব্যবসার মূল পান্ডা বিহার এবং অন্যান্য জায়গা থেকে যে আগ্নেয়াস্ত্র আসছে তার রুট ইতিমধ্যেই চিহ্নিত করে লাগাতার নজরদারি বাড়াচ্ছেন শিলিগুড়ি মেট্রোপলিটন পুলিশের শীর্ষ আধিকারিকরা। বেআইনি আগ্নেয়াস্ত্র কেনাবেচার ব্যবসাকে কোনওভাবেই শহরের মূল কেন্দ্রে মাথা তুলে দাঁড়াতে দেবে না শিলিগুড়ি মেট্রোপলিটন পুলিশ। এক বেআইনি অস্ত্র কারবারিকে গ্রেফতার করা হয়েছে, শনিবার এমনটা জানিয়েছেন শিলিগুড়ি মেট্রোপলিটন পুলিশের ডিসিপি ইস্ট রাকেশ সিং। রাকেশ সিং জানিয়েছেন, আমরা লাগাতার অভিযান চালাচ্ছি। অন্য রাজ্য থেকে কার মদতে শহর শিলিগুড়িতে এই এই কারবার চালাচ্ছে অন্য রাজ্যের পান্ডারা, সে-বিষয়ে ইতিমধ্যেই চলছে নাকা তল্লাশি। এর পাশাপাশি শহরের কুখ্যাত অপরাধীদের ওপর রাখা হচ্ছে বিশেষ নজরদারি। সূত্র অনুযায়ী জানা গেছে, এই বেআইনি অস্ত্রগুলি বিহার থেকে আনা হচ্ছে শহর শিলিগুড়িতে, যা দেশি কাট্টা নামেই পরিচিত। এই দেশি কাট্টাই পুলিশকর্তাদের মাথাব্যথার আসল কারণ হয়ে দাঁড়িয়েছে।






■ বিহারের ১৫ জন অস্ত্র পাচারকারীকে শিলিগুড়ি থেকে গ্রেফতার করেছে পুলিশ।

জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

ইরান-ইজরায়েল অশান্তির মাঝেই জি-৭ দিল তাৎপর্যপূর্ণ বিবৃতি। তাদের বক্তব্য, ইরানের হাতে পরমাণু অস্ত্র থাকতে পারে না। পাল্টা বেঞ্জামিন নেতানিয়াহুর দেশকে সমর্থন করে বলা হয়েছে, ইজরায়েলের আত্মরক্ষার অধিকার রয়েছে



## ওড়িশার সমুদ্রসৈকতে প্রেমিককে বেঁধে প্রেমিকাকে ১৩ জনে গণধর্ষণ

**প্রতিবেদন:** আবার বিজেপি রাজ্য। ফের গণধর্ষণ। এবার ওড়িশার গোপালপুর। প্রেমিককে সমুদ্রসৈকতে বেঁধে রেখে প্রেমিকাকে গণধর্ষণ করল ১৩ জনে। ডবল ইঞ্জিন সরকারের রাজ্যে নারীসুরক্ষায় ফের বড় প্রশ্ন। বন্ধুকে সঙ্গে নিয়ে নির্যাতিতা গিয়েছিলেন রজ উৎসবে যোগ দিতে। সমুদ্রসৈকতের নির্জন স্থানে তাঁরা গল্প করছিলেন। সেই সময় বাইকে চেপে যুবকের দল আসে। প্রথমে কটূক্তি। ছবি তোলা শুরু করলে প্রতিবাদ করে। তারপর তরুণীকে পরিত্যক্ত বাড়িতে টেনে নিয়ে গিয়ে গণধর্ষণ। নির্যাতিতা ও তাঁর বন্ধু গোপালপুর থানায় অভিযোগ জানান। ১০ জন গ্রেফতার হয়েছে।

## প্রাক্তন লেফটেন্যান্টকে চিরবিদায় কর্নেল স্ত্রীর



**প্রতিবেদন:** বায়ুসেনার পোশাকে স্বামীকে শেষ শ্রদ্ধা জানালেন স্ত্রী। স্বামী রাজবীর সিং চৌহানের ছবি বুকে ধরে তাঁর কফিনের সামনে শেষযাত্রায় হাঁটলেন স্ত্রী লেফটেন্যান্ট কর্নেল দীপিকা চৌহান। ২৫ জুন লম্বা ছুটি নিয়ে বাড়ি ফেরার কথা ছিল। তার আগেই উত্তরাখণ্ডে ১৫ জুন মর্মান্তিক চপার দুর্ঘটনায় প্রাণ হারিয়েছেন ভারতীয় বায়ুসেনার প্রাক্তন লেফটেন্যান্ট কর্নেল রাজবীর সিং চৌহান। মঙ্গলবার তাঁর শেষকৃত্যে বাঁধ মানল না স্ত্রী লেফটেন্যান্ট কর্নেল দীপিকা চৌহানের চোখের জল। ২০২৪ সালের সেপ্টেম্বর মাসেই ভারতীয় বায়ুসেনার পদ থেকে অবসর নেন রাজবীর চৌহান। মাত্র চারমাস আগে তাঁর যমজ সন্তানের বাবা হন। কিন্তু বায়ুসেনার লেফটেন্যান্ট কর্নেল স্ত্রী ও নিজের ব্যস্ততার মাঝে সেই শুভ উৎসব উদযাপনই হয়নি। কথা ছিল ৩০ জুন বড় করে অনুষ্ঠানের মধ্যে দিয়ে সন্তানদের আসাকে উদযাপন করবেন। কিন্তু তার ১৫ দিন আগেই সব স্বপ্ন শেষ। চারধাম যাত্রা ২০২৫ সালে শুরু হওয়ার পরেই একের পর এক দুর্ঘটনা। চারধাম যাত্রায় পাঁচটি চপার দুর্ঘটনা। শুধুমাত্র কেদারনাথ যাত্রাতেই দুটি দুর্ঘটনা। তা সত্ত্বেও ডিজিসিএ বা উত্তরাখণ্ড প্রশাসন কেদারযাত্রায় কোনও লাগাম টানার কথা ভাবেনি। ১৫ জুনের দুর্ঘটনার পরে অনির্দিষ্টকালের জন্য বন্ধ রাখা হয়েছে কেদারে বিমানে যাত্রা। অথচ এই সাবধানতা আগে থাকলে অসময়ে স্বামী তথা কর্মক্ষেত্রের প্রাক্তন সঙ্গী রাজবীরকে হারাতে হত না দীপিকাকে।

## মে মাসে দেশে বাড়ল বেকারত্বের হার, কাজ নেই মহিলাদের হাতে

**প্রতিবেদন :** প্রধানমন্ত্রী মোদি মেক ইন ইন্ডিয়ার মাধ্যমে দেশের যুবকদের ভবিষ্যৎ গড়ার ফাঁপা প্রতিশ্রুতি দিলেও, কেন্দ্রীয় পরিসংখ্যান একেবারে অন্য কথা বলছে। গত দু'মাসে দেশে ক্রমেই বাড়ছে বেকারত্বের সংখ্যা। সবচেয়ে বেশি বাড়ছে মহিলা বেকারের সংখ্যা। কেন্দ্রীয় মন্ত্রকের প্রকাশিত রিপোর্টে এই তথ্য জানা গিয়েছে। বেকারত্বের হার ৫.৬ শতাংশে পৌঁছেছে। কেন্দ্রীয় মন্ত্রকের প্রকাশিত তথ্যে বিশেষ চিন্তার বিষয় হল, দেশের তরুণদের মধ্যে এই বেকারত্বের হার সবচেয়ে বেশি দেখা গিয়েছে। অন্যদিকে মহিলাদের মধ্যে বেকারত্বের হারও বেড়েছে। মে মাসের শুরু হওয়া বেকারত্বের হার জুন মাসে আরও খারাপ হয়েছে যা রীতিমতো উদ্বেগ বাড়াচ্ছে। এমনকী গ্রামীণ ও শহরাঞ্চলে উভয়ক্ষেত্রে বেকারত্বের হার বৃদ্ধি পেয়েছে। সরকারি রিপোর্ট বলছে, ১৫-২৯ বছর বয়সীদের মধ্যে, গ্রামীণ ভারতে বেকারত্বের হার এপ্রিলে ১২.৩ শতাংশ থেকে বেড়ে মে মাসে ১৩.৭ শতাংশে দাঁড়িয়েছে। শহরাঞ্চলে, যুব বেকারত্বের হার মে মাসে ১৭.৯ শতাংশে দাঁড়িয়েছে, যা একমাস আগে ছিল ১৭.২ শতাংশ। মহিলাদের মধ্যেও বেকারত্বের হার মে মাসে বেড়ে ৫.৮ শতাংশে দাঁড়িয়েছে, মে মাসে কর্মক্ষেত্রে মহিলাদের অংশগ্রহণ কম ছিল।

## আর কোনওদিন দেখা হবে না ছেলের সঙ্গে

# মুম্বইয়ের বাড়িতে ক্যাপ্টেন সুমিতের দেহ, কান্নায় ভেঙে পড়লেন বৃদ্ধ বাবা

### আমেদাবাদ বিমান-ট্র্যাজেডি



**প্রতিবেদন:** কথা দিয়েছিলেন অবসরের পরে মুম্বইয়ে ফিরে জীবনের বাকি সময়টা কাটাবেন বৃদ্ধ পিতা এবং পরিবারের অন্য সদস্যদের সঙ্গে। কিন্তু রাখতে পারলেন না সেই কথা। কথা রাখতে দিল না অকালমৃত্যু। ছুঁয়েছিলেন আকাশে ওড়ার স্বপ্ন। কিন্তু জীবনের পথ হারিয়ে গেল আকাশেই। দীর্ঘ ৩ দশকের চাকরিজীবনে ৮ হাজার ঘণ্টার বেশি বিমান ওড়ানোর অভিজ্ঞতা দিয়েও আটকাতে পারেননি ২৪২ জন যাত্রীকে নিয়ে আমেদাবাদের লোকালয়ে বিমান ভেঙে পড়ার সেই ভয়াবহ ঘটনা। আমেদাবাদ-ট্র্যাজেডির সেই বিমানের পাইলট ক্যাপ্টেন সুমিত সবরওয়ালের কফিনবন্দি দেহ মঙ্গলবার বিমানে নিয়ে আসা হল আমেদাবাদ থেকে মুম্বইয়ে। বাড়িতে তখন অপেক্ষা করছিলেন বৃদ্ধ বাবা পুষ্করাজ সবরওয়াল এবং পরিবারের অন্য সদস্যরা। পুত্রহারা পিতা ঈশ্বরের নাম করতে করতেই ভেঙে পড়লেন কান্নায়। হাতজোড় করে শেষ বিদায় জানালেন পুত্রকে। ভাবতে পারেননি অবসরের দ্বারপ্রান্তে এসে এভাবে আচমকাই চিরতরে হারিয়ে যাবেন ছেলে সুমিত।

১২ জুন আমেদাবাদ থেকে ওড়ার কয়েক মিনিটের মধ্যেই ২৪২ জন যাত্রীকে নিয়ে লোকালয়ে ভেঙে পড়েছিল এয়ার ইন্ডিয়ার অভিশপ্ত বিমান। বিস্ফোরণে কেঁপে উঠছিল চারিদিক। মৃত্যুর সঠিক সংখ্যা কত তা আজও অজানা। যেমন অজানা দেশের এই সবচেয়ে ভয়াবহ বিমান দুর্ঘটনার কারণও। ডিএনএ টেস্টের পরে শনাক্ত করা হয় ক্যাপ্টেন সুমিত সবরওয়ালের দেহ। মঙ্গলবার তাঁর দেহ মুম্বইয়ে পৌঁছনোর পরে কার্যত বাকরুদ্ধ হয়ে পড়ে গোটা এলাকা।

## যান্ত্রিক ত্রুটি, মঙ্গলবার বাতিল হল এয়ার ইন্ডিয়ার ৭ আন্তর্জাতিক বিমান, ক্ষুব্ধ যাত্রীরা

**প্রতিবেদন:** ইরান-ইজরায়েলের সংঘাতের আগুন ক্রমশই ছড়িয়ে পড়ছে মধ্যপ্রাচ্যের আকাশে। ফলে ব্যাহত হচ্ছে বিভিন্ন দেশের আন্তর্জাতিক বিমান পরিষেবা। সবচেয়ে জটিল সমস্যা দেখা দিয়েছে ইরান তার আকাশপথ বন্ধ করে দেওয়ায়। ফলে অভূতপূর্ব সংকটে ওই অঞ্চলের বিমান চলাচলের রুট। গত ৩ দিনে বাতিল করা হয়েছে বহু বিমান। বদল করা হয়েছে রুটও। স্বাভাবিকভাবেই ঘোরতর অনিশ্চয়তায় ভারত-সহ নানা দেশের বিমানযাত্রীরা। পাশ্চাত্যের দেশগুলোর সঙ্গে ভারতের, বিশেষ করে দিল্লি-মুম্বইয়ের সঙ্গে আকাশপথে যোগাযোগ ব্যবস্থা শুক্রবার থেকেই রীতিমতো চ্যালেঞ্জের মুখে। মাঝ আকাশ থেকে ফিরে আসতে বাধ্য হয়েছে এয়ার ইন্ডিয়ার ৩টি বিমানও। শুক্রবার থেকে শুরু করে এখনও পর্যন্ত এয়ার ইন্ডিয়ার মোট ১৬টি বিমানে প্রভাব পড়েছে মধ্যপ্রাচ্যের উত্তেজনার। ইরান এবং পাকিস্তান, উভয় দেশের আকাশপথেই নিষেধাজ্ঞার ফলে বহু বিমানকে গন্তব্যে পৌঁছতে অতিক্রম করতে হচ্ছে সুদীর্ঘ পথ। ফলে সময়ও অনেক বেশি লাগছে।

এদিকে শুধুমাত্র যান্ত্রিক ত্রুটির কারণে মঙ্গলবারই বাতিল করা হয়েছে এয়ার ইন্ডিয়ার ৭টি আন্তর্জাতিক বিমান। এরমধ্যে ৬টি ড্রিমলাইনার। বাতিল করা হয়েছে দিল্লি থেকে দুবাইগামী, দিল্লি থেকে ভিয়েনাগামী, দিল্লি থেকে প্যারিসগামী, আমেদাবাদ থেকে লন্ডনগামী, লন্ডন থেকে অমৃতসরগামী, বেঙ্গালুরু থেকে লন্ডনগামী এবং মুম্বই থেকে সানফ্রান্সিসকো বিমান। পরিস্থিতি সামাল দিতে তড়িঘড়ি করে এয়ার ইন্ডিয়া এক্সপ্রেসে শীর্ষ কর্তাদের ভার্চুয়াল বৈঠকে ডাকেন ডিজিসিআই কর্তারা। পারফরম্যান্স রিপোর্ট চাওয়া হয় পাইলটদের। সর্তক করে দেওয়া হয় দেশের সমস্ত বিমান প্রশিক্ষণ প্রতিষ্ঠানকে।

আমেদাবাদ দুর্ঘটনার পর অভিশপ্ত বোয়িং বিমানের নাম বদল করেছিল এয়ার ইন্ডিয়া। কিন্তু তাতেও পরিষেবায় বদল এল না। মঙ্গলের সকালে লন্ডনগামী সেই এআই বিমানে ফের যান্ত্রিক ত্রুটি। এবারও ঘটনা আমেদাবাদেই। টেকঅফের সময় বিষয়টি নজরে আসায় ফ্লাইট বাতিল ঘোষণা কর্তৃপক্ষের। বিরক্ত যাত্রীরা, প্রশ্ন একটাই, বারবার হচ্ছেটা কী?

যান্ত্রিক ত্রুটির কারণে সোমবার রাতেই সানফ্রান্সিসকো-মুম্বইগামী এয়ার ইন্ডিয়ার ফ্লাইটকে কলকাতা বিমানবন্দরে অবতরণ করানো হয়। সেই ঘটনার ১২ ঘণ্টা যেতে না যেতেই এবার আমেদাবাদ থেকে লন্ডনের উদ্দেশে ওড়ার সময় এয়ার ইন্ডিয়ার বোয়িং বিমানে যান্ত্রিক গোলযোগ ধরা পড়ল। এক সপ্তাহ আগে দুর্ঘটনার কথা মাথায় রেখে দ্রুত সতর্কতামূলক পদক্ষেপ হিসেবে ফ্লাইট বাতিলের সিদ্ধান্ত নেওয়া হয়। এয়ার ইন্ডিয়া কর্তৃপক্ষ জানিয়েছে, যাত্রীদের রিফান্ড দেওয়া হবে। কিন্তু পরিষেবার নামে যেভাবে হয়রানি আর আতঙ্কের পরিবেশ তৈরি হচ্ছে তাতে এয়ার ইন্ডিয়া কর্তৃপক্ষের উপর বীতশ্রদ্ধ যাত্রীরা। গত ১২ জুন ড্রিমলাইনারের (এআই ১৭১) মর্মান্তিক পরিণতির পর নাম বদল করে আজ সংস্থার লন্ডনগামী বিমানের ওড়ার কথা ছিল। দুপুর ১টা নাগাদ আমেদাবাদ থেকে ছেড়ে ননস্টপ ফ্লাইটটির লন্ডনের হিথরো বিমানবন্দরে যাওয়ার কথা ছিল। কিন্তু উড়ানের আগেই তা বাতিল ঘোষণা করে দেওয়া হয়েছে। যান্ত্রিক গোলযোগের বিষয়ে বিস্তারিত কোনও ব্যাখ্যা মেলেনি।

### মধ্যপ্রাচ্যে উত্তেজনা, বাতিল-রুটবদল বহু আন্তর্জাতিক উড়ানের

## ইরান থেকে প্রথম দফায় ফিরছেন ১১০ পড়ুয়া

**প্রতিবেদন:** ইরান-ইজরায়েলের সংঘাতের আবহে তেহরান থেকে নিরাপদ জায়গায় সরিয়ে নিয়ে যাওয়া হচ্ছে ভারতীয় পড়ুয়াদের। মঙ্গলবারই শুরু হয়েছে প্রথম দফার কাজ। ইরান থেকে ১১০ জন ভারতীয়কে প্রথমে নিয়ে যাওয়া হয়েছে আর্মেনিয়ায়। বুধবার সেখান থেকে দিল্লিতে ফিরে আসার কথা তাঁদের। ভারতের বিদেশ দফতর ইতিমধ্যেই ইরানে বসবাসকারী ভারতীয়দের যত তাড়াতাড়ি সম্ভব তেহরান ছাড়ার পরামর্শ দিয়েছে। চালু করেছে জরুরি হেল্পলাইন নম্বরও। সেখানকার ভারতীয় দূতাবাসের পক্ষ থেকে বলা হয়েছে, যাঁদের পক্ষে তেহরান থেকে বেরিয়ে যাওয়া সম্ভব, তাঁরা যেন আর দেরি না করেন। ভারতীয় পড়ুয়াদের নিরাপদে দেশে ফেরাতে হাত বাড়িয়ে দিয়েছে ইরানও। আকাশপথ বন্ধ করে দিলেও ভারতীয়দের জন্য স্থলসীমান্ত খুলে দিয়েছে তারা।

## ৩ গ্রামবাসীকে ফাঁসি দিল মাওবাদীরা

**প্রতিবেদন:** পুলিশের চর সন্দেহে ছত্তিশগড়ের বিজাপুরে ৩ গ্রামবাসীকে ফাঁসিতে ঝোলাল মাওবাদীরা। পুলিশ সূত্রে জানা গিয়েছে, নয়াপাড়া এলাকায় পেদ্দাকোর্মা থেকে ৩ গ্রামবাসীকে তুলে নিয়ে যায় মাওবাদীরা। গণ আদালতে বিচার করে তাঁদের মৃত্যুদণ্ড দেওয়া হয়।

# দেশ বিদেশ



জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল



১১৬ বছরের ইতিহাসে এই প্রথম ব্রিটেনের গোয়েন্দা সংস্থা এমআই-৬-এর শীর্ষপদে আসীন হলেন কোনও মহিলা। ব্লেইস মেট্রেওয়েলিকে নিয়োগ করেছেন প্রধানমন্ত্রী স্টার্মার

# বিশ্বে চলমান তিন যুদ্ধ, এই মুহূর্তে কোথায় কী?

## গাজায় ক্ষুধার্তদের বোমা মারল ইজরায়েল

**প্রতিবেদন:** এবার গাজা ভূখণ্ডে ক্ষুধার্ত মানুষের উপর বোমা ফেলল ইজরায়েল। মঙ্গলবার এই মানবতাবিরোধী হামলায় ৪০ জন প্রাণ হারিয়েছেন। এছাড়াও গাজার একাধিক এলাকায় এদিন ভোর থেকে বিকেল পর্যন্ত ইজরায়েলি সেনার লাগাতার বোমাবর্ষণে ৫৮ জনের মৃত্যুর খবর পাওয়া গিয়েছে। গাজার স্বাস্থ্য-প্রশাসনকে উল্লেখ করে আল-জাজিরা টিভি জানিয়েছে, প্যালেস্তাইনের দক্ষিণে রাফাহ শহরের কাছে খাবারের লাইনে দাঁড়িয়ে ছিলেন বহু অভুক্ত মানুষ। সেই সময়ই অতর্কিতে আকাশপথে বোমাবর্ষণ করে ইজরায়েলি সেনা। ক্ষুধার্ত সাধারণ মানুষের উপর এইভাবে হামলার কড়া নিন্দা করেছে রাষ্ট্রসংঘ। সংস্থার মানবাধিকার শাখার প্রধান ভোল্কার তুর্ক বলেছেন, এই ঘটনা ভয়াবহ ও চরম মানবাধিকার লঙ্ঘন। এর আগেও ইজরায়েলের অবরোধের কারণে গাজায় ভুক্তভোগী সাধারণ মানুষকে ত্রাণ ও মানবিক সাহায্য পাঠানো প্রায় বন্ধ হয়ে যায়। অনাহারে ও যুদ্ধে জখম হওয়ার পর চিকিৎসা না পেয়ে অসংখ্য মানুষ মারা গিয়েছেন। তার মধ্যে রয়েছে কয়েক হাজার শিশুও। প্রায় দু'বছর ধরে চলা সংঘর্ষে গাজায় মৃত্যু হয়েছে অন্তত ৬০ হাজার মানুষের।

## রাশিয়া ও ইউক্রেনের মধ্যে ফের তীব্র সংঘর্ষ

**প্রতিবেদন:** একদিকে যখন যুদ্ধবিরতির জন্য পুতিন ও জেলেনস্কির উপর চাপ বাড়াচ্ছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প, তখন দুই দেশই নিজেদের অবস্থানে অনড়। ফলে কার্যকরী সমাধানসূত্র অধরা। ২০২২-এর ২৪ ফেব্রুয়ারি থেকে চলা রাশিয়া ও ইউক্রেনের যুদ্ধ থামার লক্ষণ নেই। দুই তরফেই অসংখ্য হতাহত, সেইসঙ্গে বিশ্ব-অর্থনীতি ও কূটনীতির উপর চাপ। সোমবার রাত থেকে মঙ্গলবার সকালের মধ্যে ৪৪০টি ড্রোন এবং ৩২টি ক্ষেপণাস্ত্র হানা ইউক্রেনের উপর রুশ বাহিনী চালিয়েছে বলে কিয়েভে দাবি করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী ক্লাইমেঙ্কো। এটি এই সময়কার অন্যতম বড় রুশ হামলা বলে জানা যাচ্ছে। রাশিয়ার প্রতিরক্ষামন্ত্রক জানিয়েছে, সোমবার মধ্যরাতে ১৪৭টি ইউক্রেনিয় ড্রোন হানা প্রতিহত করেছে রুশ বায়ুসেনা। আন্তর্জাতিক সংবাদসংস্থার খবর, টানা ৯ ঘণ্টার বেশি সময় ধরে ইউক্রেনের রাজধানী কিয়েভ ও সংলগ্ন অঞ্চলে হামলা চালায় রুশ বাহিনী। শুধু কিয়েভেই ২০ জনের মৃত্যু হয়েছে। জখম বহু। এটি গত তিন বছরের মধ্যে একরাতে বৃহত্তম হামলা বলে দাবি। আত্মরক্ষার জন্য ভূগর্ভস্থ আশ্রয়কেন্দ্রগুলিতে লুকিয়ে ছিলেন কিয়েভের বাসিন্দারা। একটি ন'তলা ভবন পুরোপুরি ধ্বংস হয়ে যায়।

## ইজরায়েল খতম করল ইরানের সেনাপ্রধানকে

**প্রতিবেদন:** ইরান ও ইজরায়েলের রক্তক্ষয়ী সংঘর্ষে উত্তাল মধ্যপ্রাচ্য। বিশ্ব তেলের বাজারে অস্থিতিশীল পরিস্থিতি। এই সংঘর্ষ দীর্ঘস্থায়ী হতে পারে বলে মনে করছেন আন্তর্জাতিক বিশেষজ্ঞরা। ইরানের পরমাণু কেন্দ্র নিশানা করে প্রথম হামলা শুরু করেছিল ইজরায়েল। তাতে নিহত হন শীর্ষ সেনাকর্তা-সহ ৯ জন পরমাণু বিজ্ঞানীও। যে সেনাপ্রধানকে মাত্র তিনদিন আগে নিয়োগ করেছিল তেহরান, তাঁকেও নাকি মেরে ফেলেছে ইজরায়েল। মঙ্গলবার সকালে এই চাঞ্চল্যকর দাবি করে ইজরায়েলের প্রতিরক্ষা বাহিনী। তাদের দাবি, বায়ুসেনার হামলায় নিহত ইরানের নবনিযুক্ত সেনাপ্রধান আলি শাদমানি। যদিও এই বিষয়ে এখনও পর্যন্ত নীরব ইরানের সর্বোচ্চ ধর্মীয় নেতা আয়াতোল্লা আলি খামেনেই। তিনি তিনদিন আগে শাদমানিকে সেনাপ্রধান নিয়োগ করেন। সোমবার গভীর রাতে তেহরানে ইরানি সেনার সদর দফতরে হামলা চালায় ইজরায়েলি বায়ুসেনা। এতেই নবনিযুক্ত সেনাপ্রধান প্রাণ হারিয়েছেন বলে জানা গিয়েছে। আইডিএফ-এর দাবি, খামেনেইয়ের অত্যন্ত ঘনিষ্ঠ ছিলেন সেনাপ্রধান। ফলে এই ঘটনায় ইরানের সর্বোচ্চ ধর্মীয় নেতাকেও প্রকারান্তরে বার্তা দিল নেতানিয়াহুর দেশ।

## দাম বাড়ছে অপরিশোধিত তেলের

### ইরান পরিস্থিতি

**প্রতিবেদন:** ইউক্রেন-রাশিয়া এবং গাজার পর এবার ইরান-ইজরায়েল পরিস্থিতি ক্রমশ ঘোরালো হচ্ছে। মধ্যপ্রাচ্যের এই রক্তক্ষয়ী সংঘর্ষের পরিস্থিতিতে মঙ্গলবার আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের দাম বৃদ্ধি পেল। ইরান এবং ইজরায়েলের মধ্যে পঞ্চমদিনে পড়তেই মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প মঙ্গলবার (ভারতীয় সময় অনুসারে) তেহরান থেকে মার্কিন নাগরিকদের সরে যেতে বলেছেন। ট্রাম্পের এই বার্তার পরেই দেখা গেল আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের দাম বৃদ্ধি পেল।



■ ইজরায়েলের হেরথজেলিয়ায় ইরানের মিসাইল হানা। মঙ্গলবার।

বর্তমানে প্রায় ৮৫ শতাংশ অপরিশোধিত তেলই অন্য দেশ থেকে আমদানি করতে হয় ভারতকে। এর মধ্যে প্রায় ৩৮ শতাংশ কেনা হয় রাশিয়া থেকে। এছাড়া ওপেক গোষ্ঠীভুক্ত রাষ্ট্রগুলি থেকে প্রায় ২৩ শতাংশ তেল কেনে ভারত। রাশিয়া থেকে তেল কেনা শুরুর পরে ওপেক গোষ্ঠীর রাষ্ট্রগুলির উপর নির্ভরশীলতা খানিকটা কমেছে নয়াদিল্লির। এদিকে বিশ্ববাজারে অপরিশোধিত তেলের প্রায় ৩ শতাংশ সরবরাহ করে ইরান। বর্তমান পরিস্থিতিতে ইরান তেল রফতানিতে রাশ টানলে বিপদের মুখে পড়বে পাকিস্তান-সহ একাধিক দেশ।

## আজ থেকে স্নাতকে ভর্তি

(প্রথম পাতার পর)

এই পোর্টালের মাধ্যমে ভর্তি হওয়া যাবে। প্রথমে নিজস্ব তথ্য দিয়ে আবেদন করতে হবে পড়ুয়াদের। এরপর প্রত্যেক পড়ুয়াকে একটি ইউজার আইডি এবং পাসওয়ার্ড দেওয়া হবে। সেই আইডি পাসওয়ার্ড দিয়ে লগ ইন করে ফর্ম ফিলআপ করতে হবে। একজন পরীক্ষার্থী একই সঙ্গে পছন্দের ২৫টি বিষয়ে ক্রম অনুযায়ী কলেজে আবেদন করতে পারবে। ১ জুলাই আবেদনের শেষ দিন পর্যন্ত তারা বিষয় পরিবর্তন করতে পারবে। এক্ষেত্রে আবেদন করার সময় কোনওরকম টাকা দিতে হবে না। এবার তিনটি গেটওয়ের মাধ্যমে টাকা দেওয়া যাবে। ভর্তির আগে যে টাকা প্রথম পর্যায়ে দিতে হবে তার সঙ্গে গেটের যে চার্জ তা দিতে হবে না। সেই ব্যয় বহন করবে রাজ্য। প্রথম ক্ষেত্রে ভেরিফিকেশনের জন্য পড়ুয়াদের সরাসরি কলেজে আসতে হবে না। শিক্ষার্থীদের সহায়তায় পোর্টালে থাকছে এআই চ্যাটবট 'বীণা'। কোনও অসুবিধে হলে এআই প্রযুক্তি 'বীণা'র মাধ্যমে কথা বলা যাবে।

প্রথম পর্যায়ে আবেদনের সময়সীমা পার হলে একটা মেধাতালিকা প্রকাশ করা হবে। এরপর ভর্তি প্রক্রিয়া শেষ। শূন্য আসন বুঝে দ্বিতীয় মেধাতালিকা প্রকাশ করা হবে। তখন প্রথমবার যারা সুযোগ পাননি তারা পছন্দের বিষয়ে আবেদন করতে পারবে। সেক্ষেত্রে প্রথম পর্যায়ে তারা যে টাকা দিয়েছিল তার থেকে অতিরিক্ত টাকা লাগলে শুধুমাত্র সেই অতিরিক্ত টাকাটুকুই দিতে হবে। আবার যদি দেখা যায় কোনও বিষয়ে প্রথম ক্ষেত্রে তারা যে টাকা দিয়েছিল তার থেকে কম টাকা লাগছে তাহলে ওই অতিরিক্ত টাকা ফেরত যাবে পড়ুয়ার অ্যাকাউন্টে।

শিক্ষার্থীদের সাহায্যের জন্য টোল ফ্রি নাম্বার খোলা হয়েছে। ১৮০০১০২৮০১৪—এই নম্বরে যোগাযোগ করে নিজেদের সংশয় নিরসন করতে পারবে পড়ুয়ারা। আগের বারেও খুলেছিল উচ্চশিক্ষা দফতর। এছাড়াও উচ্চশিক্ষা দফতরের যে ইউটিউব চ্যানেল রয়েছে সেখানেও অডিও ভিস্যুয়াল আপলোড করা হয়েছে তা দেখে নিজেদের ফর্ম ফিলআপ করতে পারবে। তবে স্বশাসিত কলেজ, সংখ্যালঘু কলেজ, রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের অন্তর্গত কলেজগুলি এই পোর্টালের আওতাধীন থাকবে না।

## এই দুর্ঘটনা অভাবনীয় : টাটা সন্স চেয়ারম্যান

**প্রতিবেদন :** আমেদাবাদের মর্মান্তিক বিমান দুর্ঘটনার দুঃসহ স্মৃতি এখনও তরতাজা। দুর্ঘটনা নিয়ে এবার আক্ষেপের স্বীকারোক্তি টাটা সন্সের চেয়ারম্যান এন চন্দ্রশেখরনের। মেনে নিলেন তাঁর কেরিয়ারে আমেদাবাদের বিমান দুর্ঘটনা সবচেয়ে হৃদয়বিদারক। তিনি আক্ষেপ করে বলেন, আমি কখনও ভাবিনি এমন দিন দেখতে হবে। টাটা সন্সের চেয়ারম্যান সংস্থার এই সংকটের পরিস্থিতিতে সমস্ত কর্মচারীকে সাম্প্রতিক বিমান দুর্ঘটনার থেকে শিক্ষা নেওয়ার কথা বলেন। বিমান সংস্থাকে কীভাবে যাত্রীবান্ধব করা যায় সেদিকে নজর দেওয়ার কথা বলেন। এয়ার ইন্ডিয়ার দায়িত্বপ্রাপ্ত টাটা কোম্পানির শীর্ষকর্তার এই স্বীকারোক্তির পর বিমানযাত্রায় সুরক্ষার মান এবং পরিচালনার নির্ভরযোগ্যতা নিয়ে প্রশ্ন উঠতে শুরু করেছে।

## মোসাদের দফতরে ইরানের মিসাইল হানা

**প্রতিবেদন : এবার ইজরায়েলের মাটিতে প্রত্যাঘাত চালাল ইরান। আন্তর্জাতিক সংবাদমাধ্যমের খবর, ইজরায়েলের গুপ্তচর সংস্থা মোসাদের সদর দফতরে মিসাইল হামলা চালিয়েছে তেহরান। এর পাশাপাশি ইরানের মাটিতে মোসাদের গুপ্তচরদের যে নেটওয়ার্ক আছে তা ভাঙতে অভিযান শুরু করেছে খামেনেইয়ের দেশ। তেহরানের দাবি, এখনও পর্যন্ত প্রায় ২৮ জন ইজরায়েলি গুপ্তচরকে গ্রেফতার করা হয়েছে ইরানের বিভিন্ন জায়গা থেকে। ধৃত ইজরায়েলি গুপ্তচরদের দ্রুত মৃত্যুদণ্ড দেওয়ার প্রস্তুতি নিচ্ছে ইরান।**

## চিকিৎসার নামে লুঠ

(প্রথম পাতার পর)

ভারতবর্ষে কোথাও নেই। রাজ্য সরকার চায়, সরকারি ও বেসরকারি ক্ষেত্র হাতে হাত ধরে পরিষেবা দিক। কিন্তু বেসরকারি হাসপাতালের বিল নিয়ে বহু মানুষ সমস্যায় পড়েন। সেই সমস্যা থেকে মুক্তি দিতেই এই সংশোধন। রোগীর অধিকার থাকবে তাঁর চিকিৎসা সংক্রান্ত খরচ জানার। রেগুলেটরি কমিশনের নজরদারিতে এই বিল বাস্তবায়িত হবে। কমিশনের নেতৃত্বে রয়েছেন জাস্টিস অসীম বন্দ্যোপাধ্যায়। ডিজিটাল প্রেসক্রিপশন চালুর জন্য রাজ্য সরকার নিজস্ব সফ্টওয়্যার তৈরি করবে। বিলে ১৬টি সংশোধনী যুক্ত হয়েছে। লাইসেন্স নবীকরণের সময়সীমা রাখা হয়েছে ৯০ দিন। বিধায়ক অতীন ঘোষ বলেন, এই বিল দরিদ্রদের পাশে দাঁড়াবে। যেভাবে প্রাইভেট হাসপাতালগুলো কসাইখানায় পরিণত হয়েছে, সেখান থেকে রেহাই দিতেই এই উদ্যোগ। শেষে জবাবি ভাষণে চন্দ্রিমা বলেন, মানুষের স্বার্থেই এই বিল। কেউ যেন একজনের ভুলে পুরো ব্যবস্থার ক্ষতি না করে, সেটাই দেখা হবে। ডিজিটাল প্রেসক্রিপশন নিয়ে কথা বললে দিল্লি রেগে যাবে। আলোচনা শেষে সংশোধনী বিলটি গৃহীত হয়।

## বোঝালেন চন্দ্রিমা

(প্রথম পাতার পর)

প্রতিটি জেলার প্রশাসনিক স্তরে তৈরি করা হয়েছে জেলা মনিটরিং কমিটি। জিআইএস ও ড্রোন প্রযুক্তি ব্যবহার করে নজরদারি চালানো হচ্ছে।

বর্তমানে রাজ্যে ২৬টি নোটিফায়েড জলাভূমি রয়েছে। আরও ১৯টি জলাভূমির নাম কেন্দ্রীয় পরিবেশ মন্ত্রকের কাছে রামসার সাইট ঘোষণার জন্য পাঠানো হয়েছে। পূর্ব বর্ধমান, হাওড়া এবং দক্ষিণ ২৪ পরগনার একাধিক জলাভূমিকে ইতিমধ্যেই সংরক্ষণের আওতায় আনা হয়েছে।

জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

স্টেথোস্কোপ

১৩
১৮ জুন ২০২৫
বুধবার

18 June, 2025 • Wednesday • Page 13 || Website - www.jagobangla.in

মায়াস্থেনিয়া গ্র্যাভিস হলে বেশি চিবোতে হবে না এমন নরম খাবার খান। ঘর-বাড়িতে চলাচলের পথ পরিষ্কার রাখুন যাতে হোঁচট না খান। খুব বেশি পরিশ্রম করবেন না। চোখে প্যাচ পরুন। ডবল ভিশন থাকলে কাজে আসবে



# মায়াস্থেনিয়া গ্র্যাভিস

জুন হল মায়াস্থেনিয়া গ্র্যাভিস সচেতনতা মাস। এটি একটি বিরলতম অটোইমিউন নিউরোমাসকুলার অসুখ। বিরল হলেও গোটা বিশ্ব জুড়ে এই রোগের পরিসংখ্যান খুব একটা কম নয়। তাই এই মাস জুড়ে চলে রোগটি সম্পর্কে সচেতনতা বৃদ্ধি কর্মশালা ও প্রচারাভিযান। কী এই মায়াস্থেনিয়া গ্র্যাভিস? কেন হয় এই অসুখ? চিকিৎসাই বা কী? লিখলেন **শর্মিষ্ঠা ঘোষ চক্রবর্তী**

কদিন ধরেই একবার বসলে আর উঠতে পারছিল না সুহিনা। খুব দুর্বল বিশেষ করে বিকেলের পর থেকে। কিছুদিন পর থেকে চোখ ছোট হতে শুরু করে। ঠিক করে তাকাতে পারছিল না। পলক পড়ে যাচ্ছিল। দু-তিনটে ভিশন আসতে শুরু করে ফলে রাস্তা পার হতে পারত না সে। কিছুতেই বুঝে উঠতে পারছিল না যে কী করবে। শেষে চক্ষু চিকিৎসকের যায় সুহিনা। ভাবল চোখেই কোনও সমস্যা হয়েছে। কিন্তু চোখ পরীক্ষার পর দেখা গেল তার চোখে কোনও সমস্যাই নেই। তখন ডাক্তার ব্রেন এমআরআই করতে বলেন কিন্তু তাতেও কিছু বেরয় না। এরপর নিউরোর কিছু পরীক্ষা করাল সেখানেও সদুত্তর মিলল না। বিভিন্ন চিকিৎসক বিভিন্ন কথা বলতে থাকেন। এরপর একদিন তার চিবিয়ে খেতে গেলে কষ্ট হল। ভাত ঠিকমতো খেতে পারল না। বেশকিছুদিন জ্যুস খেয়ে থাকল। হাঁটতে গিয়ে পড়েও যাচ্ছিল। দিশেহারা সুহিনা কী করবে! ঠিক তখনই একজন চিকিৎসক সুহিনাকে মায়েস্থেনিয়া গ্র্যাভিস টেস্ট করতে দেন। আর সেই পরীক্ষায় সুহিনার রিপোর্ট পজিটিভ হয়। এ আবার কেমন রোগ? সারবে তো!

বিশ্ব জুড়ে প্রতি ১০ হাজার জনের মধ্যে প্রায় ২০ জন মায়াস্থেনিয়া গ্র্যাভিসে আক্রান্ত হন। প্রকৃত সংখ্যাটি আরও বেশি হতে পারে, কারণ হালকা উপসর্গ যুক্ত বেশকিছু মানুষ হয়তো জানেনই না যে তাঁদের এই রোগ রয়েছে। ভারতে মায়াস্থেনিয়া গ্র্যাভিস পুরুষদের মধ্যেই বেশি দেখা যায় মহিলাদের থেকে, যেখানে পুরুষ ও মহিলার অনুপাত প্রায় ২.৭ : ১। তাই প্রতিবছর জুন মাসে বিশ্ব জুড়ে পালিত হয় বিশ্ব মায়াস্থেনিয়া গ্র্যাভিস সচেতনতা মাস।



## কী এই মায়াস্থেনিয়া গ্র্যাভিস

মায়াস্থেনিয়া গ্র্যাভিস হল নিউরোমাসকুলার ডিসঅর্ডার বা অটোইমিউন অসুখ। এমন এক অসুখ যাতে শরীরে রোগ প্রতিরোধক ব্যবস্থা ম্যাল ফাংশন করে অর্থাৎ ইমিউন সিস্টেমের অস্বাভাবিক ক্রিয়ার ফলে নার্ভ এবং মাংসপেশির মধ্যে যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যায়। শরীরের নিজস্ব রোগ-প্রতিরোধ শক্তি ভুলবশত মস্তিষ্ক ও পেশির স্নায়ুপ্রান্তের সুস্থ কোষকে আক্রমণ করে। অ্যাসিটাইল কোলিন নামক রাসায়নিক যা মস্তিষ্ক ও পেশির মধ্যে পরিবাহিত হয় সেটির ঘাটতির জন্য এই কোষগুলো ক্ষতিগ্রস্ত হয়। এর ফলে মাংসপেশি ঠিক মতো কাজ করে না, প্রদাহ সৃষ্টি করে এবং ক্ষতি করে। এটি স্নায়ু বা পেশির মধ্যে রাসায়নিক বার্তার আদানপ্রদানকে প্রভাবিত করে। ফলে পেশির কার্যকলাপ ব্যাহত হতে শুরু করে। একে অটোইমিউন মায়াস্থেনিয়াও (এ এম)বলে। এ এম ছাড়াও এর আরও দুটো ধরন রয়েছে সেগুলো হল—

## কনজেনিটাল মায়াস্থেনিয়া

জন্মের পর শিশুর এই রোগ ধরা পড়লে তাকে বলে কনজেনিটাল মায়াস্থেনিয়া গ্র্যাভিস। এটা আবার ইমিউনিটির কারণে হয় না এটা একটা জেনেটিক পরিবর্তন।

## নিওনেটাল মায়াস্থেনিয়া

গর্ভে সন্তান থাকাকালীন কোনও মা যদি মায়াস্থেনিয়ায় আক্রান্ত হন তখন সেই ভ্রূণটি তার মায়াস্থেনিয়া গ্র্যাভিস আক্রান্ত মায়ের কাছ থেকে কিছু নির্দিষ্ট অ্যান্টিবডি পায়। ফলে জন্মের পর শিশুটির কান্নার অনুভূতি দুর্বল হতে পারে, আরও কিছু লক্ষণ দেখা যায়। এই অস্থায়ী লক্ষণগুলি সাধারণত তিন মাস পরে চলে যায়। মহিলাদের কমবয়সে এই রোগটি বেশি হয় এবং পুরুষেরা এই রোগে আক্রান্ত হন বেশি বয়সে। এই রোগে সমানভাবে আক্রান্ত হয় শিশুরাও।

## কেন হয় এই অসুখ

- রোগপ্রতিরোধ শক্তিকে নিয়ন্ত্রণকারী থাইমাস গ্ল্যান্ডের যখন ক্ষতি হয় তখন এই রোগের রিস্ক বেড়ে যায়।
- কর্কট রোগের পরবর্তীতে এই অসুখের সম্ভাবনা বাড়ে।
- পরিবারে এর আগে কারও এই রোগের ইতিহাস থেকে থাকলে সম্ভাবনা থাকে।

## উপসর্গ

- মায়াস্থেনিয়া গ্র্যাভিসের প্রাথমিক উপসর্গগুলো হঠাৎ দেখা দেয়। সাধারণত ব্যক্তি যখন সক্রিয় থাকে তখন পেশিগুলি দুর্বল হয়ে পড়ে ফলে ক্লান্তি লাগে আবার বিশ্রাম নিলে পেশির শক্তি ফিরে আসে। পেশির দুর্বলতা দিনে দিনে বাড়ে। এই রোগাক্রান্ত বেশিরভাগ মানুষের দিনের শুরুতে নিজেকে বেশ এনার্জিটিক, তন্দুরুস্ত মনে হলেও দিনের শেষে খুব দুর্বল বোধ করেন।
- মায়েস্থেনিয়া গ্র্যাভিসে প্রথম আক্রান্ত হয় চোখ। ঝুলে পড়ে চোখ। অর্থাৎ চোখ খুলে রাখা যায় না, পলক পড়ে যায় বারবার। মনে হয় নিচের দিক থেকে কেউ টানছে।
- ডবল ভিশন হয় বা দৃষ্টি ঝাপসা হয়ে যায়।
- মুখে পক্ষাঘাত। মুখ বেঁকেও যেতে পারে।
- কথা বলতে, চিবোতে এবং খাবার গিলতে অসুবিধা হয়।
- মাথা উঁচু করে রাখতে পারা যায় না, নিচে নেমে আসে।
- ডায়াফ্রাম এবং বুকের পেশিগুলির দুর্বলতা। শ্বাসকষ্ট।
- দীর্ঘস্থায়ী ক্লান্তি। শ্বাসপ্রশ্বাস নিতে অসুবিধে হয়।
- বাহু, পা এবং আঙুলে দুর্বলতা। অনেক সময় কোনও একটা হাত অসাড় হয়ে যায়। হাঁটতে গিয়ে পড়ে যাওয়া।
- ওজন তুলতে অসুবিধা হয়। গলার স্বর ক্ষীণ হয়ে যায়।

## পরীক্ষানিরীক্ষা

- থাইমাস গ্ল্যান্ডের সিটি স্ক্যান, এমআরআই আর থাইরয়েড পরীক্ষা করতে হবে।
- পালমোনারি ফাংশন টেস্ট অর্থাৎ শ্বাস নেবার ক্ষমতা চেক করা হয়।
- ইলেকট্রোমায়োগ্রাফি যা মাংসপেশির ক্রিয়াশীলতা পরীক্ষা করে।
- এড্রোফোনিয়াম ক্লোরাইড টেস্ট এতে মাসল মুভমেন্ট কতটা তার পরিমাপ করা যায়। এছাড়া অ্যাসিটাইল কোলিন পরীক্ষা।
- আইসপ্যাক পরীক্ষা।



মায়াস্থেনিয়া গ্র্যাভিস হওয়ার আগে

মায়াস্থেনিয়া গ্র্যাভিস হওয়ার পর

## চিকিৎসা

এই রোগের চিকিৎসা দীর্ঘমেয়াদি যদি ধৈর্য ধরে করা যায় তাহলে রোগী সম্পূর্ণ স্বাভাবিক জীবনে ফিরে আসতে পারে। কিছু কিছু অন্য রোগের ওষুধ রয়েছে যা মায়াস্থেনিয়া গ্র্যাভিস বাড়ায়। সেগুলো চিকিৎসকের কাছে জেনে নিতে হবে প্রথমেই। সেই ওষুধ বা সেই কম্পোজিশনের ওষুধ কোনওভাবেই খাওয়া চলবে না।

এরপর মেডিকেশন। কিছু ওষুধ রয়েছে যা নিয়মিত খেলে মায়াস্থেনিয়া গ্র্যাভিসের উপসর্গগুলো ধীরে ধীরে কমতে শুরু করে। কিন্তু এর মূল চিকিৎসা হল স্টেরয়েড, প্লাজমা এক্সচেঞ্জ, ইন্ট্রাভেনাস ইমিউনোগ্লোবুলিন এবং সাজারি যাকে বলা হয় থাইমেকটমি। কার ক্ষেত্রে অসুখটা কত গুরুতর তার ওপর নির্ভর করবে কোন পদ্ধতিতে চিকিৎসা করতে হবে।

১৪
১৮ জুন
২০২৫
বুধবার

# মাঠে ময়দানে

18 June, 2025 • Wednesday • Page 14 || Website - www.jagobangla.in

জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল



বিদায়ী টেস্ট খেলতে নেমে গলে সংবর্ধিত অ্যাঞ্জেলো ম্যাথুজ

# জয় চেলসির, ড্র বোকা জুনিয়র্সের

## ফিফা ক্লাব বিশ্বকাপ



ক্লাব বিশ্বকাপের প্রথম ম্যাচ জিতে মাঠ ছাড়ছেন চেলসির ফুটবলাররা।

**আটলান্টা, ১৭ জুন :** সহজ জয় দিয়ে ক্লাব বিশ্বকাপ অভিযান শুরু করল চেলসি। মার্কিন ক্লাব লস অ্যাঞ্জেলেস এফসিকে ২-০ গোলে হারিয়েছে প্রিমিয়ার লিগের দলটি। তবে বোকা জুনিয়র্স বনাম বেনফিকার ম্যাচ ২-২ ড্র হয়েছে। উত্তেজক ম্যাচে বোকা জুনিয়র্সের দু'জন ও বেনফিকার একজন লাল কার্ড দেখেন। টুর্নামেন্টের অন্য ম্যাচে জয় পেয়েছে ব্রাজিলের দুই ক্লাব বোটাফোগো এবং ফ্ল্যামেঙ্গো।

চেলসি বনাম লস অ্যাঞ্জেলেস ম্যাচে আটলান্টার ৭১ হাজার আসনের মার্সিডিস-বেঞ্জ স্টেডিয়ামে খেলা দেখতে উপস্থিত ছিলেন মাত্র ২২ হাজার দর্শক! ফলে কার্যত ফাঁকা স্টেডিয়ামেই ম্যাচ খেলেছে দু'দল। গোটা ম্যাচে একচেটিয়া দাপট দেখিয়েছে চেলসি। ৬৬ শতাংশ বল পজেশন ছিল তাদের। প্রতিপক্ষের গোল লক্ষ্য করে ১৭টি শট নিয়েছেন চেলসির ফুটবলাররা। অন্যদিকে, লস অ্যাঞ্জেলস শট নিয়েছে মাত্র ৭টি। ৩৪ মিনিটে চেলসিকে এগিয়ে দেন পেড্রো নেটো। দ্বিতীয়ার্ধে ব্যবধান দ্বিগুণ করেন এনজো ফার্নান্দেজ।

অন্যদিকে, বোকা জুনিয়র্স বনাম বেনফিকা ম্যাচে হাড্ডাহাড্ডি লড়াই হয়েছে। শুরু থেকেই আক্রমণের ঝড় তুলে ২-০ গোলে এগিয়ে গিয়েছিল আর্জেন্টিনার বোকা জুনিয়র্স। ২১ মিনিটে মিগুয়েল মেরেন্টিয়েল এবং ২৭ মিনিটে রডরিগো বাট্টাগলিয়া এই গোল দু'টি করেন। তবে প্রথমার্ধের সংযুক্তি সময়ে বেনফিকার হয়ে ব্যবধান কমান অ্যাঞ্জেল ডি'মারিয়া। ৮৪ মিনিটে বেনফিকার দ্বিতীয় গোলটি করেন নিকোলাস ওটামেন্ডি। বোকা জুনিয়র্সের মুখের গ্রাস কাড়লেন দুই আর্জেন্টাইন তারকা। উত্তেজক ম্যাচে বারবার মাথা গরম করেছে দু'দল। প্রথমার্ধের শেষ দিকে লাল কার্ড দেখেন বোকার আন্দের হেরেরা। ৭২ মিনিটে বেনফিকার আন্দ্রিয়া বেলোত্তি এবং ৮৮ মিনিটে বোকার আরেক ফুটবলার জর্জ ফিগাল লাল কার্ড দেখেন।

এদিকে, ফ্ল্যামেঙ্গো ২-০ গোলে হারিয়েছে তিউনিসিয়ার ক্লাব এস তুনিসকে। ব্রাজিলীয় ক্লাবের হয়ে গোল করেন জিওর্জিয়ান ও লুইজ আরাউজো। ব্রাজিলের আরেক ক্লাব বোটাফোগো ২-১ গোলে হারিয়েছে আমেরিকার ক্লাব সিয়াটেল সাউন্ডার্সকে। বোটাফোগোর গোলদাতা জাইর কুনহা ও ইগর জেসাস। সিয়াটেলের একমাত্র গোলটি করেন ক্রিশ্চিয়ান রোল্ডান।

# চার দিনের টেস্টে ছাড় বিগ থ্রি-কে



**লন্ডন, ১৭ জুন :** টেস্টের দিন কমানোর পরিকল্পনা কার্যকর করতে চলেছে আইসিসি। সব কিছু ঠিক থাকলে বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের পরবর্তী চক্রে (২০২৭-২০২৯) পাঁচের বদলে চার দিনের টেস্ট দেখা যাবে। তবে তা তথাকথিত দ্বিতীয় বা তৃতীয় সারির টেস্ট দলগুলোর জন্য। ক্রিকেটের 'বিগ থ্রি' খ্যাত ভারত, অস্ট্রেলিয়া ও ইংল্যান্ড পরস্পরের মধ্যে পাঁচ দিনের টেস্টই খেলবে। কারণ, অ্যাসেজ, বর্ডার-গাভাসকর ট্রফি এবং তেন্ডুলকর-অ্যান্ডারসন ট্রফির ঐতিহ্য ও জনপ্রিয়তা মাথায় রেখে এই সিরিজে টেস্টের দিন কমানো হবে না।

'দ্য গার্ডিয়ান' লিখেছে, ''গত সপ্তাহে লর্ডসে বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনালের সময় চেয়ারম্যান জয় শাহর নেতৃত্বে বৈঠক করে আইসিসি বোর্ড। চার দিনের টেস্ট আয়োজন নিয়ে সেখানে আলোচনা হয়েছে। ভারতের প্রাক্তন বোর্ড কর্তার প্রস্তাবকে সমর্থন করেছেন সদস্যরা। ২০২৭-২৯ ডব্লুটিসি চক্রে চার দিনের টেস্ট চালু করার পরিকল্পনা।'' অপেক্ষাকৃত ছোট দেশগুলি টেস্ট খেলতে চায় না। কারণ, খরচ বাড়ে এবং সময়ও বেশি লাগে। ফলে অধিকাংশ ক্ষেত্রেই মাত্র দুই টেস্টের সিরিজ হয়। গত মাসেই ইংল্যান্ড ও জিম্বাবোয়ের মধ্যে একটি টেস্ট হয়েছে। শ্রীলঙ্কা-বাংলাদেশ, নিউজিল্যান্ড-বাংলাদেশ পরস্পরের মধ্যে দুই টেস্টের সিরিজ খেলছে। চার দিনের টেস্ট হলে তিন সপ্তাহের মধ্যে তিন টেস্টের সিরিজ খেলা সম্ভব। সেক্ষেত্রে প্রত্যেকদিন ৯৮ ওভার খেলার পরিকল্পনা করছে আইসিসি।

# জুটি বাঁধছেন আলকারেজ ও রাদুকানু



**নিউ ইয়র্ক, ১৭ জুন :** বড় চমক দিলেন সদ্য ফ্রেঞ্চ ওপেন চ্যাম্পিয়ন কার্লোস আলকারেজ। বছরের শেষ গ্র্যান্ড স্ল্যামের আসর ইউএস ওপেনে গ্রেট ব্রিটেনের এমা রাদুকানুর সঙ্গে জুটি বেঁধে মিক্সড ডাবলসে অংশ নেবেন স্প্যানিশ তারকা। প্রসঙ্গত, এই বছর থেকে নতুন ফরম্যাটে হবে ইউএস ওপেনের মিক্সড ডাবলস ইভেন্ট। মূল টুর্নামেন্ট চলতি বছরের ২৪ অগাস্ট শুরু হলেও, মিক্সড ডাবলস ইভেন্ট হবে ১৯-২০ অগাস্ট। এবারের মিক্সড ডাবলস ইভেন্টে তাই জানিক সিনার, নোভাক জকোভিচ, ইগা সুইয়াটেক, নাওমি ওসাকা-সহ প্রায় সব বড় তারকারাই অংশগ্রহণ করছেন। আলকারেজ যেখানে ইতিমধ্যেই পাঁচ-পাঁচটি গ্র্যান্ড স্ল্যাম খেতাব জিতেছেন, সেখানে রাদুকানুর ঝুলিতে মাত্র একটি। ২০২১ সালে উইম্বলডন চ্যাম্পিয়ন হয়েছিলেন তিনি।

# খাবারে বিষক্রিয়া, অসুস্থ ৮ ফুটবলার




**রোম, ১৭ জুন :** একে তো ম্যাচ হেরে অবনমনের আশঙ্কা জোরালো হয়েছে। গোদের উপর বিষফোড়ার মতো খাদ্যে বিষক্রিয়ার ফলে অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি হতে হল দলের ৮ ফুটবলার ও ১৩ জন সাপোর্ট স্টাফকে! সব মিলিয়ে কঠিন সময় কাটছে ইতালির দ্বিতীয় ডিভিশনের ক্লাব সালেরনিতানার। সাম্পদোরিয়ার বিরুদ্ধে সিরি বি-র অ্যাওয়ে ম্যাচ ছিল সালেরনিতানার। ০-২ গোলে হারের ফলে অবনমনের সামনে ইতালির এই ক্লাব। ম্যাচ শেষ হওয়ার পর নিজেদের শহরে ফেরার পথে বিমানেই ফুটবলার ও সাপোর্ট স্টাফদের পেটে যন্ত্রণা শুরু হয়। সঙ্গে বমিও। বিমান এয়ারপোর্টে নামতেই, চারটি অ্যাম্বুল্যান্স করে অসুস্থদের দ্রুত নিয়ে যাওয়া হয় হাসপাতালে। স্বস্তির খবর, ২১ জনকেই প্রাথমিক চিকিৎসার পর ছেড়ে দেওয়া হয়েছে। তবে এখনই ওই ফুটবলারদের পক্ষে মাঠে নামা সম্ভব নয়। ফলে ক্লাবের আবেদনের ভিত্তিতে সালেরনিতানার পরের ম্যাচ পিছিয়ে দেওয়া হয়েছে। জানা গিয়েছে, বিমানে ওঠার আগে হোটেল থেকে খাবার খেয়েছিলেন ফুটবলাররা। সেই খাবার সেই বিপত্তি।

## ট্রাম্পকে শান্তির বার্তা সিআর সেভেনের




■ ইজরায়েল-ইরান যুদ্ধের আবহে আমেরিকার প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে সই-করা বিশেষ জার্সি উপহার দিলেন ক্রিশ্চিয়ানো রোনাল্ডো। পর্তুগাল জাতীয় দলের এই জার্সিতে রোনাল্ডো লিখেছেন— 'প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে বলছি, শান্তির জন্য খেলছি।' জি৭ সম্মলনে ট্রাম্পের হাতে এই জার্সি তুলে দেন ইউরোপীয় কাউন্সিলের প্রেসিডেন্ট আন্তোনিও কোস্তা।

# আয়ে মেসি-রোনাল্ডোকে টেক্কা বেসবল তারকার




**লস অ্যাঞ্জেলস, ১৭ জুন :** বেসবল বিশ্বের জনপ্রিয়তম খেলা নয়। জনপ্রিয়তার নিরিখে প্রথম পাঁচেও নেই। অথচ বিজ্ঞাপনের আয়ে ফুটবলের দুই মহাতারকা লিওনেল মেসি ও ক্রিশ্চিয়ানো রোনাল্ডোকে পিছনে ফেলে দিলেন জাপানি বেসবল খেলোয়াড় শোহেই ওহতানি!

৩০ বছর বয়সি ওহতানি অবশ্য বেসবলপ্রেমীদের কাছে পরিচিত নাম। বিশ্বের সেরা বেসবল প্লেয়ারদের অন্যতম। খেলেন আমেরিকার মেজর লিগ বেসবলের অন্যতম দল লস অ্যাঞ্জেলস ডজার্সের হয়ে। ২০২৪ সালে তাঁর সঙ্গে রেকর্ড ৭০০ মিলিয়ন ডলারের বিনিময়ে ১০ বছরের চুক্তি করেছে ডজার্স। ভারতীয় মুদ্রায় যা ৬ হাজার কোটিরও বেশি! পাশাপাশি বিজ্ঞাপন জগতেও দারুণ চাহিদা রয়েছে ওহতানির। বিশ্বের প্রথম সারির কুড়ি বহুজাতিক সংস্থার বিপণন দূত জাপানি বেসবল তারকা।

এছাড়াও বেশ কিছু নামী পণ্যের বিজ্ঞাপনের মুখ তিনি। শুধু বিজ্ঞাপন থেকেই ওহতানি বছরে সব মিলিয়ে আয় করেন ১০০ মিলিয়ন ডলার। ভারতীয় মুদ্রায় প্রায় ৮৬০ কোটি টাকা। মেসি-রোনাল্ডো তো বটেই, এই মুহূর্তে বিশ্বের আর কোনও ক্রীড়াবিদ শুধু বিজ্ঞাপন থেকে বছরে এত টাকা আয় করেন না। মোট আয়ের নিরিখে অবশ্য মেসি-রোনাল্ডোর থেকে অনেকটাই পিছিয়ে রয়েছেন ওহতানি। তবু শুধু বিজ্ঞাপন থেকে তাঁর বিপুল আয় ইতিমধ্যেই ক্রীড়া বিশ্বের চর্চার বিষয় হয়ে দাঁড়িয়েছে।

জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল



শ্রেয়স আইয়ারকে ভারতীয় টেস্ট দলে দেখতে না পেয়ে অবাক নিক নাইট

মাঠে ময়দানে

18 June, 2025 • Wednesday • Page 15 || Website - www.jagobangla.in



## অসুস্থ স্নেহাশিস

■ **প্রতিবেদন :** আচমকা অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন সিএবি সভাপতি স্নেহাশিস গঙ্গোপাধ্যায়। পরিবার সূত্রে খবর, সোমবার রাত থেকেই অস্বস্তিবোধ করছিলেন স্নেহাশিস। মঙ্গলবার সকালে বাড়াবাড়ি হতেই সময় নষ্ট না করে দ্রুত বাংলার প্রাক্তন ক্রিকেটারকে শহরের একটি বেসরকারি হাসপাতালে ভর্তি করা হয়। স্নেহাশিসের স্ত্রী অর্পিতা বলেন, ''সোমবার রাতে বাইরে থেকে খাবার আনা হয়েছিল। রাত থেকে পেটে ব্যথা শুরু হয়। আজ সকালে শারীরিক পরিস্থিতির অবনতি হলে আর আমরা ঝুঁকি নিইনি। চিকিৎসায় সাড়া দিচ্ছেন।''

## মুক্ত কালীঘাট

■ **প্রতিবেদন :** গত মরশুমে কলকাতা লিগে কালীঘাট স্পোর্টস লাভার্স অ্যাসোসিয়েশনের বিরুদ্ধে থাকা অভিযোগকে গুরুত্ব দিল না আইএফএ। মুচলেকা দিয়ে শাস্তি থেকে মুক্তি পাচ্ছে তারা। মঙ্গলবার গভর্নিং বডির বৈঠকে কালীঘাটের কাছ থেকে মুচলেকা চেয়ে ভবিষ্যতে এই ধরনের ভুল না করার প্রতিশ্রুতির ভিত্তিতে তাদের মুক্ত করে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে আইএফএ।

# ওপেনে রাহুল-যশস্বী, শুভমন চারে : শাস্ত্রী



**লন্ডন, ১৭ জুন :** হেডিংলে টেস্টের তিনদিন আগেই ভারতীয় দলের প্রথম এগারো বেছে নিলেন রবি শাস্ত্রী। মঙ্গলবার আইসিসি ওয়েবসাইটে দেওয়া সাক্ষাৎকারে টিম ইন্ডিয়ার প্রাক্তন কোচ ওপেনার হিসাবে বেছে নিয়েছেন কে এল রাহুল ও যশস্বী জয়সওয়ালকে। শাস্ত্রীর যুক্তি, ''যশস্বীর সঙ্গে ওপেন করুক রাহুল। কারণ ইংল্যান্ডের মতো গুরুত্বপূর্ণ সফরে ওর অভিজ্ঞতা কাজে লাগবে। এই দলের ও অভিজ্ঞতম ব্যাটার রাহুল। শেষবার যখন ভারত ইংল্যান্ড সফরে এসেছিল, রাহুল সেঞ্চুরি করেছিল।''

তিন নম্বরে শাস্ত্রীর পছন্দ তরুণ সাই সুদর্শন। তিনি বলছেন, ''সুদর্শনের ব্যাটিং দেখেছি। আমি ওর পারফরম্যান্স ও ব্যাটিংয়ে মুগ্ধ। এই সফর ওর জন্য বড় অভিজ্ঞতা হতে চলেছে। তিনে সুদর্শনকে চাইছি।'' চার নম্বরে শাস্ত্রীর বাজি অধিনায়ক শুভমন গিল। পাঁচে করুণ নায়ার। শাস্ত্রী বলছেন, ''বিরাট কোহলি নেই। তাই চারে ব্যাট করুক শুভমন। আমার ধারণা, এতে শুভমন ও দল উপকৃত হবে। পাঁচে করুণ নায়ার। করুণ অসম্ভব পরিশ্রম করে টেস্ট দলে ফিরেছে। সুযোগ ওর প্রাপ্য।''

ছয় ও সাতে শাস্ত্রী বেছেছেন ঋষভ পন্থ ও রবীন্দ্র জাদেজাকে। তবে আট নম্বর জায়গা নিয়ে কিছুটা হলেও বিভ্রান্ত তিনি। শাস্ত্রীর বক্তব্য, ''হেডিংলের উইকেট দেখে প্রসিধ কৃষ্ণ বা অর্শদীপ সিংয়ের মধ্যে যে কোনও একজনকে খেলানো যেতে পারে। বাকি দুই পেসার জসপ্রীত বুমরা ও মহম্মদ সিরাজ। এর সঙ্গে থাকতে পারে শার্দূল ঠাকুরও।'' এদিকে, ভারত-ইংল্যান্ড সিরিজ নিয়ে মুখ খুলেছেন ইংল্যান্ডের প্রাক্তন স্পিনার গ্রেম সোয়ানও। তিনি বলছেন, ''দারুণ একটা আকর্ষণীয় সিরিজ হতে চলেছে। শেষ ২-৩টে বছর আমরা ভারতে গিয়ে বিশ্রীভাবে হেরেছি। এবার ইংল্যান্ডের মাটিতে সিরিজ হচ্ছে। আমাদের জিততেই হবে। তার জন্য স্টোকসদের সেরা ক্রিকেট খেলতে হবে। বিরাট কোহলি, রোহিত শর্মারা না থাকলেও, ভারত কিন্তু বড় চমকে দিতে পারে।''




শাস্ত্রীর বাজি যশস্বী-রাহুলের ওপেনিং জুটি।

# শচীনের অনুরোধ মেনে সিরিজে পতৌদি পদক



**লন্ডন, ১৭ জুন :** ভারত-ইংল্যান্ড সিরিজের নাম বদলে বিতর্ক হলেও তেন্ডুলকর-অ্যান্ডারসন ট্রফিতেই সিলমোহর দিয়েছে ইংল্যান্ড ক্রিকেট বোর্ড। একইসঙ্গে বিসিসিআই ও শচীন তেন্ডুলকরের অনুরোধ মেনে পতৌদির স্মৃতিরক্ষায় রাজি হয়ে আসন্ন সিরিজে নতুন একটি পুরস্কারও চালু করছে ইসিবি। সিরিজ জয়ী অধিনায়ককে দেওয়া হবে পতৌদি পদক।

ইফতিকার আলি খান পতৌদি ভারত ও ইংল্যান্ড দুই দেশের হয়েই টেস্ট খেলেছিলেন। ছেলে মনসুর আলি খান ওরফে টাইগার পতৌদিও ভারতীয় দলকে নেতৃত্ব দিয়েছেন। ২০০৭ সাল থেকে দু'দলের মধ্যে টেস্ট সিরিজে বিজয়ী দলকে পতৌদি ট্রফি দেওয়া হত। এবারই ট্রফির নাম বদলে দুই দেশের বর্তমান প্রজন্মের দুই কিংবদন্তি তেন্ডুলকর ও জেমস অ্যান্ডারসনের নামে করা হয়। টেস্ট ক্রিকেটে দুই তারকাই যথাক্রমে সর্বাধিক রান সংগ্রাহক এবং সর্বোচ্চ উইকেটশিকারি। কিন্তু ভারতীয় বোর্ড ও স্বয়ং শচীনও চান, সিরিজে পতৌদির স্মৃতি বাঁচিয়ে রাখতে। বোর্ডের পাশাপাশি ইসিবি-কে শচীনও অনুরোধ করেন, পতৌদির ঐতিহ্য বাঁচিয়ে রাখতে। শচীনের অনুরোধে রাজি হয় ইসিবি। সিদ্ধান্ত হয়, সিরিজ জয়ী অধিনায়ককে দেওয়া হবে পতৌদির নামাঙ্কিত পদক, 'মেডেল অফ এক্সেলেন্স'। পতৌদিকে সম্মান জানাতেই এই পুরস্কার।

সিরিজের প্রথম টেস্ট শুরু ২০ জুন হেডিংলেতে। আগের দিন ১৯ তারিখ সিরিজের নতুন ট্রফি ও পদক উন্মোচন হবে। ইসিবি ডিরেক্টর রব কি বলেন, ''শচীন এবং অ্যান্ডারসনের নাম জুড়ে যাওয়া ভারত-ইংল্যান্ড সিরিজের আকর্ষণ আরও বাড়িয়ে দেবে। দু'জনের নাম জড়িয়ে থাকলে সিরিজের প্রাসঙ্গিকতা অনেক বেড়ে যায়।''

# ফিফার ব্যান উঠল, স্বস্তি মোহনবাগানে

**প্রতিবেদন :** আইএসএলে দ্বিমুকুট জয়ের পরেই জেসন কামিন্সের সই ইস্যুতে ফিফার রেজিস্ট্রেশন ব্যানের আওতায় পড়েছিল মোহনবাগান সুপার জায়ান্ট। জাতীয় স্তরের ফুটবলারদের সই করানোর ক্ষেত্রে নিষেধাজ্ঞা জারি করেছিল বিশ্ব ফুটবলের সর্বোচ্চ নিয়ামক সংস্থা। প্রয়োজনীয় কাগজপত্র জমা দেওয়ার পর মঙ্গলবার মোহনবাগানের উপর থেকে নির্বাসন তুলে নিল ফিফা। মোহনবাগান ক্লাবে যখন সভাপতি, সচিব নির্বাচন ঘিরে হইচই তখন নিঃশব্দে ফিফার সঙ্গে চিঠি চালাচালিতে আইনি প্রক্রিয়া চালিয়ে গিয়ে রেজিস্ট্রেশন ব্যান তুলে সমর্থকদের স্বস্তি ফেরালেন ফুটবল টিমের কর্তারা।

মুম্বই সিটিও একই সমস্যায় পড়েছিল। তাদের নির্বাসন তুলতে তিনমাস সময় লেগেছিল। মোহনবাগান ফুটবলার সইয়ে নিষেধাজ্ঞা তুলতে পারল মাত্র দেড় মাসের মধ্যেই। দুই মরশুম আগে কামিন্সের ট্রান্সফার ফি-র পুরোটা তাঁর আগের ক্লাব সেন্ট্রাল কোস্ট মেরিনার্সকে দেওয়া হলেও ফিফা সলিডারিটি ফান্ডে টাকা জমা পড়েনি। একইসঙ্গে কামিন্সের পুরনো ক্লাবকে 'ট্রেনিং কম্পেনসেশন ফি' দেওয়ার কথা। সেটাও দেওয়া হয়নি। আসলে কিছু টেকনিক্যাল সমস্যার জন্যই এই অর্থ দেওয়ার ক্ষেত্রে সমস্যায় পড়েছিল মোহনবাগান। বার দুয়েক ফর্ম পূরণ করেও সমস্যা থেকে যায়। আচমকা মোহনবাগানকে শাস্তি দেওয়ার পর ফিফার ক্লিয়ারিং হাউসের সঙ্গে যোগাযোগ করে সমস্যা মেটাতে উদ্যোগী হয় ক্লাব ম্যানেজমেন্ট।




কলকাতা লিগের প্রস্তুতি চলছে জোরকদমে।

আইনজীবী মারফত সমস্ত কাগজপত্র জমা দেওয়ার পর সমস্যা মেটে। কয়েকদিন আগেই মোহনবাগানের জমা দেওয়া সমস্ত নথিপত্র অনুমোদন করে ফিফা। এদিন সরকারিভাবে রেজিস্ট্রেশন ব্যান তুলে নেয় তারা। ৩১ অগাস্ট পর্যন্ত বর্তমান ট্রান্সফার উইন্ডো চালু থাকছে। ফলে নতুন ফুটবলার সই নিয়ে আর কোনও চিন্তা রইল না মোহনবাগানের। কয়েকজন পরিচিত ভারতীয় ফুটবলার দলে নেওয়ার চেষ্টায় জোসে আশিক কুরুনিয়ন দল ছাড়ায় তাঁর বিকল্প খোঁজার চেষ্টা চালাচ্ছে দল। নজরে আব্দুল রাবি, কিয়ান নাসিরিরা। পাশাপাশি মুম্বই থেকে মেহতাব সিংকে নেওয়ার পথে এগিয়েছে দল। এদিনই মোহনবাগান মাঠ পরিদর্শন করেন সচিব সৃঞ্জয় বোস।

## আদালতে জয় কাশীর

**প্রতিবেদন :** ইন্টার কাশীর জন্য স্বস্তির খবর। মঙ্গলবার আন্তর্জাতিক ক্রীড়া আদালত কোর্ট অফ আরবিট্রেশন ফর স্পোর্টস আই লিগের দলটির পক্ষেই রায় দিয়েছে। সর্বভারতীয় ফুটবল ফেডারেশনের অ্যাপিল কমিটি আগে একটি মামলায় কাশীর তিন পয়েন্ট কেটে নিয়েছিল। আই লিগের ম্যাচে নামধারী এফসি-র বিরুদ্ধে ০-২ গোলে হেরেছিল কাশী। কিন্তু তাদের অভিযোগ ছিল, ওই ম্যাচে 'অবৈধ ফুটবলার' খেলিয়েছিল নামধারী। ফেডারেশনের শৃঙ্খলারক্ষা কমিটি কাশীকে তিন পয়েন্ট ও তিন গোল দিলে অ্যাপিল কমিটিতে যায় নামধারী। অ্যাপিল কমিটি সিদ্ধান্তে স্থগিতাদেশ দেয়। এরপর সিদ্ধান্তের বিরুদ্ধে ক্রীড়া আদালতে যায় কাশী। ক্যাসে খারিজ হয়ে গেল ফেডারেশনের রায়। রায়কে মান্যতা দিয়ে কাশীকে তিন পয়েন্ট দেওয়ার সিদ্ধান্ত দিয়েছে ফেডারেশন। কিন্তু কাশীর বিরুদ্ধে আরও একটি অভিযোগ নিয়েও মামলা চলছে। ফলে লিগ চ্যাম্পিয়ন কে, তা এখনই জানা যাচ্ছে না।

# দলের জন্য রক্ত দিতে রাজি, বলছেন রাবাডা



**জোহানেসবার্গ, ১৭ জুন :** ২৭ বছর পর আইসিসি ট্রফি জয়ের শাপমোচন। টেস্টে বিশ্বসেরার মুকুট মাথায় পরার পর উৎসবের রেশ এখনও কাটছে না দক্ষিণ আফ্রিকার ক্রিকেটারদের। ফাইনালের অন্যতম সেরা পারফর্মার দক্ষিণ আফ্রিকার ফাস্ট বোলার কাগিসো রাবাডা জানিয়েছেন, এই দলের জন্য তিনি রক্ত দিতেও রাজি।

লর্ডসে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ফাইনালে দুই ইনিংস মিলিয়ে ৯ উইকেট নিয়েছেন রাবাডা। প্রোটিয়া পেসারের গতি, সুইং সামলাতে হিমশিম খেয়েছেন অস্ট্রেলীয় ব্যাটাররা। দক্ষিণ আফ্রিকার কোচ শাকরি কনরাড জানিয়েছেন, কাগিসোর নেতৃত্বে আমাদের বোলাররাই ম্যাচ ঘুরিয়েছে। রাবাডার কথা কী বলব? এই কারণেই ও সুপারস্টার।

রাবাডা অবশ্য নিজেকে তারকা বলতে চান না। দক্ষিণ আফ্রিকা ক্রিকেটের অন্যতম সেরা বোলার বলেছেন, ''আমি নিজেকে তারকা হিসেবে দেখি না। আমি নিজেকে সেভাবেই দেখি যে এই দলটার জন্য নিজের রক্ত দিতে প্রস্তুত থাকে। নিজের উন্নতির জন্য সবসময় কঠোর পরিশ্রম করি। বুকে থাকা দেশের এই প্রতীকের (দক্ষিণ আফ্রিকা ক্রিকেটের লোগো) মর্যাদারক্ষার জন্য খেলি। আমরা ফাইনালে পিছিয়ে ছিলাম। কিন্তু আমি মাথা ঠান্ডা রেখে শান্ত থাকতে চেয়েছিলাম। সামনে থাকা কাজটা শেষ করতে চেয়েছি সবসময়। ক্রিকেটার হিসেবে আমি নিজেকে এভাবেই দেখি।''

বারবার শেষ মুহূর্তে স্বপ্নভঙ্গের পর অবশেষে 'চোকার্স' অপবাদ ঘুচল। রাবাডা বলছেন, ''জীবনে কখনও এই মুহূর্ত ভুলতে পারব না। এটা বিশেষ, বিশেষ, বিশেষ সাফল্য। এই দলের কেউ ভুলবে না। অস্ট্রেলিয়া অনেক তৈরি টিম ছিল। কিন্তু ওদের টিমটা একটু বয়স্কও। এখনও যেন ঘোরের মধ্যে। এটাকে ঠিক বর্ণনা করা যাবে না।''

মাঠে ময়দানে
18 June, 2025 • Wednesday • Page 16 || Website - www.jagobangla.in
জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

চোটের কারণে হেডিংলে টেস্টে নেই, তবে বিগ ব্যাশের ড্রাফ্টে নাম লেখালেন জোফ্রা আর্চার



## মৃত ক্রিকেটার

■ **আমেদাবাদ :** আমেদাবাদে এয়ার ইন্ডিয়ার মর্মান্তিক বিমান দুর্ঘটনায় মৃতদের তালিকায় রয়েছেন এক উদীয়মান ক্রিকেটার। গুজরাতের বাসিন্দা ২৩ বছরের দীর্ঘ প্যাটেল ইংল্যান্ডে পড়াশোনার পাশাপাশি লিডসের মডার্নিয়ান্স ক্লাবের হয়ে এয়ারডেল অ্যান্ড হোয়ারফেডাল সিনিয়র ক্রিকেট লিগে খেলতেন। প্রতিভাবান অলরাউন্ডার দীর্ঘর এই মর্মান্তিক মৃত্যুতে গভীর শোকপ্রকাশ করেছে মডার্নিয়ান্স ক্লাব। এক বিবৃতিতে তারা জানিয়েছে, 'দীর্ঘের অকালমৃত্যুতে ক্লাব গভীরভাবে শোকাহত। এই ক্লাবে অনেক সুন্দর মুহূর্তের সাক্ষী ছিল দীর্ঘ।'

## জোড়া সেঞ্চুরি

■ **গল :** শ্রীলঙ্কার বিরুদ্ধে গল টেস্টে বড় রান গড়তে চলেছে বাংলাদেশ। সৌজন্যে অধিনায়ক নাজমুল হোসেন শান্ত ও মুশফিকুর রহিমের জোড়া সেঞ্চুরি। প্রথম দিনের শেষে বাংলাদেশের রান ৩ উইকেটে ২৯২। শান্ত ১৩৬ রানে ও মুশফিকুর ১০৫ রানে অপরাজিত রয়েছেন। মঙ্গলবার শুরুটা অবশ্য ভাল হয়নি বাংলাদেশের। স্কোরবোর্ডে ৪৫ রান তুলতে না তুলতেই ৩ উইকেট পড়ে গিয়েছিল। ওই পরিস্থিতি থেকে দলকে টেনে তোলেন শান্ত ও মুশফিকুর। এখনও পর্যন্ত জুটিতে দু'জনে ২৪৭ রান যোগ করেছেন।

## হেডিংলেতে অপেক্ষায় সবুজে ভরা ২২ গজ

# বিরাটের বাড়িতে শুভমনরা

**লিডস, ১৭ জুন :** যে দিকে দু'চোখ যায়, শুধু সবুজ আর সবুজ! এতটাই যে, দূর থেকে কোনটা ২২ গজ আর কোনটা আউট ফিল্ড আলাদা করে বোঝার উপায় নেই। ভারত-ইংল্যান্ড সিরিজের আগে লিডসের হেডিংলে মাঠ যেন এক টুকরো 'সবুজ দ্বীপ'!




এই হেডিংলেতেই শুক্রবার থেকে শুরু হচ্ছে ভারত-ইংল্যান্ড সিরিজের প্রথম টেস্ট। পিচ কিউরেটর রিচার্ড রবিনসন অবশ্য আশ্বাস দিচ্ছেন, টেস্ট শুরুর আগেই পিচের ঘাস অনেকটাই ছেঁটে ফেলা হবে। কিন্তু তাতেও পুরোপুরি আশ্বস্ত হওয়া যাচ্ছে না। বরং বাস্তবটা হল, সিরিজের শুরুতেই ভারতীয় দলকে সবুজ ঘাসে ভর্তি পিচে ফেলে দেওয়ার রণনীতি পুরোপুরি তৈরি বেন স্টোকসদের। সোজা কথায়, বিরাট কোহলি, রোহিত শর্মাহীন তুলনামূলকভাবে অনভিজ্ঞ ভারতীয় ব্যাটিংকে শুরু থেকেই চাপে রাখার ছক তৈরি ইংল্যান্ডের।

হেডিংলের পিচ কিউরেটর যদিও বলছেন, ''ম্যাচে এত ঘাস পিচে থাকবে না। ছেঁটে ফেলা হবে। আবহাওয়ার পূর্বাভাস, টেস্ট চলাকালীন ভালই গরম থাকবে। তাই উইকেটে আর্দ্রতা রয়েছে। তবে খেলা যত গড়াবে, ততই আর্দ্রতা কমবে।'' তাঁর সংযোজন, ''তাপমাত্রা বেশি বলেই পিচে নিয়মিত জল দেওয়া হচ্ছে। তাই বাড়তি ঘাস রাখা হয়েছে। যাতে পিচ না ভাঙে। আমি চাই, টেস্ট তিন দিন নয়, পাঁচ দিন গড়াক। তেমনই উইকেট তৈরি করছি।''

রবিনসন আরও জানিয়েছেন, টেস্ট যত গড়াবে, ততই উইকেট ব্যাটিং সহায়ক হবে। প্রথম ইনিংসের তুলনায় দ্বিতীয় ও তৃতীয় ইনিংসে ব্যাটাররা সুবিধে পাবেন। শেষ দু'দিন অবশ্য বল ঘুরতে পারে। তিনি বলেন, ''আশা করি, ব্যাট ও বলের দারুণ একটা লড়াই দেখা যাবে। প্রথম ইনিংসে ৩০০ এই পিচে যথেষ্ট ভাল রান। পরের দুটো ইনিংসে ব্যাট করা আরও সহজ হবে। চতুর্থ ও পঞ্চম দিনে স্পিনাররাও সুবিধা পাবে।''

এদিকে, টেস্ট ক্রিকেট থেকে অবসর নিলেও, বিরাট কোহলির মাথায় ঘুরছে ভারতীয় দল। এই মুহূর্তে লন্ডনে সপরিবার রয়েছেন বিরাট। নতুন টেস্ট অধিনায়ক শুভমন গিল, সহ-অধিনায়ক ঋষভ পন্থ, মহম্মদ সিরাজ ও আরও কয়েকজনকে নিজের লন্ডনের বাড়িতে আমন্ত্রণ জানিয়েছিলেন তিনি। জানা গিয়েছে, সোমবার ভারতীয় ক্রিকেটারদের নিজের বাড়িতে নৈশভোজে ডেকেছিলেন বিরাট। বেশ কিছুটা সময় গিলদের সঙ্গে সময় কাটান তিনি। আসন্ন সিরিজের জন্য গিলদের গুরুত্বপূর্ণ টিপস বিরাট দিয়েছেন কিনা, তা নিয়ে শুরু হয়েছে চর্চা।




## ছ'বছর পর শীর্ষে মান্ধানা

**দুবাই, ১৭ জুন :** দীর্ঘ ছ'বছরের খরা কাটিয়ে আইসিসি মহিলা ওয়ান ডে ব্যাটারদের ক্রমতালিকার শীর্ষে স্মৃতি মান্ধানা। ২০১৯ সালের নভেম্বরে শেষবার তিনি এই স্থানে ছিলেন। গত মাসে শ্রীলঙ্কায় আয়োজিত ত্রিদেশীয় সিরিজে ভাল পারফরম্যান্সের পুরস্কার পেলেন স্মৃতি। ওই সিরিজে পাঁচ ম্যাচে ১টি সেঞ্চুরি ও ১টি হাফ সেঞ্চুরি-সহ মোট ২৬৪ রান করেছিলেন বাঁ হাতি ওপেনার। ফলে ৭২৭ পয়েন্ট নিয়ে ক্রমতালিকার শীর্ষে উঠে এলেন। দ্বিতীয় স্থানে যুগ্মভাবে রয়েছেন দক্ষিণ আফ্রিকার লরা উলভার্ট ও ইংল্যান্ডের ন্যাট শিভার ব্রান্ট। চতুর্থ ও পঞ্চম স্থানে আছেন ইংল্যান্ডের অ্যামি জোন্স ও অস্ট্রেলিয়ার এলিস পেরি।

# অধিনায়কত্ব নয়, দল বেশি গুরুত্বপূর্ণ : বুমরা

**লিডস, ১৭ জুন :** কেন নিজেকে টেস্ট নেতৃত্বের দৌড় থেকে সরিয়ে নিয়েছিলেন, তা নিয়ে অবশেষে মুখ খুললেন জসপ্রীত বুমরা। স্কাই স্পোর্টসকে দেওয়া সাক্ষাৎকারে তিনি স্পষ্ট জানিয়েছেন, দলের কথা ভেবেই তিনি এই সিদ্ধান্ত নিয়েছিলেন। এর মধ্যে কোনও বিতর্ক নেই।

বুমরার বক্তব্য, ''রোহিত ও বিরাট অবসর নেওয়ার আগেই আইপিএল চলাকালীন আমি বিসিসিআইয়ের সঙ্গে কথা বলেছিলাম। পাঁচ টেস্টের সিরিজ খেলার ওয়ার্কলোড নিয়ে আমরা আলোচনা করেছি। আমি চিকিৎসকদের সঙ্গেও কথা বলেছিলাম, যাঁরা আমার পিঠের চোট দেখছেন। সবার সঙ্গে আলোচনার পর সিদ্ধান্তে আসি যে, আমাকে আরও সতর্কতার সঙ্গে বুদ্ধি খরচ করে খেলতে হবে।''

তিনি আরও বলেছেন, ''বোর্ড অধিনায়ক হিসাবে আমার কথা ভেবেছিল। কিন্তু আমি জানিয়ে দিয়েছিলাম, নেতৃত্বের কথা ভাবছি না। কারণ সব ক'টা টেস্ট খেলতে পারব না। যে তিনটে টেস্ট খেলবে, তাকে অধিনায়ক না করে বরং যে পাঁচটি টেস্টই খেলবে, তাকেই নেতৃত্বের দায়িত্ব দেওয়া

### ম্যাকগ্রার সঙ্গে তুলনা ব্রডের

হোক।'' বুমরার সংযোজন, ''আমার কাছে দলের স্বার্থ সবার আগে। অবশ্যই নেতৃত্ব দিতে ভালবাসি। কিন্তু তার থেকেও বেশি ভালবাসি ক্রিকেটকে। আমি দলের হয়ে নিজের সেরাটা দিতে চাই। সেটা একজন সাধারণ ক্রিকেটারের ভূমিকায় হলেও আপত্তি নেই।''

এদিকে, অস্ট্রেলীয় কিংবদন্তি গ্লেন ম্যাকগ্রার সঙ্গে বুমরার তুলনা টানলেন স্টুয়ার্ট ব্রড। তিনি বলেছেন, ''বুমরা যখন বল হাতে জগিং করার গতিতে ছুটে আসে, তখন মনে হয় ঘণ্টায় ৭০ মাইল গতিতে বল আসবে। কিন্তু সেটাই যখন ঘণ্টায় ৯০ মাইল গতিতে আছড়ে পড়ে, তখন ব্যাটাররা চমকে যেতে বাধ্য।''

ব্রড আরও বলেছেন, ''বুমরার রান আপ খুব ছোট। কিন্তু অসম্ভব মসৃণ। রান আপ ও ডেলিভারি দারুণ ছন্দময়। এমন ছন্দময় রান আপ ও ডেলিভারি একমাত্র ম্যাকগ্রাকেই করতে দেখেছি। অস্ট্রেলিয়ার বিরুদ্ধে শেষ সিরিজে বুমরা অসাধারণ বোলিং করেছিল। আমি চাই না, বুমরা ইংল্যান্ডের বিরুদ্ধে পাঁচটা টেস্টেই খেলুক। যদি খেলে, তাহলে অনেক উইকেট ঝুলিতে পুরবে।''




# গিলের নেতৃত্বে বিরাট ও রোহিতের ছায়া : বাটলার

**লন্ডন, ১৭ জুন :** রোহিত শর্মা ও বিরাট কোহলির মতো দুই মহাতারকা টেস্ট ক্রিকেট থেকে অবসরের গ্রহে চলে যাওয়ায় আসন্ন ইংল্যান্ড সিরিজে বড় পরীক্ষার মুখে নতুন অধিনায়ক শুভমন গিল। তবে বিপক্ষ দলের অন্যতম তারকা জস বাটলার ভারতের নতুন অধিনায়ককে নিয়ে আশার কথা শুনিয়েছেন। বাটলার নিজে শুভমনের নেতৃত্বে সদ্য খেলেছেন আইপিএলে। গুজরাট টাইটান্সের হয়ে খেলায় ভারতীয় তরুণের নেতৃত্ব কাছ থেকে দেখার সুযোগ পেয়েছেন। বাটলার জানিয়েছেন, গিলের নেতৃত্ব হল কোহলি ও রোহিতের মিশ্রণ।



ইংরেজ তারকা বোঝাতে চেয়েছেন, নেতা বিরাটের আগ্রাসন ও তীব্রতার সঙ্গে রোহিতের শান্ত থেকে দলকে নেতৃত্ব দেওয়ার ধরন দেখা যায় শুভমনের মধ্যে। একটি স্টুয়ার্ট ব্রডের সঙ্গে একটি পডকাস্টে বাটলার বলেন, ''গিল নিজের স্বতন্ত্রতা বজায় রাখবে বলেই মনে করি। দুই পূর্বসূরির কম্বিনেশন রয়েছে ওর মধ্যে। গিল একজন দুর্দান্ত খেলোয়াড় এবং চিত্তাকর্ষক তরুণ। বেশ শান্ত থাকে এবং মেপে কথা বলে। তীব্রতা নিয়ে মাঠে লড়াই করে এবং বেশ আবেগপ্রবণ। আমার মনে হয়, নেতা হিসেবে কোহলি ও রোহিতের মিশ্রণ হবে।'' বাটলার যোগ করেন, ''কোহলি আক্রমণাত্মক চরিত্র, যা ভারতীয় দলকে বদলে দিয়েছিল। অন্যদিকে, রোহিত একটু বেশিই শান্ত। গিলকে এতদিন কাছ থেকে দেখার পর আমার মনে হয়, সে দু'জনের মাঝখানে থাকবে। অবশ্যই দুই সিনিয়রের কাছ থেকে শিখেছে গিল। কিন্তু সে তার নিজের মতোই হবে।''